# জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in


## বিদায় ২২ গজ

সব ধরনের ক্রিকেট থেকে অবসর চেতেশ্বর পূজারার। রবিবার সকালেই সোশ্যাল মিডিয়াতে ঘোষণা করেছেন ভারতের হয়ে ১০৩টি টেস্ট এবং ৫টি একদিনের ম্যাচ খেলা সৌরাষ্ট্রের ব্যাটার



## আজ বাড়বে বৃষ্টি



কলকাতার ওপর রয়েছে মৌসুমী অক্ষরেখা। আজ কলকাতায় বৃষ্টির সম্ভাবনা বাড়বে। বজ্রবিদ্যুৎ-সহ হালকা মাঝারি বৃষ্টির ব্যাপকতা বাড়বে। বুধবার থেকে বৃষ্টি কমবে। মঙ্গলবার ভারী বৃষ্টির সম্ভাবনা নেই

## স্নাতকোত্তর পরীক্ষার দিন বদল করল বিশ্ববাংলা বিশ্ববিদ্যালয়




## স্বরূপনগর সীমান্তে গ্রেফতার বাংলাদেশের প্রাক্তন পুলিশ




বর্ষ - ২১, সংখ্যা ৯২ ● ২৫ অগাস্ট, ২০২৫ ● ৮ ভাদ্র ১৪৩২ ● সোমবার ● দাম - ৪ টাকা ● ১৬ পাতা ● Vol. 21, Issue - 92 ● JAGO BANGLA ● MONDAY ● 25 AUGUST, 2025 ● 16 Pages ● Rs-4 ● RNI NO. WBBEN/2004/14087 ● KOLKATA


# নাসায় বাঙালি বিজ্ঞানীর সাফল্যে ‘নর্থস্টার’ স্বীকৃতি



প্রতিবেদন : নাসা থেকে ভাষা, সর্বত্রই বাংলায় জয়-জয়কার। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ‘বিশ্ববাংলা’র যে কথা বারবার স্মরণ করিয়ে দেন, তার জাজ্বল্য প্রমাণ হুগলির নবগ্রামের গৌতম চট্টোপাধ্যায়। দরিদ্র পরিবারের সন্তান, স্কুল জীবনে হ্যারিকেনের আলোয় পড়াশোনা। তিনিই আজ বিশ্বের অন্যতম সেরা মহাকাশ বিজ্ঞান গবেষণা প্রতিষ্ঠানের পথপ্রদর্শকের আসনে। নাসার জেট প্রপালশন ল্যাবরেটরির উজ্জ্বল নাম বাঙালি বিজ্ঞানী ড. গৌতম চট্টোপাধ্যায়। নাসায় মহাকাশ বিজ্ঞানে অসাধারণ সাফল্যের স্বীকৃতিস্বরূপ

### জলের রং নির্ণয়ের যন্ত্র আবিষ্কার

তিনি সম্মানিত হচ্ছেন ‘নর্থস্টার’ সম্মানে।

‘নর্থস্টার’ নাসার অন্যতম শ্রেষ্ঠ সম্মান। নাসার সর্বোচ্চ স্বীকৃতিগুলির মধ্যে একটি। গৌতম চট্টোপাধ্যায় তাঁর কাজের মাধ্যমে এই সম্মান অর্জন করে নিতে চলেছেন। তিনি শুধু নতুন আবিষ্কারের পথিকৃৎ নন, অন্যদের বিজ্ঞান চর্চায় উৎসাহিত করার কাজেও অগ্রণী। তিনি এমন একটি যন্ত্র আবিষ্কার করেছেন, যা জলের রং নির্ণয় করতে পারে। ভিনগ্রহে কোনও জলের অস্তিত্ব বা প্রাণ আছে কি না, তা জানিয়ে দেবে তাঁর (এরপর ১২ পাতায়)

## দেশে এক ব্যতিক্রমী দৃষ্টান্ত

# দরিদ্রতম মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



প্রতিবেদন : দেশে কোটিপতি মুখ্যমন্ত্রীদের ভিড়ে ব্যতিক্রম শুধু একজন। তিনি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বর্তমানে দেশে সবথেকে গরিব মুখ্যমন্ত্রী তিনি। মমতা বন্দ্যোপাধ্যায় ছাড়া আর একজন মুখ্যমন্ত্রী রয়েছেন যিনি কোটিপতি নন, তিনি হলেন জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। সম্প্রতি এডিআর একটি রিপোর্ট প্রকাশ করেছে। সেই রিপোর্টেই দেখা যাচ্ছে দরিদ্রতম মুখ্যমন্ত্রী হলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর মোট সম্পদের পরিমাণ মাত্র ১৫.৩৮ লক্ষ টাকা।

জমি ও বাড়ির মতো স্থাবর সম্পত্তি তাঁর নেই। অস্থাবর সম্পত্তি হিসেবে তাঁর ব্যাঙ্ক-ব্যালেন্সও নেই। মমতা বন্দ্যোপাধ্যায়ের মোট সম্পদের পুরোটাই নগদ। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বরাবরই সাদামাটা জীবনযাপন করেন। এই জীবনটাই তাঁর পছন্দ। দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি সাতবারের সাংসদ, চারবারের কেন্দ্রীয় মন্ত্রী, পরপর তিন টার্ম মুখ্যমন্ত্রী। তিনি বেতন নেন না। সাংসদ পদের জন্য (এরপর ১২ পাতায়)




গান্ধীমূর্তির পাদদেশে জয় হিন্দ বাহিনীর ধরনায় তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক মন্ত্রী অরূপ বিশ্বাস, রাজ্য সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদার, প্রাক্তন ক্রিকেটার শরদিন্দু মুখোপাধ্যায় প্রমুখ। ছিলেন জয় হিন্দ বাহিনীর সভাপতি কার্তিক বন্দ্যোপাধ্যায়, মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় প্রমুখ। রবিবার।

## গোটা বাংলা লড়ছে ভাষাসন্ত্রাসের বিরুদ্ধে

# খেলা হবে ছাব্বিশে

প্রতিবেদন : ২৬-এ খেলা হবে। বড় খেলা হবে। রবিবার গান্ধীমূর্তির পাদদেশে ভাষাসন্ত্রাস ও বাংলাবিদ্বেষের প্রতিবাদে জয় হিন্দ বাহিনীর ধরনা মঞ্চ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও বিজেপিকে চ্যালেঞ্জ ছুঁড়ে দিলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক মন্ত্রী অরূপ বিশ্বাস। বিজেপির বিরুদ্ধে গর্জে উঠে তিনি বলেন, খেলার জন্যই তৃণমূল কংগ্রেস। ২০২৬-এ বাংলার বিধানসভা নির্বাচন। এবার বড় খেলা হবে। বাংলাকে বঞ্চনার পাশাপাশি বাঙালির আত্মসম্মান, বাংলা ভাষা নিয়ে যে খেলা শুরু করেছে বিজেপি, বাংলার মানুষ তার জবাব দেবে বিধানসভা নির্বাচনে। অরূপের সাফ কথা, বিজেপি ইতিহাস পড়েনি। ওদের জানা দরকার কীভাবে বাঙালিরা জীবন দিয়ে স্বাধীনতা ছিনিয়ে এনেছিলেন। বাঙালিরা কীভাবে দেশের সম্মানরক্ষা করেছিলেন। প্রয়োজনে ইংল্যান্ডে গিয়ে জেনে আসুন বিজেপি নেতারা। এদিন ধরনা



মদন মিত্র ও কার্তিক বন্দ্যোপাধ্যায়।

অবস্থানে বক্তব্য রাখেন মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায়, বিধায়ক সুপ্তি পাণ্ডে, মেয়র পারিষদ বৈশ্বানর চট্টোপাধ্যায়, সন্দীপ বক্সি, রাজ্য সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদার, বিধায়ক অশোক দেব, মদন মিত্র, ডেপুটি মেয়র অতীন ঘোষ প্রমুখ। ছিলেন প্রাক্তন ক্রিকেটার শরদিন্দু মুখোপাধ্যায়, জয় হিন্দ বাহিনীর সভাপতি কার্তিক বন্দ্যোপাধ্যায়, অপরূপা পোদ্দার প্রমুখ।

অরূপ বিশ্বাস বলেন, ভোটার তালিকা থেকে রাজ্যের নাগরিকদের নাম বাদ দেওয়ার চক্রান্ত করছে বিজেপি। তার জবাব বাংলার মানুষই দেবে। অরূপের চ্যালেঞ্জ, ওরা বাংলাকে যত বঞ্চিত করবে, তত গর্জে উঠবে বাংলা। যত বাঙালিবিদ্বেষ ও যত বাংলা ভাষার উপর সন্ত্রাস চালাবে তত হারবে বিজেপি। বিজেপি বাংলার ইতিহাস জানে না, স্বাধীনতার ইতিহাস জানে না। (এরপর ১২ পাতায়)

# আঠাশের সমাবেশের থিম ভাষা-সন্ত্রাস ও বাংলা-বিদ্বেষ

প্রতিবেদন : ২৮ অগাস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠাদিবসে ছাত্র-ছাত্রীদের সমাবেশে উত্তাল হবে কলকাতা। যার প্রস্তুতি চলছে জোরকদমে। পাহাড় থেকে সমতল, কোচবিহার থেকে কাকদ্বীপ—দেড় মাসের বেশি সময় ধরে টানা কয়েকশো প্রস্তুতিসভা, মিছিল করেছেন তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য। তিনি জানালেন, এবারে ২৮ অগাস্টের থিম করা হচ্ছে বিজেপির ভাষাসন্ত্রাস, বাঙালিবিদ্বেষ এবং এসআইআরকে সামনে রেখে। অবশ্যই প্রধান বক্তা নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। (এরপর ১২ পাতায়)




বসিরহাটের কাটিয়াহাট ব্লকের প্রস্তুতিসভা রবিবার বাদুড়িয়া পুরভবনে।

## দিনের কবিতা

‘জাগোবাংলা’য় শুরু হয়েছে নতুন সিরিজ—‘দিনের কবিতা’। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে একেকদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তা-ই আমাদের দিনের কবিতা।



### আবার হবে দেখা

আবার আসিব ফিরে
ভুটান পাহাড় ঘিরে,
ভালোবাসার পথ ধরে
পর্বতের শিখর জুড়ে
আমাদের হৃদয় ভরে।
আমার ভালোবাসার স্বর্গ।
রেখে দিলাম স্মৃতির ভোরে
স্বপ্নসূর্য সবুজ প্রান্তরে,
স্বপ্নসাথির সার্থকতায়
দোলায় দোলায় ছায়া মায়ায়
শান্তধারার শান্তির ছোঁয়ায়
বন্ধুত্বের নদীর ধারায়।
চিনলাম তোমায়,
দেখলাম তোমায়,
স্পর্শ করলাম
দোলা দিলাম
ভালো বাসলাম,
তুমিও বাসলে।
ধন্য তোমাদের আতিথেয়তা
পূর্ণ তোমাদের মহাত্মতা
সাথি তোমাদের একাগ্রতা
রূপের পাহাড় রূপবারতা
সবুজে সুফলে জীবনযাত্রা।
আবার হবে দেখা
হবে অনেক শেখা,
হাঁটব রাস্তা ধরে
ভুটান জানব নূতন করে।

# ডুরান্ডে রানার্স আপ বার্তা অভিষেকের



ডুরান্ডে রানার্স আপ হয়ে বাংলার মানুষকে অভিনন্দন জানালেন ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোশ্যাল মিডিয়ায় লিখলেন, এবার হেরে গেলেও এখানেই শেষ নয়। এটা শুরু। আপনাদের ভালবাসাই আরও সাফল্য এনে দেবে। অভিনন্দন জানিয়েছেন চ্যাম্পিয়ন নর্থইস্টকেও। (বিস্তারিত ভিতরে)

২
২৫ অগাস্ট
২০২৫
সোমবার

# নানা রকম

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

25 August, 2025 • Monday • Page 2 || Website - www.jagobangla.in

## তারিখ অভিধান

### ১৯৩০

**শন কনরি** (১৯৩০-২০২০) এদিন স্কটল্যান্ডের এডিনবরায় জন্মগ্রহণ করেন। আসল নাম ছিল টমাস কনরি। কাল্পনিক গুপ্তচর চরিত্র জেমস বন্ডের ভূমিকায় তিনিই প্রথম অভিনয় করেন। ০০৭-এর চরিত্রে সাতটি ছবিতে তাঁর অভিনয় সাড়া ফেলে দেয়। এ ছাড়া আর যে সমস্ত উল্লেখযোগ্য ছবিতে তিনি অভিনয় করেছেন সেগুলোর মধ্যে আছে 'ইন্ডিয়ানা জোন্স অ্যান্ড দ্য লাস্ট ক্রুসেড', 'দ্য নেম অফ দ্য রোজ', 'দি আনটাচেবলস', 'দ্য হান্ট ফর রেড অক্টোবর' ইত্যাদি। অস্কার পেয়েছেন একবার, গোল্ডেন গ্লোব তিনবার। ২০০০ সালে তাঁকে নাইট উপাধি দেওয়া হয়।



### ২০০৭

**তারাপদ রায়** (১৯৩৬-২০০৭) এদিন মারা যান। কবি, লেখক, ছোট-গল্পকার, প্রবন্ধকার। রম্য লেখক হিসেবে জনপ্রিয়। বিশ শতকের ষাটের দশকে যখন বেশ কিছু তরুণ বাংলা সাহিত্য, কবিতাকে নিয়ে স্বপ্ন দেখছে, তখন সেই স্বপ্নের নদীতে ভিড়েছিলেন তিনিও। সুনীল, শক্তি, শরৎকুমার, সন্দীপনের সঙ্গে শুরু হয় উত্তালযাপন। আর সেসব হুল্লোড়ের অন্যতম আকর্ষণ ছিলেন তারাপদ রায় নিজে। যেমন গলার স্বর, তেমন তাঁর গল্পের ভাঁড়ার। একটা সময় তারাপদ রায়ের বাড়িতেই বসত বন্ধুদের আড্ডার আসর। আড্ডাচ্ছলে কাটতে কাটতেই প্রকাশিত হয়েছিল তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'তোমার প্রতিমা'। আক্ষেপ একটাই, কৃত্তিবাসের সমসাময়িক বিখ্যাত বন্ধুদের কাছে কবি হিসেবে সেরকম জায়গা করে নিতে পারেননি। লিখেছিলেন, 'আমার বিখ্যাত, উজ্জ্বল বন্ধুদের, তাদের বর্ণময় জীবনযাত্রাকে আমি ঈর্ষা করি।'



### ১৮৯৩

**সত্যপ্রিয় বন্দ্যোপাধ্যায়** (১৮৯৩-১৯৫৭) এদিন জন্মগ্রহণ করেন। বার্লিনে গিয়েছিলেন আইনের পাঠ নিতে। দেশে ফিরে স্বাধীনতা সংগ্রামে অংশ নেন। ১৯৫২ সালের বিধানসভা নির্বাচনে বিধানচন্দ্র রায়ের কাছে হেরে যান। ওই বছরই তিনি রাজ্যসভার সাংসদ নির্বাচিত হন। ১৯৫৪ সালে ফরওয়ার্ড ব্লক থেকে বহিষ্কৃত হওয়ার পর মার্কসবাদী ফরওয়ার্ড ব্লক গঠন করেন।

### ১৯৫৮



**মোমোফুকু আন্দো** (১৯১০-২০০৭) এদিন প্রথম বাজারে ইনস্ট্যান্ট নুডল নিয়ে এলেন। সেটাই ছিল বিশ্বের বাজারে প্রথম প্যাকেটজাত প্রি-কুকড রন্ধন সামগ্রী। তিনিই 'টপ রেমন' ও 'কাপ নুডলস'র আবিষ্কর্তা এবং নিসিন ফুড প্রোডাক্ট কোম্পানির প্রতিষ্ঠাতা। যখন ইনস্ট্যান্ট নুডলস বাজারে এনেছিলেন তখন তাঁর বয়স ছিল ৪৮, আর যখন কাপ নুডলস আবিষ্কার করেন তখন তাঁর বয়স ৬১।

### ১৯৬৮

**আর্থার অ্যাশ** (১৯৪৩-১৯৯৩) প্রথম আফ্রিকান-আমেরিকান যিনি এদিন ইউএস ওপেন টেনিস জেতেন। তিনিই প্রথম কৃষ্ণাঙ্গ, যিনি উইম্বলডন ও অস্ট্রেলিয়া ওপেন জিতেছিলেন। হার্টে বাইপাস সার্জারির সময় দেওয়া রক্তের কারণে তিনি মারণ রোগ এডসের শিকার হন। শেষ জীবনে এই ভয়ঙ্কর ব্যাধির বিষয়ে জনসচেতনতা বাড়াতে উদ্যোগী হয়েছিলেন।



### ১৯৪৪

**প্যারিস** এদিন চারবছর নাৎসি বাহিনীর অত্যাচার সহ্য করার পর মুক্তিলাভ করে। জেনারেল জ্যাকুইস ফিলিপ্পি লেক্লারকের নেতৃত্বে এদিন মিত্র শক্তির সেনা পারী নগরীতে প্রবেশ করে। এর দু'মাস আগে আমেরিকা, ব্রিটেন ও কানাডার সেনাবাহিনী পাঁচটি পৃথক সেনা অভিযানের মাধ্যমে ফ্রান্সকে জার্মানির কবল থেকে মুক্ত করার কাজে নেমেছিল।



### ২০১২

**নিল আর্মস্ট্রং** (১৯৩০-২০১২) এদিন প্রয়াত হন। তিনিই প্রথম মানুষ, যিনি চাঁদের মাটিতে পা রেখেছিলেন। বলেছিলেন, একজন ব্যক্তির এই ছোট্ট লাফ মানবজাতির পক্ষে আসলে বিরাট একটা লাফ।

### ১৮৭৫

**ক্যাপ্টেন ম্যাথিউ ওয়েব** এদিন (১৮৪৮-১৮৮৩) কোনওরকম কৃত্রিম সাহায্য ছাড়াই ইংলিশ চ্যানেল পাড়ি দেন। তিনিই প্রথম সাঁতারু, যিনি এই বিরল কৃতিত্বের অধিকারী হন। ইংলিশ চ্যানেল পার করতে তাঁর সময় লেগেছিল ২১ ঘণ্টা ৪৫ মিনিট। নায়াগ্রা জলপ্রপাতের নিচে জলের ঘূর্ণিতে সাঁতার কাটতে গিয়ে তাঁর মৃত্যু হয়।



## নজরকাড়া ইনস্টা



■ দেব



■ জন আব্রাহাম



■ প্রসেনজিৎ চট্টোপাধ্যায়

## পার্টির কর্মসূচি



২৮ অগাস্ট তৃণমূল ছাত্র পরিষদের আসন্ন প্রতিষ্ঠাদিবসকে সামনে রেখে চন্দননগর ডুপ্লেক্স কলেজ, খলিশানি কলেজ ও চন্দননগর শহর তৃণমূল ছাত্র পরিষদের যৌথ প্রস্তুতিসভায় উপস্থিত জেলা সভাপতি শুভদীপ মুখোপাধ্যায়-সহ নেতৃত্ব।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

..................................

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

## শব্দবাংলা-১৪৮৪

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ■ | ■ | ২ | | ৩ | | ৪ |
| ৫ | | | | ■ | | ■ | |
| | ■ | ■ | ৬ | | | ■ | |
| ৭ | | ৮ | | ■ | | ■ | ■ |
| ■ | ■ | | ■ | ৯ | | | ১০ |
| ১১ | ■ | ১২ | | | ■ | ■ | |
| | ■ | | ■ | ১৩ | | | |
| ১৪ | | | | | ■ | ■ | |

**পাশাপাশি :** ২. ফোটোগ্রাফ ৫. আয় বুঝে ব্যয় ৬. আহ্বান ৭. অতি অস্থির বা উৎকণ্ঠিত ৯. তরোয়ালের ধারা ১২. দুর্দশা, দুরবস্থা ১৩. অগ্নি ১৪. জননীস্বরূপা ভারতভূমি।

**উপর-নিচ :** ১. বল্মীক, উই ঢিবি ২. ঘনমান ৩. যার বয়স অল্প ৪. লজ্জিত ৮. উঁচু জাতি ও নীচু জাতি ৯. আলসেমি ১০. গুল্মজাতীয় ছোট গাছবিশেষ ১১. প্রভা, দীপ্তি।

■ শুভজ্যোতি রায়

**সমাধান ১৪৮৩ : পাশাপাশি :** ১.অম্বুদ ৩. পট্টনিক ৫. জলবিভাজিকা ৭. শারদ ৮. তরস ১০. অবনীমণ্ডল ১২. মহালয়া ১৩. নাচন। **উপর-নিচ:** ১. অমানিশা ২. দনুজদলনী ৩. পরবি ৪. কলকা ৬. ভারতললনা ৯. সনাতন ১০. অক্রম ১১. মরিয়া।

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়
• সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত।
সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY
Owned by ALL INDIA TRINAMOOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072
Regd. No. WBBEN/2004/14087
• Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

আমার শহর

25 August, 2025 • Monday • Page 3 || Website - www.jagobangla.in

৩
২৫ অগাস্ট ২০২৫
সোমবার




# ভাষাসন্ত্রাসের বিরুদ্ধে গান্ধীমূর্তির নিচে জয় হিন্দ বাহিনীর প্রতিবাদ-ধরনা













## আজ আদিবাসী উন্নয়নে বৈঠক

**প্রতিবেদন :** আজ সোমবার নবান্নে ওয়েস্ট বেঙ্গল ট্রাইবস অ্যাডভাইজারি কাউন্সিলের বৈঠক। কাউন্সিলের চেয়ারপার্সন স্বয়ং মুখ্যমন্ত্রী। আদিবাসী সমাজের উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে। এই বৈঠকে সৌজন্যের নজির দেখিয়ে আমন্ত্রণ জানানো হয়েছে বিজেপির প্রতিনিধিদেরও। উন্নয়নের প্রশ্নে বাংলার সরকার যে কোনও রকমের রাজনীতি করে না, তা আর একবার প্রমাণিত হল আমন্ত্রণের ঘটনায়।

## ১ কোটি শাড়ি কিনছে রাজ্য

**প্রতিবেদন :** পুজোর আগেই ১ কোটি তাঁতের শাড়ি কিনছে রাজ্য। তাঁতসাথী প্রকল্পে তৈরি হচ্ছে হ্যান্ডলুম শাড়ি। ৬টি ক্যাম্প থেকে মোট এই শাড়ি কেনা হবে বলে তন্তুজ সূত্রে খবর। মন্ত্রী স্বপন দেবনাথ জানাচ্ছেন, মোট ১০ কোটি কেনার কথা রয়েছে। এই মুহূর্তে তন্তুজের বাংলা জুড়ে শোরুম রয়েছে ৬৪টি। সেখানেই হস্ত চালিত যন্ত্রে তৈরি এই শাড়ি পাওয়া যাবে।

# গুরু গ্রন্থসাহিবের প্রকাশ পুরবে শুভেচ্ছা মুখ্যমন্ত্রীর



**প্রতিবেদন :** শ্রী গুরু গ্রন্থসাহিবজি'র প্রকাশ পুরব উপলক্ষে রবিবার শিখ সম্প্রদায়ের জন্য এক অত্যন্ত পবিত্র ও গুরুত্বপূর্ণ দিন। সেই উপলক্ষে রাজ্যের সমস্ত শিখ সম্প্রদায়ভুক্ত মানুষকে শুভেচ্ছা জানালেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন সমাজমাধ্যমে মুখ্যমন্ত্রী লিখেছেন, গুরু গ্রন্থসাহিব জি'র প্রকাশ পুরবের এই পবিত্র ও ধর্মীয় সমারোহপূর্ণ দিন উপলক্ষে আমি আমার সকল শিখ ভাই ও বোনদের প্রতি আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। শ্রী গুরু গ্রন্থসাহিব জি'র আধ্যাত্মিক ও নৈতিক শিক্ষা আমাদের পথকে আলোকিত করে চলেছে, যা সমতা ও ভ্রাতৃত্বের মূল্যবোধকে গুরুত্ব দেয়। শিখদের সাহসী ও সহানুভূতিশীল মানবতাবাদী দর্শন রবীন্দ্রনাথ ঠাকুর এবং আমাদের নবজাগরণের ব্যক্তিত্বদের অনুপ্রাণিত করেছে। এবং আজও আমাদের অনুপ্রাণিত করে। আমাদের মধ্যে সেই দর্শন অন্তর্গত হয়েছে এবং গুরুদ্বারে আমার শ্রদ্ধাপূর্ণ পরিদর্শন শুধুমাত্র সেই ঐতিহ্যকেই প্রতিনিধিত্ব করে।

# ঠাকুরবাড়ি করায়ত্ত করতে চান বিজেপি সাংসদ, স্বার্থের সংঘাত

**সংবাদদাতা, বনগাঁ :** বিজেপির মধ্যে ঝগড়া ও স্বার্থের লড়াই শুরু হয়েছে বনগাঁর ঠাকুরনগরে। মতুয়া সমাজের প্রভূত উন্নয়ন করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তারপরও মিথ্যাচার করে জটিলতা তৈরি করেছে বিজেপি। কিছু মানুষকে অল্পদিনের জন্য ভুল বুঝিয়ে রাখা যায়, কিন্তু সব মানুষকে চিরদিনের জন্য ভুল বুঝিয়ে রাখা যায় না। সেটাই দেখা গেল মতুয়া ঠাকুরবাড়িতে।

বিজেপি সাংসদ কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুরের বিরুদ্ধে ভয়ঙ্কর অভিযোগ আনলেন তাঁরই গর্ভধারিণী মা ও বড় দাদা। ঠাকুরবাড়ি করায়ত্ত করতে চাইছে বনগাঁর বিজেপি সাংসদ শান্তনু ঠাকুর। সাংবাদিক বৈঠক করে মা ছবিরানি ঠাকুর ও দাদা গাইঘাটার বিজেপি বিধায়ক সুব্রত ঠাকুরের অভিযোগ, নিজের স্বার্থসিদ্ধির জন্য মাকেও হেনস্থা করতে ছাড়ছেন না শান্তনু। এই অবস্থায় তৃণমূলের রাজ্যসভার সাংসদ মমতা ঠাকুর তাঁদের পাশে দাঁড়িয়েছেন। তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক তথা মুখপাত্র কুণাল ঘোষ বলেন, ঠাকুরবাড়ির অভিভাবক মমতাবালা ঠাকুর। বড়মার পর তাঁকে সবাই মানে। ফলে তাঁর সঙ্গে বাড়ির অন্যান্য সদস্যদের যোগাযোগ থাকবে এটাই স্বাভাবিক। অভিযোগ, বিজেপি সাংসদ শান্তনু ঠাকুর এখন মা, দাদা কাউকেই মানছেন না। ঠাকুরবাড়ির প্রাক্তনীদের আন্দোলন, সংগ্রামের কথা কিছুই মানতে চাইছেন না। ঠাকুরবাড়ির ঐতিহ্যকেও অস্বীকার করতে চাইছেন। এতদিন বনগাঁর মানুষ তাঁর বিরুদ্ধে অভিযোগ করত, এখন নিজের মা ও দাদাও একই অভিযোগ হানলেন।

# ১ সেপ্টেম্বর থেকে আবেদন জমা শুরু

**স্পেশাল এডুকেটর**

**প্রতিবেদন:** রাজ্যে প্রাথমিক স্কুলগুলিতে বিশেষভাবে সক্ষম পড়ুয়াদের জন্য স্পেশাল এডুকেটর নিয়োগের কথা আগেই জানিয়েছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। এবার জানা গেল শূন্যপদের সংখ্যা ও কবে থেকে আবেদন করা যাবে সেই বিষয়টি। ১৯৪১টি পদ শূন্য রয়েছে স্পেশাল এডুকেটরের জন্য। ৩১ অগাস্টের মধ্যে সংশ্লিষ্ট বোর্ড তাদের ওয়েবসাইটে এই পদে আবেদনের জন্য কী কী বৈশিষ্ট্য প্রয়োজন তা বিস্তারিত আপলোড করবে। তবে যাঁরা আগের টেট পরীক্ষা পাশ করেছেন তাঁদের জন্য বিশেষ অপশন থাকবে বলে জানা গিয়েছে। ১ সেপ্টেম্বর বিকেল পাঁচটা থেকে ২৪ সেপ্টেম্বর বিকেল পাঁচটা পর্যন্ত আবেদন করা যাবে। আবেদনের জন্য টাকা জমা দেওয়ার শেষ সময় ২৪ সেপ্টেম্বর রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। টেট পরীক্ষায় আশি শতাংশ নম্বর পেতেই হবে আবেদনকারীদের, এছাড়াও 'রিহ্যাবিলিটেশনস কাউন্সিল অফ ইন্ডিয়া' অনুমোদিত কোনও প্রতিষ্ঠান থেকে ডিগ্রি থাকতে হবে। চুক্তিভিত্তিক স্পেশ্যাল এডুকেটর-এর জন্য ১০ শতাংশ আসন সংরক্ষণের উল্লেখ রয়েছে। যে সমস্ত প্রার্থী সমগ্র শিক্ষা মিশনের অধীনে স্পেশ্যাল এডুকেটর হিসেবে কাজ করছেন, তাঁরা ৫৫ বছর বয়স পর্যন্ত পরীক্ষা দিতে পারবেন।



■ নিউ ব্যারাকপুরে টিএমসিপির মিছিল। রয়েছেন সুদীপ রাহা, কোহিনুর মজুমদার, বাণীব্রত চক্রবর্তী-সহ অন্যরা।

# গণধর্ষণের ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা প্রশাসনের

**প্রতিবেদন :** সিপিএমের কেরলে গণধর্ষণের শিকার মহেশতলার পরিযায়ী শ্রমিক-তরুণী। কিন্তু ঘটনার তিনদিন পেরিয়ে যাওয়ার পরও গোটা বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে কেরল পুলিশ। সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে ইতিমধ্যেই কেরলের কোঝিকোডে পৌঁছে গিয়েছেন ৬ সদস্যের তৃণমূল প্রতিনিধি দল। কিন্তু সেখানে হাসপাতাল থেকে শুরু করে



থানা, সর্বত্র হেনস্থার শিকার হতে হয়েছে মহেশতলা পুরসভার কাউন্সিলর দীপিকা মণ্ডল-সহ তৃণমূলের প্রতিনিধি দলকে। হাসপাতালে নির্যাতিতা কিশোরীর সঙ্গে দেখা করতে গেলেও তাঁদের হেনস্থা করা হয়। শেষপর্যন্ত প্রতিনিধি দলে থাকা রাজ্য পুলিশের এসআই কুলদীপ সরকারের প্রচেষ্টায় মাত্র এক মিনিটের জন্য কাউন্সিলর দীপিকা মণ্ডলকে নির্যাতিতার সঙ্গে দেখা করতে দেয় হাসপাতাল কর্তৃপক্ষ। গণধর্ষণের অভিযোগের তদন্তের অগ্রগতি সম্পর্কে জানতে থানায় গেলে সেখানেও তৃণমূলের প্রতিনিধি দলের সঙ্গে কোনও সহযোগিতা করা হয়নি। ৪৮ ঘণ্টার মধ্যে মূল অভিযুক্তকে গ্রেফতারের কথা বললেও তিনদিন পরও অধরা মূল অভিযুক্ত। দলের সদস্য মিঠু আলি মোল্লা জানিয়েছেন, মাত্র একজনকেই ধরেছে কেরল পুলিশ। কিন্তু তাকে আটক করা হয়েছে না গ্রেফতার করা হয়েছে, তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। কেরলের পুলিশ প্রশাসন বিষয়টিকে ধামাচাপা দিতে জোর চেষ্টা চালাচ্ছে।

# সম্পাদকীয়

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

## শঙ্কা

বাঙালিবিদ্বেষ বিজেপি শাসিত রাজ্যগুলিতে যেভাবে বেড়েছে তাতে পুজোর আগে বেশ কিছুটা আতঙ্কের মধ্যে ঢাকি থেকে শুরু করে বিভিন্ন কর্মীরা। যাঁরা মূলত রাজ্যের বাইরে পুজোর জন্য ডাক পান, তাঁদের মনে নানা চিন্তা ভিড় করছে। দিল্লি, মুম্বই, অসম তো যাওয়াই হয়। কিন্তু এবার বায়না হয়ে যাওয়ার পরেও আশঙ্কার কালো মেঘ। অধিকাংশ পরিযায়ী শ্রমিকদের মুখ্যমন্ত্রী রাজ্যে ফিরিয়ে এনেছেন। তাঁদের জন্য বিকল্প প্রকল্পের ঘোষণাও করেছেন। ফলে অধিকাংশই মানসিকভাবে অনেকটাই নিশ্চিন্ত। কিন্তু যেখানে কথা দিয়ে রাখা হয়েছে, যেখানে আগাম বায়না হয়ে গিয়েছে সেখানে কী করবেন এই সমস্ত শিল্পীরা। রাজ্যের বাইরে মহিলা ঢাকিদেরও ভালই চাহিদা। কিন্তু এ-বছরটা যে অন্য পাঁচটা বছরের মতো নয়, তা বুঝতে পারছেন উত্তর ২৪ পরগনার অশোকনগর, মুর্শিদাবাদের হরিহরপাড়া, পূর্ব মেদিনীপুরের পটাশপুর কিংবা উত্তরবঙ্গের জলপাইগুড়ির ঢাকিরা। তাঁরা সকলেই প্রস্তুত কিন্তু আতঙ্কিত। দোলাচলের মধ্যে রয়েছেন। প্রত্যেকেরই বক্তব্য, দেশের পরিস্থিতিটা তছনছ করে দিল বিজেপি সরকার। শান্তি-সৌহার্দ এবং উৎসবে একে অন্যের পাশে দাঁড়ানো— এই ঐতিহ্যটাই কোথায় যেন হারিয়ে যাওয়ার শঙ্কা। এই বিজেপিকে দেশের মানুষ কিছুতেই মাফ করবে না।




### ঠাকুরবাড়িতে বিরোধ কেন?

পদ্ম বনে এখন নাকি ভয়ানক গোলমাল চলছে! ধর্মীয় শংসাপত্র বিলি ঘিরে তুলকালাম বনগাঁর ঠাকুরবাড়িতে। বিজেপি সাংসদ বনাম বিজেপি বিধায়কের দ্বন্দ্বে গেরুয়া শিবির নাকি টলমল। মতুয়া মহা সংঘাধিপতি তথা বিজেপি বিধায়ক সুব্রত ঠাকুর। অল ইন্ডিয়া মতুয়া মহা সংঘাধিপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। বিবাদের জেরে তুঙ্গে জল্পনা! বিজেপি নেতাদের তো মানুষের প্রতি কোনও দায়বদ্ধতা নেই। মানুষের কথা ভাবার সময় নেই। তাঁদের শুধু চিন্তা ব্যক্তিস্বার্থ আর ক্ষমতা দখল নিয়ে। তাই মানুষের মধ্যে বিভ্রান্তি ছড়াচ্ছেন তাঁরা। সুব্রত ঠাকুর ও শান্তনু ঠাকুর দু'জনই আলাদা করে শংসাপত্র দিচ্ছেন। শনিবার শান্তনু শিবির নাটমন্দিরে বিশেষ ক্যাম্পের আয়োজন করে। আপত্তি জানান সুব্রত। শান্তনুর অভিযোগ, ক্যাম্পে গিয়ে উপস্থিত মতুয়া ভক্তদের হুমকি দেন বিজেপি বিধায়ক। সুব্রতর দাবি, নাটমন্দিরে বিভিন্ন অনুষ্ঠান হয়। সেখানে ক্যাম্প করলে অসুবিধা হবে। তাই ওদের সরে যেতে বলেন তিনি। সুব্রত অভিযোগ, ক্ষমতা কুক্ষিগত করে মতুয়া ঠাকুরবাড়িতে দালালরাজ চালাচ্ছেন শান্তনু। সবচেয়ে লক্ষ করার বিষয়, শান্তনু ঠাকুরের মা ছবিরানি ঠাকুরের অভিযোগ। তিনি বলছেন, তাঁর ছেলে শান্তনুর নেতৃত্বে কিছু লোক ঠাকুরবাড়ির পরিবেশ নষ্ট করছে। সুব্রতর সাফ কথা, তাঁর কাছে আগে পরিবার। তারপরে রাজনীতি। মাকে নিয়ে তিনি তাঁর জেঠিমা ও বোনের সঙ্গে বৈঠক করেছেন। সব মিলিয়ে, পদ্ম কুলের ঘরোয়া কোন্দল একেবারে প্রকাশ্যে। — **সুভাষ বিশ্বাস, কল্যাণী, নদিয়া**

### মোদির বেসরকারীকরণের ঠ্যালায়...

বেসরকারি হলে পরিষেবা ভাল হবে! এমনই যুক্তি মোদি সরকারের। তাই তো গত এক দশকে রীতিমতো টার্গেট ঘোষণা করে শুরু হয়েছে 'অ্যাসেট মানিটাইজেশন'। ব্যাঙ্ক, বিমা, বন্দর, বিমানবন্দর থেকে বিমান সংস্থা— কোনও কিছুই বাদ যাচ্ছে না। কখনও সরাসরি কেন্দ্রীয় সরকারি সংস্থা, কখনও তার শেয়ার বিক্রি করে দেওয়া হচ্ছে। আর সেই বেসরকারীকরণের ফল মিলেছে হাতে নাতে! কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থাগুলিতে চলেছে ব্যাপক হারে কর্মী ছাঁটাই। ফলে গত পাঁচ বছরে এক ধাক্কায় গোটা সেক্টরে 'বেকার' হয়ে পড়েছেন লক্ষাধিক স্থায়ী কর্মী। মোদি সরকার নিজেরাই জানিয়েছে, ২০১৯-২০ আর্থিক বছরে রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে মোট স্থায়ী কর্মীর সংখ্যা ছিল ৯ লক্ষ ২০ হাজার। বেসরকারীকরণের ফলে কমে ২০২৩-২৪ অর্থবর্ষে এসে দাঁড়িয়েছে ৮ লক্ষ ১২ হাজারে। অর্থাৎ, চাকরি হারিয়েছেন মোট ১ লক্ষ ৮ হাজার কেন্দ্রীয় সরকারি কর্মী। অপূর্ব! শুধু সাধারণ অসংরক্ষিত ক্যাটিগরি নয়, তফসিলি জাতি ও উপজাতিভুক্ত সম্প্রদায়ের স্থায়ী কর্মীর সংখ্যাও কমেছে রাষ্ট্রায়ত্ত শিল্পে। — **প্রশান্ত চট্টোপাধ্যায়, বরফকল, কলকাতা**

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagabangla@gmail.com / editorial@jagobangla.in

# ভোট চোরদের সরকার আর নেই দরকার

ভোট চোর ফ্যাসিস্ট মোদি সরকারের বিরুদ্ধে জনগর্জন এখন দেশের কোনায় কোনায়। প্রজ্বলন্ত প্রহর অপেক্ষমাণ কখন মোদির বিদায় পর্ব সমাধা হবে। সম্ভবায়িত আগামী তির তির করে কাঁপছে। লিখছেন **পার্থ সারথি গুহ**

বাদল অধিবেশনের শেষ লগ্নে আচমকাই ১৩০তম সংবিধান সংশোধনীর নামে যে অগণতান্ত্রিক ও স্বৈরাচারী কালা বিল এনেছে মোদি সরকার তার তীব্র বিরোধিতা করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়-সহ বিজেপিবিরোধী রাজনৈতিক দলগুলি। যার মধ্যে অগ্রণী অতিঅবশ্যই কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী এবং তৃণমূল সাংসদ তথা ভারতীয় রাজনীতির তরুণ তুর্কি অভিষেক বন্দ্যোপাধ্যায়। জননেত্রীর নির্দেশে বাংলায় লেখায় প্ল্যাকার্ড সম্বলিত বিক্ষোভ-প্রতিবাদে শামিল হয়েছেন তৃণমূল সাংসদরা।

কংগ্রেস-সহ অন্যান্য বিজেপিবিরোধী দলগুলির প্রতিবাদেও দিল্লির আকাশ-বাতাস মুখরিত। স্বৈরাচারী ফ্যাসিস্ট ভোট চোরের তকমা পাওয়া মোদি সরকারের বিরুদ্ধে সারা দেশ উত্তাল হয়ে উঠেছে।

মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছেন, বিহার এবং পশ্চিমবঙ্গে নির্বাচন কমিশনকে ঠুঁটো জগন্নাথ বানিয়ে যে অগণতান্ত্রিক এসআইআর চাপিয়ে দিতে চাইছে মোদি সরকার তীব্র ক্ষোভের মুখে সেদিক থেকে নজর ঘোরাতে এই কালা বিল এনেছে বিজেপি।

মণ্ডল-কমণ্ডলুর জমানায় রাজীব গান্ধীকে যে বোফর্স গান্ধী বদনাম করা হয়েছিল তাতে বিজেপি তথা রাম এবং সিপিএম নেতৃত্বাধীন বাম প্রধান ভূমিকা নিয়েছিল। মাঝে ছিল বিশ্বনাথ প্রতাপ সিংহের জনতা দল। রাজীব গান্ধীর অপমান আজ বিজেপি-আরএসএসের দিকে ব্যুমেরাং হয়ে ফেরাচ্ছেন বর্তমানে লোকসভায় বিরোধী নেতা। সর্বতোভাবে সহায়তা করছেন সেসময়ে রাজীবের অত্যন্ত স্নেহধন্যা বাংলার অগ্নিকন্যা মমতা বন্দ্যোপাধ্যায়। এও যেন ইতিহাসের এক চরম সন্ধিক্ষণ।

নেই কাজ তো খই ভাজের মতো হঠাৎ ৫০ বছর আগেকার জরুরি অবস্থা নিয়ে প্রোপাগান্ডা শুরু করেছিল কেন্দ্রের বিজেপি থুড়ি এনডিএ সরকার। হাবভাবটা এমন যেন ওরা ধোয়া তুলসীপাতা। বাকি সবাই বোকাহাবা।


আর কী কাণ্ড! ক'দিন যেতে না যেতেই দেখা গেল সাধু সাজা বিজেপি বকধার্মিকে পরিণত হয়েছে। হাতেনাতে ধরা পড়ে গিয়েছে বিজেপির ভোটচুরি। অবশ্য, ইভিএমের জারিজুরির বিরুদ্ধে প্রতিবাদ করে অনেকদিন ধরেই সোচ্চার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও মোদি-শাহের নেতৃত্বাধীন ইভিএম কেলেঙ্কারির বিরুদ্ধে বারংবার প্রতিবাদ করেছেন। ইভিএমের পরিবর্তে ব্যালট ফেরানোর দাবি তুলেছেন তিনি। সেই দাবিতেই সিলমোহর দিয়ে বর্তমান কংগ্রেস নেতৃত্ব রীতিমতো প্রেজেন্টেশনের মাধ্যমে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন মো-শা'র বিজেপি কীভাবে ভোট চুরি করেছে।

পরিসংখ্যানে স্পষ্ট, ভোটচুরি ছাড়া কোনওভাবেই ২০২৪-এ দিল্লির কুর্সিতে বসতে পারত না বিজেপি। দুধে জল মেশানো এমন পর্যায়ে পৌঁছে গিয়েছে যে দুধের 'দ' টুকু খুঁজে পাওয়া যাচ্ছে না। এটাই হল ভোট চোর বিজেপির গণতন্ত্র।

এভাবেই বছরের পর বছর ধরে দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের বিরুদ্ধাচারণকে অস্বীকার করে গদি আঁকড়ে রেখেছে বিজেপি।

সেদিক থেকে ভোট চোর মোদির কোনওভাবে প্রধানমন্ত্রী থাকার অধিকার নেই। নৈতিকভাবে তিনি কুর্সিতে বসার যোগ্যতা হারিয়েছেন। একইভাবে তাঁর মন্ত্রিসভাও অবৈধ। তৃণমূল সাংসদ তথা সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তা নিয়েও সরব হয়েছেন। মোদি সরকারের দিকে চ্যালেঞ্জ ছুঁড়ে তিনি বলেছেন, ভোট চুরির দায় ঝেরে ফেলতে হিম্মত থাকলে লোকসভা বাতিল নতুন করে জনাদেশ নিক বিজেপি। বস্তুত, মোদিজি এবং তাঁর চল্লিশ চোরের স্যাঙাত এবার ঘরে-বাইরে চারদিক থেকে চাপে পড়েছে। ঠ্যালার নাম বাবাজি কাকে বলে বাপরে বাপ বলে মালুম পড়ছে ৫৬ ইঞ্চির। গণতন্ত্রের ষষ্ঠীপুজো করতে গিয়ে আজ ফ্যাসিবাদী হিটলারের প্রতীক হয়ে উঠেছেন নরেন্দ্র মোদি। সঙ্গে দোসর মুসোলিনি ওরফে অমিত শাহ। ভোটচুরির অভিযোগ তামাম ভারতবাসী যেভাবে বিশ্বাস করতে আরম্ভ করেছেন তাতে প্রমাদ গুনছেন মো-শাহ। কথায় বলে না, পাপ বাপকেও ছাড়ে না। এবার সেই পাপাগ্নি ছুঁতে চলেছে দিল্লির দানবদের। বস্তুত, এদেশের ইতিহাসে যা কোনওদিন ঘটেনি অর্থাৎ গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে অভ্যুত্থান মো-শা'র বিরুদ্ধে সাধারণ ভারতবাসীর ক্ষোভ এমন পর্যায়ে পৌঁছেছে যে এদের পরিস্থিতি না রোমানিয়ার স্বৈরাচারী চেসেস্কুর মতো হয়। এনিয়েও প্রশ্ন উঠছে ওয়াকিবহাল মহলে। তবে ভারত যেহেতু গণতন্ত্রে বিশ্বাসী সেক্ষেত্রে পরিস্থিতি চরমে চলে যাওয়ার আগে একটা হিল্লে নিশ্চয়ই হবে। তবে তাতে যেনতেন মূল্যে বিদায় নিতে হবে ভোট চোর মোদি অ্যান্ড হিজ টিমকে। এমনিতেই সম্পূর্ণ সংখ্যাগরিষ্ঠতা পায়নি মোদি সরকার। অন্ধ্রের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু এবং বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার নামক দুটি ক্রাচে ভর দিয়ে তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হয়েছেন মোদি। স্ট্যাটিসস্টিক্স বলছে, এনডিএ-র ভোট প্রাপ্তির হার মাত্র ৪৫ শতাংশ। আর বিজেপির ভোট প্রাপ্তির হিসেব ধরলে সংখ্যাটা আরও অনেকটাই কম।

অর্থাৎ দেশের মানুষের একটা বড় অংশ বিজেপির বিরুদ্ধে ভোট দিয়েছে। পুরোপুরি অনৈতিকভাবে সরকার গড়েছেন মোদি। তার ওপর বিরোধীদের সাম্প্রতিক অভিযোগের সদুত্তর দিতে না পেরে বিজেপি সরকার নিজের অবৈধতার কফিনে শেষ পেরেকটা নিজেই ঠুকেছে। তাছাড়া চন্দ্রবাবু নাইডু এবং 'পাল্টুরাম' নীতীশ কুমারের ট্র্যাক রেকর্ড বলছে তাঁরা ঘন ঘন শিবির পাল্টেছেন। সেদিক থেকে দুটো সম্ভাবনা। প্রথমত, মোদি সরকারের পতন এবং দেশে অন্তর্বর্তী অকাল লোকসভা ভোট। নচেৎ ইন্ডিয়া জোটের সরকার। দুটো সম্ভাবনাই প্রবল। তবে এটা দিনের আলোর মতো পরিষ্কার, মোদিবাবুদের বিদায় আসন্ন। এমনকী ৭৫ বছর হয়ে গেলে প্রধানমন্ত্রীর কুর্সি যে ছাড়তে হবে এই সংক্রান্ত কঠোরবাণীও শুনিয়ে রেখেছে বিজেপির ধারক-বাহক গডফাদার বলে পরিচিত আরএসএস। যদিও আরএসএস-বিজেপির তু তু মে মে নিয়ে দেশের মানুষের কোনও কৌতূহল নেই। তাঁরা মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়, অখিলেশ যাদব, তেজস্বী যাদব, স্তালিন, কানিমোঝি, শরদ পাওয়ার, সুপ্রিয়া সুলেদের ওপর ভরসা করতে আরম্ভ করেছেন এবং মোদি সরকারের অবিলম্বে বিদায় চাইছেন। দেশের আম গণতন্ত্রপ্রিয় মানুষ টিম মোদির পিছনের রাস্তা দিয়ে সরকার গড়ায় ব্যাপক খেপে উঠেছেন। সত্যজিৎ রায়ের অমর চলচ্চিত্র হীরক রাজার দেশের মতো আওয়াজ উঠে গিয়েছে— দড়ি ধরে মারো টান, ভোট চোর মোদি খান খান। এভাবেই কাশ্মীর থেকে কন্যাকুমারিকা ভোট চোরের বিদায় নাটিকার প্রেক্ষাপট প্রস্তুত।



**স্ত্রী বিবাহবহির্ভূত সম্পর্কে জড়িয়েছে সন্দেহে দীর্ঘদিন ধরে অশান্তি। শেষে স্ত্রীকে শ্বাসরোধ করে খুন করে নিজেও গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী স্বামী। ক্যানিংয়ের তালদির ঘটনা**

## শহরের উড়ালপুল, সেতুর নিচ থেকে দখলদার হঠানো শুরু

**প্রতিবেদন :** কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি (কেএমডিএ) কলকাতার উড়ালপুল ও সেতুর নিচে বেআইনি বসতি বা দোকান সরাতে অভিযান শুরু করেছে। ইতিমধ্যেই চারটি সেতুর নিচ থেকে অবৈধ বসতি ও অস্থায়ী দোকান উচ্ছেদ করে দেওয়া হয়েছে। ওই জায়গাগুলিতে লোহার গ্রিল বসিয়ে ঘিরে ফেলা হয়েছে, যাতে ভবিষ্যতে আর কেউ জায়গা দখল করতে না পারে। পাশাপাশি আরও আটটি সেতুর নিচে উচ্ছেদ অভিযান চলছে। আলিপুর চিড়িয়াখানার কাছে মা সারদামণি সেতু, টালিগঞ্জ-হরিদেবপুর সংযোগকারী করুণাময়ী সেতু, চিংড়িঘাটা উড়ালপুল ও ইএম বাইপাসের আম্বেদকর সেতু ইতিমধ্যেই উচ্ছেদ করে ঘিরে ফেলা হয়েছে। বর্তমানে বাঘাযতীন ব্রিজ, চেতলা লকগেট ব্রিজ, দুর্গাপুর ব্রিজ, বাগমারি ব্রিজ, কামালগাজি ব্রিজ, চিৎপুর ব্রিজ, উল্টোডাঙা উড়ালপুল এবং ভিআইপি রোড-সল্টলেক সংযোগকারী স্লিপ ব্রিজে উচ্ছেদ অভিযান চলছে। কেএমডিএ-র সূত্রে জানা গেছে, বহু উড়ালপুল ও সেতুর নিচে বছরের পর বছর ধরে অস্থায়ী বসতি তৈরি হয়েছে। কোথাও দোকান, কোথাও আবার খোলা আগুনে রান্না চলছে। এর ফলে ইঞ্জিনিয়ারদের প্রয়োজনীয় পরিদর্শন কাজ বাধাগ্রস্ত হয়।



গত বছর ডিসেম্বরে নিউ আলিপুরের দুর্গাপুর ব্রিজের নিচে আগুন লেগে সেতুর কংক্রিট ক্ষতিগ্রস্ত হওয়ার পরই নড়েচড়ে বসে কেএমডিএ। সেই ঘটনার পরে সেতুগুলির নিচের অংশ পরীক্ষা করতে গিয়ে নানা জায়গায় দখলদারি চোখে পড়ে। আধিকারিকদের কথায়, উড়ালপুল বা সেতুর আয়ু কমিয়ে দিচ্ছে এ ধরনের কাজ। খোলা আগুনের তাপে রডের ধাতব কাঠামো ফুলে ওঠে। দীর্ঘদিন একইভাবে চলতে থাকলে শক্তি হারায় কাঠামো। এ কারণে এখনই উদ্যোগী হয়েছে কেএমডিএ। পুলিশ ও স্থানীয় কাউন্সিলরের সহায়তায় এই কাজ করা হচ্ছে। কেএমডিএ জানিয়েছে, তাদের অধীনে থাকা সমস্ত উড়ালপুল ও সেতুর ক্ষেত্রেই ধাপে ধাপে একই কাজ হবে।

## নিম্নচাপ সরেছে তবু জারি বৃষ্টি

**প্রতিবেদন :** নিম্নচাপ সরেছে ঝাড়খণ্ডের দিকে। দুর্যোগ কেটেছে, কমেছে বৃষ্টির বেগ। রবিবার শেষ বিকেলে মেঘের আড়ালে মিঠে রোদের ঝলকও দেখা গেল। তবে কলকাতার উপর দিয়ে এখনও বিস্তৃত মৌসুমী অক্ষরেখা। ফলে সোমবার কলকাতা-সহ দক্ষিণে বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির ব্যাপকতা বাড়বে। বৃষ্টির সম্ভাবনা রয়েছে কলকাতা, হাওড়া,



হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং বাঁকুড়া, পুরুলিয়ায়। সঙ্গে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা ঝোড়ো হাওয়া। মঙ্গলবার থেকে বৃষ্টির সম্ভাবনা কমবে। বুধবার ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। তবে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব-পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামের কিছু কিছু এলাকায়। এদিকে উত্তরবঙ্গে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে সোমবারও। মঙ্গলবার থেকে কমবে বৃষ্টির পরিমাণ।

## ধৃত আরও এক

**প্রতিবেদন :** বেলঘরিয়ায় প্রকাশ্যে মদের আসরের প্রতিবাদ করায় আক্রান্ত হয়েছিলেন এক শিক্ষক। বেধড়ক মারধর করা হয় কামারহাটির নন্দননগরের বাসিন্দা অঙ্কনশিক্ষক নিরুপম পালকে। সেই ঘটনায় এবার ধৃত আরও এক। বেলঘরিয়া থানার পুলিশ শনিবারই অভিযুক্ত এক তরুণী-সহ ৫ জনকে গ্রেফতার করেছিল। রবিবার আরও একজনকে গ্রেফতার করা হয়েছে। সব মিলিয়ে ধৃত ৬।

## বিধায়কের তৎপরতায় বাড়ি ফিরলেন মহারাষ্ট্রে আক্রান্ত বিষ্ণুপুরের শ্রমিক

**সংবাদদাতা, বিষ্ণুপুর :** বাংলায় কথা বলায় মহারাষ্ট্র পুলিশের হাতে আক্রান্ত বাংলার শ্রমিক। দশবছর ধরে মহারাষ্ট্রের বান্দায় কর্মরত সইফুল শেখ (৪০) ও তাঁর পরিবার হঠাৎই স্রেফ বাংলায় কথা বলার অপরাধে চরম হেনস্থার শিকার বিজেপির পুলিশের হাতে। এমনকী, টানা তিনদিন একটি মন্দিরে লুকিয়ে থাকতে হয় প্রাণের ভয়ে। শেষমেশ 'এক ডাকে অভিষেক'-এ ফোন করে মুশকিল আসান হল। রাজ্যের মন্ত্রী তথা বিষ্ণুপুরের বিধায়ক দিলীপ মণ্ডলের তৎপরতায় সপরিবারে বাড়ি ফিরলেন বিষ্ণুপুরের কুলের দাড়ি গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা সইফুল।



■ **মহারাষ্ট্র থেকে ঘরে ফিরে স্বস্তিতে বিষ্ণুপুরের পরিযায়ী শ্রমিক সইফুল শেখ ও তাঁর পরিবার।**

কিছুদিন আগেই আচমকা বাঙালি হওয়ার অপরাধে মহারাষ্ট্র পুলিশের হাতে নানাভাবে হেনস্থার শিকার হতে সইফুল ও তাঁর পরিবারকে। স্ত্রী-সন্তানকে নিয়ে কোনওরকমে একটি মন্দিরে আত্মগোপন করে প্রাণ বাঁচান সইফুল। সেখান থেকেই 'এক ডাকে অভিষেক'-এ ফোন করে উত্তরপ্রদেশ থেকে বাংলায় ফিরতে চেয়ে কাতর আর্জি জানান। সাংসদ মারফত খবর আসে পরিবহণ প্রতিমন্ত্রী তথা বিষ্ণুপুরের বিধায়ক দিলীপ মণ্ডলের কাছে। খবর পেয়েই সইফুলের সঙ্গে যোগাযোগ করে তাঁদের ফিরিয়ে আনা হয়।



■ আলিপুর আস্থা ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত গণেশ পুজো ও মেডিক্যাল ক্যাম্পে মেয়র ফিরহাদ হাকিম। রবিবার।



■ রাজ্য শ্রম দফতরের উদ্যোগে পরিবহণ শ্রমিকদের জন্য সচেতনতা শিবির। ছিলেন হাওড়া সদর তৃণমূল সভাপতি ও বিধায়ক গৌতম চৌধুরি, হাওড়া সদর আইএনটিটিইউসি সভাপতি অরবিন্দ দাস, হাওড়ার শ্রম কমিশনার শ্যামলকুমার রায়চৌধুরি-সহ অন্যরা।



■ হাবড়া পুরসভার ৯ নং ওয়ার্ডের শ্রীপুর প্রাথমিক বিদ্যালয়ের সামনে বাংলা ভাষার সম্মান ও বাংলার সম্মানের দাবি নিয়ে দলীয় কর্মসূচিতে বিধায়ক জ্যোতিপ্রিয় মল্লিক, পুরপ্রধান নারায়ণ সাহা-সহ অন্যরা।



■ বাংলাভাষীদের ওপর বিজেপিশাসিত রাজ্যে অত্যাচারের বিরুদ্ধে বনগাঁ সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি সভাপতি নারায়ণ ঘোষের উদ্যোগে রবিবার গাইঘাটা ব্লক ২ আইএনটিটিইউসি সভাপতি সমীর হাজরার ব্যবস্থাপনায় প্রতিবাদ মিছিলে অংশ নেন রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুর, ইলা বাগচী, অভিজিৎ বিশ্বাস, সব্যসাচী ভট্ট, নরোত্তম বিশ্বাস-সহ অন্যরা।

## কঠিন নয় অঙ্ক, ল্যাবরেটরিতে মজার গণিত ক্লাস

**প্রতিবেদন :** অঙ্ক কি কঠিন? না, আর অঙ্ক কঠিন লাগবে না। বরং এবার মজার ছলেই অঙ্ক হবে সহজবোধ্য। সেই লক্ষ্যেই কিশোর মন থেকে গণিতভীতি তাড়াতে গাইঘাটা বেণীমাধব বালিকা বিদ্যালয় নির্মিত হল ম্যাথমেটিক্স ল্যাবরেটরি। ল্যাবরেটরিটি উদ্বোধন করলেন শিক্ষাবিদ তথা রাজ্য সরকারের সেকেন্ডারি বোর্ডের ডেপুটি সেক্রেটারি ডঃ পার্থ কর্মকার। উত্তর ২৪ পরগনার স্কুলগুলির মধ্যে এই প্রথম কোনও স্কুলে ম্যাথমাটিক্স ল্যাবরেটরি গড়ে উঠল। প্রয়োজনে অন্যান্য স্কুলের ছাত্র-ছাত্রীদেরও সময়বিশেষে এই ল্যাবরেটরিতে ক্লাস করানোর কথা ভাবছে বিদ্যালয় কর্তৃপক্ষ। প্রায় কুড়িটি স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন এদিনের অনুষ্ঠানে। ল্যাবরেটরি উদ্বোধনের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের নিয়ে গণিত সংক্রান্ত বিষয়ে মজার কুইজ করা হয়। প্রাক্তন প্রধান শিক্ষক মনোতোষকুমার মিত্রের আর্থিক অনুদানে এই গবেষণাগারটি গড়ে উঠেছে। এদিন পার্থবাবু তাঁর অ্যানাটমি অফ ম্যাথমেটিক্স বইটির উপরে নির্মিত মডেলের প্রদর্শন করেন। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা মনে করছেন, গণিতকে দৃশ্য-গ্রাহ্য করার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের কাছে বিষয়টি অনেক বেশি মনোগ্রাহী হয়ে উঠবে।



■ ম্যাথমেটিক্স ল্যাবরেটরির উদ্বোধনে শিক্ষাবিদ ড. পার্থ কর্মকার।



■ বিজেপিশাসিত রাজ্যে বাঙালিদের ওপর অত্যাচার ও বাংলা ভাষার ওপর আক্রমণের প্রতিবাদে ডোমজুড়ে মিছিল। নেতৃত্বে বিধায়ক কল্যাণ ঘোষ, ডোমজুড় কেন্দ্র যুব তৃণমূলের সভাপতি নুরাজ মোল্লা-সহ অন্যরা।

রাজ্য
25 August, 2025 • Monday • Page 6 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

হুগলির দাদপুরে স্ত্রীকে খুন করে পলাতক স্বামী। মৃতের নাম মনজুরা খাতুন (২৮)। দাম্পত্য কলহ ও মারধরের জেরে সম্প্রতি পুলিশে স্বামী রজব আলির নামে বধূ নির্যাতনের অভিযোগ জানান। তার জেরেই স্ত্রীকে খুন করে পলাতক রজব

# জোগান বাড়াতে উৎপাদন দ্বিগুণ করতে চলেছে বাংলার ডেয়ারি

**প্রতিবেদন :** কলকাতা এবং সংলগ্ন জেলাগুলিতে প্যাকেটজাত দুধের জোগান বাড়াতে সরকারি দুধের ব্র্যান্ড বাংলার ডেয়ারি-র উৎপাদন প্রায় দ্বিগুণ করতে চলেছে রাজ্য। পুজোর মরশুমকে সামনে রেখে দুধ, ঘি, দই-সহ দুগ্ধজাত পণ্যের সরবরাহ বাড়ানোর পরিকল্পনা নেওয়া হয়েছে বলে প্রাণিসম্পদ বিকাশ দফতরের তরফে জানানো হয়েছে। বর্তমানে হুগলির ডানকুনির কারখানা থেকে প্রতিদিন গড়ে প্রায় এক লক্ষ দশ হাজার লিটার দুধ সরবরাহ করা হয়। প্রায় ৬০ কোটি টাকা বিনিয়োগে হরিণঘাটায় নতুন কারখানা তৈরি করা হয়েছে। ইতিমধ্যেই সেখানে পরীক্ষামূলক উৎপাদন শুরু হয়েছে। ওই কারখানা পুরোদস্তর কাজ শুরু করলে সেখান থেকে প্রতিদিন আরও এক লক্ষ লিটার দুধ মিলবে। নতুন কারখানার মাধ্যমে সরাসরি কর্মসংস্থান হবে প্রায় ১৭০ জনের। পাশাপাশি প্রায় ৮০০ জনের পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। এতে স্থানীয় পশুপালকরাও বিশেষভাবে উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে। দুধের সরবরাহ ব্যবস্থাতেও আমূল পরিবর্তন আনা হয়েছে। কলকাতা ও সংলগ্ন জেলাগুলির জন্য প্রায় সত্তর জন ডিস্ট্রিবিউটর নিয়োগ করা হচ্ছে। তাঁরা সরাসরি ভেন্ডরদের কাছে দুধ পৌঁছে দেবেন। ঘি, পনির, রকমারি দই-সহ বাংলার ডেয়ারির অন্যান্য পণ্যও তাঁদের মাধ্যমে বাজারে পৌঁছবে। পুজোর আগে বাজারে চাহিদা সামলাতে এই সম্প্রসারণ পরিকল্পনা কার্যকর করা হচ্ছে বলে সংস্থার চেয়ারম্যান গৌরীশঙ্কর কোনার জানিয়েছেন।

# ছাত্র সমাবেশ দিয়েই শুরু বিধানসভা ভোটের প্রস্তুতি



বাদুড়িয়া পুরভবনে ২৮ অগাস্টের প্রস্তুতি বৈঠক।

**সংবাদদাতা, বসিরহাট :** ভারতবর্ষ জুড়ে সাম্প্রদায়িক হানাহানিকে দূর করতে অগ্রণী ভূমিকা নিতে হবে ছাত্রদের। তাই বসিরহাটের সীমান্ত থেকে সুন্দরবনের ছাত্র-ছাত্রীদের আগামী ২৮ অগাস্ট ধর্মতলায় শহিদ মূর্তির পাদদেশে তৃণমূলের ঐতিহাসিক ছাত্র সমাবেশে যোগ দেওয়ার আহ্বান জানাতে জেলা তৃণমূল ছাত্র পরিষদের উদ্যোগে বাদুড়িয়ায় এক বিশাল মিছিলে ছাত্র-ছাত্রীদের যোগদান করতে প্রস্তুতিসভা সারলেন তৃণমূলের বসিরহাট সাংগঠনিক জেলার নেতৃত্বরা। বসিরহাটের বাদুড়িয়া পুরভবনে সেই প্রস্তুতিসভায় উপস্থিত ছিলেন তৃণমূলের বসিরহাট সাংগঠনিক জেলার সভাপতি বুরহানুল মুকাদ্দিম লিটন, জেলা যুব তৃণমূলের সভাপতি শমীক রায় অধিকারী ও জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি অভিষেক মজুমদার-সহ বসিরহাটের তৃণমূলের শীর্ষ স্থানীয় নেতৃত্বরা। ছাত্র-ছাত্রীদের ধর্মতলায় উদ্দেশ্যে যাওয়ার আহ্বান জানিয়ে বাদুড়িয়ায় এক মিছিলের আয়োজন করা হয়েছে। সেই মিছিলে অংশগ্রহণ করবেন যুব তৃণমূলের সভানেত্রী সায়নী ঘোষ। সেখান থেকেই বার্তা দেওয়া হবে ২৮ অগাস্ট বসিরহাট তৃণমূল ছাত্র পরিষদ কত পরিমাণ ছাত্র-ছাত্রী নিয়ে ধর্মতলায় উপস্থিত হতে পারবে। বিষয়টি নিয়ে তৃণমূলের বসিরহাট সাংগঠনিক জেলা সভাপতি বুরহানুল মুকাদ্দিম লিটন বলেন, বছর পেরোলেই বিধানসভা নির্বাচন। তার আগে এই ছাত্র সমাবেশ আমাদের কাছে অনেকটাই আবেগের। সেই সমাবেশকে মাথায় রেখে বাদুড়িয়ায় আগামী ২৫ অগাস্ট সোমবার প্রায় দশ হাজার ছাত্রছাত্রীদের নিয়ে মেগা র‍্যালির আয়োজন করা হয়েছে। ভারতবর্ষের উপর সাম্প্রদায়িক শক্তিকে প্রতিহত করতে ছাত্রদেরই এগিয়ে আসতে হবে। তারই উদ্দেশ্যে আমাদের এই প্রস্তুতিসভা।

# প্রেসিডেন্সির ফল আজ

**প্রতিবেদন :** সুপ্রিম কোর্টে ওবিসি মামলার জট কাটতেই রাজ্য জয়েন্ট এন্ট্রান্স-সহ একের পর এক প্রবেশিকা পরীক্ষার ফল প্রকাশিত হচ্ছে। ভর্তি প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে বিশ্ববিদ্যালয় ও কলেজে। এবার প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের মেধাতালিকা প্রকাশের দিনক্ষণ জানাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী ২৫ অগাস্ট প্রকাশ করা হবে স্নাতকস্তরের মেধাতালিকা। তার পর ভর্তি প্রক্রিয়া শুরু হবে বিশ্ববিদ্যালয়ে। ৯ অগাস্ট প্রেসিডেন্সির মেধাতালিকা প্রকাশ হওয়ার কথা থাকলেও ওবিসি সংরক্ষণ মামলার তা জেরে স্থগিত হয়ে যায়। ২১ ও ২২ জুন পরীক্ষা হলেও ফলপ্রকাশে বিলম্ব হওয়ায় উদ্বিগ্ন হয়ে পড়েছিলেন পরীক্ষার্থীরা। মূলত ওবিসি সংরক্ষণ নীতির মামলা কোর্টে চলছিল বলে ফল প্রকাশে দেরি হচ্ছিল।

# অবৈধভাবে ভারতে ঢুকে ধৃত হাসিনা সরকারের পুলিশকর্তা

**সংবাদদাতা, স্বরূপনগর :** প্রাকৃতিক দুর্যোগের সুযোগ নিয়ে অবৈধভাবে সীমান্ত পেরিয়ে ভারতের ভূখণ্ডে প্রবেশ করতেই বিএসএফের হাতে পাকড়াও হাসিনা সরকারের প্রাক্তন পুলিশ আধিকারিক। বসিরহাট মহকুমার স্বরূপনগর থানার ভারত-বাংলাদেশ সীমান্তের হাকিমপুর চেকপোস্ট এলাকায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, হাসিনা সরকারের ওই পুলিশ আধিকারিকের নাম আরিফুজ্জামান। এএসপি রংপুর মেট্রোপলিটন পুলিশের দায়িত্বে ছিলেন। ইউনূস সরকার আসার পরে সাতক্ষীরা জেলায় আত্মগোপন করেছিলেন। পশ্চিমবঙ্গের প্রাকৃতিক দুর্যোগের সুযোগে হাকিমপুর সীমান্ত দিয়ে ভারতে ঢুকতেই ১৪৩ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা তাঁকে আটক করে। তারপর স্বরূপনগর থানার পুলিশের হাতে দেয় ওই রাতেই। এই ঘটনা বিএসএফ ও পুলিশ যৌথভাবে রাজ্যের উচ্চপদস্থ সেনা ও পুলিশ আধিকারিকদের লিখিতভাবে জানিয়েছে বলেও জানা গিয়েছে। আরিফুজ্জামানের কাছ থেকে বেশকিছু নথিপত্র পাওয়া গিয়েছে, যেগুলি দেওয়া



হয়েছে ভারতের উচ্চপদস্থ আধিকারিকদের। পুরো বিষয়টি ভারতের হাই কমিশনার মারফত বাংলাদেশ হাই কমিশনারকে জানানোও হয়েছে। আরিফুজ্জামানকে রাতে স্বরূপনগর থানাতেই রাখা হয়েছিল। রবিবার বসিরহাট মহকুমা আদালতে পেশ করা হলে বিচারক জেল হেফাজতের নির্দেশ দেন। প্রাথমিক অনুমান, ইউনূস সরকারের হাতে জীবন সুরক্ষিত নয়, এমন শঙ্কায় বাংলাদেশে কয়েক মাস সীমান্তবর্তী এলাকায় আত্মগোপন করেছিলেন। তারপর ভারতে ঢোকার চেষ্টা করেন।



জোড়াবাগান থানায় রক্তদান শিবির। রয়েছেন নগরপাল মনোজ ভার্মা, ওসি অর্ণব রায়চৌধুরি।

# আইন কলেজের পুনর্মিলন

**সংবাদদাতা, হুগলি :** শনিবার হুগলি মহসিন কলেজে অনুষ্ঠিত হল আইন বিভাগের প্রাক্তনীদের পুনর্মিলন উৎসব। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম। এছাড়াও ছিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ ও বিভাস পট্টনায়ক, জুডিশিয়াল সায়েন্স বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মৃণালকান্তি চক্রবর্তী-সহ বিশিষ্টরা।



অনুষ্ঠানে যোগ দেন প্রাক্তনী তথা চুঁচুড়া আদালতের সরকারি আইনজীবী শঙ্কর গঙ্গোপাধ্যায়, কলেজের আইন বিভাগের অধ্যক্ষ ও অধ্যাপকরা। উপস্থিত ছিলেন হুগলির জেলাশাসক মুক্তা আর্য, চন্দননগরের পুলিশ কমিশনার অমিত পি জাভালগি, হুগলি গ্রামীণের অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার-সহ বহু বিশিষ্ট ব্যক্তিত্ব ও আইনজীবী সমাজের প্রাক্তনীরা। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম বলেন, এই কলেজে দ্বিতীয়বার এসে আমি সত্যিই অভিভূত। এক বছর আগে প্রথমবার এখানে এসে প্রাক্তনীদের ঐতিহ্য ও কলেজের আইন বিভাগের গৌরব সম্পর্কে জানতে পেরেছিলাম। আজ আবার সেই স্মৃতি নতুন করে অনুভব করছি।



**নিউ টালিগঞ্জ কল্যাণ সমিতির উদ্যোগে স্বেচ্ছা রক্তদান, বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা, মরণোত্তর দেহ ও অঙ্গদানের অঙ্গীকার শিবির। রবিবারের এই শিবিরে ৫৬ জন রক্তদান করেন। ১৫২ জনের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা করা হয়। ১২০ জনের চক্ষু পরীক্ষা করে ৬৩ জনকে বিনামূল্যে চশমা প্রদান করার প্রতিশ্রুতি দেওয়া হয়। শিবিরে ৯৮ জন মরণোত্তর দেহদান ও অঙ্গদানের অঙ্গীকার করেন। সহযোগিতায় ছিল রোটারি ক্লাব অব মহানগর, লাইফ লাইন ব্লাড ব্যাঙ্ক।**

# লিভ-ইন পার্টনারকে কোপ, ধৃত মহিলা

**সংবাদদাতা, সোনারপুর :** ১২ বছরের লিভ-ইন-পার্টনারকে ছুরির কোপ! দীর্ঘদিনের সম্পর্কে তৃতীয় ব্যক্তির আগমনের জেরেই রক্তাক্ত পরিণতির অভিযোগ। চাঞ্চল্যকর ঘটনায় সোনারপুরে গ্রেফতার অভিযুক্ত মহিলা। পুলিশ সূত্রে খবর, রাজপুর-সোনারপুর পুরসভার ১৬ নম্বর ওয়ার্ডে প্রায় ১২ বছর ধরে প্রতিমা দাস ও শ্যামল দাস একসঙ্গে থাকতেন। এলাকায় তাঁরা দম্পতি হিসেবেই পরিচিত। সম্প্রতি শ্যামল দাসের সঙ্গে অন্য এক মহিলার ঘনিষ্ঠতা তৈরি হয়। বিষয়টি জানাজানির পর থেকেই অশান্তি বেড়ে ওঠে। অবৈধ সম্পর্ককে কেন্দ্র করে শনিবারও বাগ্‌বিতণ্ডা চলছিল। সেই সময় আচমকাই প্রতিমা দাস রান্নাঘর থেকে ধারালো ছুরি এনে শ্যামলের চোখে আঘাত করেন। গুরুতর জখম অবস্থায় শ্যামলকে দ্রুত উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান স্থানীয়রা। শ্যামলের তরফে সোনারপুর থানায় অভিযোগ দায়ের হওয়ার পর দ্রুত পদক্ষেপ নেয় পুলিশ এবং প্রতিমা দাসকে গ্রেফতার করে। ধৃতকে জিজ্ঞাসাবাদ করে বিস্তারিত জানার চেষ্টা করছেন তদন্তকারীরা।

# অত্যাধুনিক পরিষেবার লক্ষ্যে জেলা হাসপাতালের উন্নয়ন

**আলিপুরদুয়ার**

**সংবাদদাতা, আলিপুরদুয়ার:** স্বাস্থ্যব্যবস্থাকে তরান্বিত করতে একাধিক উদ্যোগ নিয়েছে রাজ্য। সেইমতো জেলা হাসপাতালগুলিতেও পরিকাঠামো উন্নয়নের কাজ চলছে। মিলছে অত্যাধুনিক পরিষেবাও। আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পরিষেবার মান উন্নয়নে পরিকাঠামো ঢেলে সাজানো হচ্ছে। সাংবাদিক সম্মেলনে একথা জানান আলিপুরদুয়ারের বিধায়ক তথা জেলা হাসপাতালের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান সুমন কাঞ্জিলাল। ইতিমধ্যেই সিসিইউকে ১২ থেকে ২৪ বেড়ে উন্নীত করা হয়েছে। একেবারে নতুন করে ১০ বেডের ডায়ালিসিস ইউনিট চালু করা হয়েছে। নতুন করে বহির্বিভাগ চালু, নতুন ডাক্তার নিয়োগ সহ একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে রাজ্য স্বাস্থ্য দফতর। কী কী পরিষেবা? ১০ কোটি টাকা ব্যয়ে নতুন করে ১০০ বেডের বিল্ডিংয়ের কাজ চলছে। নতুন করে ৫০ বেডের ক্রিটিকাল কেয়ার ইউনিট তৈরি করা হবে। সেখানে মোট খরচ হবে ২৩ কোটি টাকা। এবং এই ইউনিটের প্রতি তলা হবে সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত। এর সঙ্গেই থাকবে অত্যাধুনিক অপারেশন থিয়েটার। এক্স রে ইউনিটকে বাড়াতে বসানো হবে নতুন ডিজিটাল এক্স রে মেশিন। যার টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে। নতুন ডিজিটাল সিটি স্ক্যান মেশিনের জন্যও টেন্ডার কাজ শেষ। দীর্ঘদিন ধরে খুব বাজে অবস্থায় ছিল জেলা হাসপাতালের নিকাশি ব্যবস্থা। দাঁতের চিকিৎসার জন্য বসছে ডেন্টাল এক্স রে মেশিন। চালু হবে ট্রমা কেয়ার সেন্টার। এ ছাড়াও ক্যানসার নির্ণয়ের জন্য বায়োপসি-সহ অন্যান্য পরীক্ষার ও ডে কেয়ার ইউনিটও শীঘ্রই চালু করা হবে জেলা হাসপাতালে। সুমন কাঞ্জিলাল বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ার জেলা হাসপাতালের পরিকাঠামো উন্নয়নের জন্য সদাসচেষ্ট।



■ জেলা হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখছেন বিধায়ক সুমন কাঞ্জিলাল।

- সিসিইউয়ের শয্যা বৃদ্ধি, ৫০ বেডের করার পরিকল্পনা
- ১০ বেডের ডায়ালিসিস ইউনিট
- অত্যাধুনিক অপারেশন থিয়েটার
- দাঁতের চিকিৎসার ডেন্টাল এক্সরে মেশিন
- ডিজিটাল সিটি স্ক্যান মেশিন
- চালু হবে বায়োপসি পরীক্ষা
- চালু হবে ডে কেয়ার ইউনিট

# রাজ্যের উদ্যোগে ১১৩ বছরের সেতুর স্বাস্থ্য পরীক্ষা



**সংবাদদাতা, দার্জিলিং:** দার্জিলিংয়ের ১১৩ বছরের পুরনো ভিক্টোরিয়া সেতুর স্বাস্থ্য পরীক্ষা করলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞরা। সম্প্রতি দু'জন বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ার স্থানীয়ভাবে চিয়াং ছিয়াংগে নামে সেতুটি ঘুরে দেখেন এবং খুঁটিয়ে পরীক্ষা করেন। সেতুর স্বাস্থ্য পরিক্ষার পর তাঁরা জানিয়েছেন, অবস্থা এতটাই খারাপ যে দ্রুত মেরামত না করা হলে মাত্র পাঁচ বছর টিকে থাকতে পারবে। প্রসঙ্গত, ১৯১২ সালে দার্জিলিং পুরসভার উদ্যোগে সেতুটি নির্মিত হয়। ১১৩ বছর পর এই প্রথম সেতুর স্বাস্থ্য পরীক্ষা হল। সেতুটির অবস্থা খুবই জীর্ণ। যে কোনও সময় দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে। দার্জিলিং পুরসভার উদ্যোগে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দুই বিশেষজ্ঞ এদিন সেতুটি ঘুরে দেখেন। তাঁরা জানান, সেতুর বাহ্যিক অবস্থা দেখে প্রাথমিক রিপোর্ট তৈরি করা হবে। সম্পূর্ণরূপে পরীক্ষা করার জন্য আরও একবার জরিপ করা প্রয়োজন। বিশেষজ্ঞ দলের এক সদস্য অধ্যাপক সম্রাট সেনগুপ্ত বলেন, সাধারণভাবে বলতে গেলে দ্রুত মেরামত না করা হলে সেতুটি মাত্র পাঁচ বছর টিকতে পারে।

# স্বাধীনতার পর প্রথম পাকা রাস্তা খড়িবাড়িতে

**সংবাদদাতা, শিলিগুড়ি:** স্বাধীনতার পর শিলিগুড়ি মহকুমা পরিষদের খড়িবাড়িতে তৈরি হচ্ছে পাকা রাস্তা। খুশি গ্রামবাসীরা। পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর কল্যাণ দফতরের আর্থিক সহায়তায় খড়িবাড়ির বুড়াগঞ্জের ঝিঙ্গাজোতের বাসিন্দারা পেলেন পাকা রাস্তা। রবিবার ১৬ লক্ষ পঞ্চাশ হাজার টাকা ব্যয়ে রাস্তার কাজের শিলান্যাস করলেন শিলিগুড়ি মহকুমা পরিষদের কর্মাধ্যক্ষ কিশোরীমোহন সিংহ। এদিন ঝিঙ্গাজোতের বাসিন্দাদের সঙ্গে নিয়ে রাস্তার কাজে শিলান্যাস করা হয়। এদিন রাস্তা শিলান্যাস হতেই খুশি গ্রামবাসীরা। স্থানীয়রা জানান,



আর কাঁচা রাস্তা দিয়ে যাতায়াত করতে হবে না তাঁদের। স্বাধীনতার পরবর্তী সময় থেকে আজ পর্যন্ত কেউ এই রাস্তার দিকে ফিরে তাকায়নি। আর স্বাধীনতার ৭৯ বছর পর রাজ্যের তৃণমূল সরকারের এই উদ্যোগে খুশি স্থানীয়রা। তাঁরা ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রীকে। জানা গিয়েছে শিলিগুড়ি মহকুমার অন্তর্গত ঝিঙাজোত থেকে ধুলিয়া পর্যন্ত এই রাস্তার কাজ করা হবে। সব মিলিয়ে মোট ৮০০ মিটার রাস্তার কাজ শুরু করা হবে। আগামী তিনমাসের মধ্যেই এই সমস্ত কাজ শেষ করা হবে বলে জানিয়েছেন শিলিগুড়ি মহকুমা পরিষদের কর্মাধ্যক্ষ কিশোরীমোহন সিংহ। তিনি আরও জানান, সরকারি তৎপরতায় গ্রামে নানান উন্নয়নমূলক কাজ চলছে। খুব শীঘ্রই সেই সমস্ত কাজ উঠে আসবে। আর গ্রামবাসীদের দু'হাত ভরা আশীর্বাদে মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়ের শক্তি বৃদ্ধি পাবে।

## সাংগঠনিক সভা



■ পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের মালদহ স্বাস্থ্য শাখার জেলা কমিটির উদ্যোগে সাংগঠনিক সভা হল রবিবার। পাশাপাশি মিছিলও হয় এদিন। নেতৃত্ব দেন সংগঠনের মালদহ জেলা সভাপতি চিরঞ্জীব মিশ্র। ছিলেন ফেডারেশনের রাজ্য শাখার অন্যান্য নেতৃবৃন্দ। এবিষয়ে সংগঠনের মালদহ জেলা সভাপতি চিরঞ্জীব মিশ্র জানান, আগামী দিনে স্বাস্থ্য ব্যবস্থাকে আরও জনমুখী ও শক্তিশালী করতে তাঁরা সংগঠনগতভাবে সক্রিয় ভূমিকা নেবেন।

## দুর্ঘটনায় মৃত ২



■ যাত্রীবাহী বোলেরো গাড়ি, পিকআপ ভ্যান ও সরকারি বাসের সংঘর্ষে মৃত্যু হল কমপক্ষে দু'জনের। ঘটনায় গুরুতর আহত কমপক্ষে ১১ জন। মৃত ও আহতদের বাড়ি পুরাতন মালদহে বলে জানিয়েছে পুলিশ। এদিন ৫১২ নম্বর জাতীয় সড়কের পথ দুর্ঘটনার কারণে রাস্তা অবরুদ্ধ হয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে বংশীহারি থানার বিশাল পুলিশ বাহিনী। দুর্ঘটনায় বোলেরো গাড়িটি দুমড়ে মুচড়ে যায়। পাশাপাশি পিক আপ ভ্যান ও সরকারি বাস রাস্তার পাশে নয়ানজুলিতে গিয়ে পড়ে। বাসের যাত্রীরা অল্পবিস্তর আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে।

## প্রতিবাদে পথে



■ ভিনরাজ্যে বাংলার শ্রমিকদের হেনস্থার ঘটনাকে ধিক্কার জানিয়ে রাজ্যজুড়ে চলছে প্রতিবাদ। রবিবার ইটাহার থানার সুরুন-২ অঞ্চলে তৃণমূল কংগ্রেসের কয়েকশো নেতা-কর্মী উপস্থিত ছিলেন। ইটাহারের বিধায়ক মোশারফ হোসেন প্রতিবাদ মিছিলে পা মেলান। প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন বিধায়ক। বিজেপির বিরুদ্ধে বক্তব্য রাখেন বিধায়ক মোশারফ হোসেন ও ব্লক তৃণমূল কংগ্রেস নেতৃত্ব।

## সরব তৃণমূল



■ বিজেপিশাসিত রাজ্যে বাঙালি শ্রমিকদের হেনস্থা, ভোটচুরির প্রতিবাদে সভাতেই গর্জে উঠল তৃণমূল। রবিবার উত্তর দিনাজপুরের ইসলামপুরে। এদিন জেলা তৃণমূল কংগ্রেসের উদ্যোগে মাসিক আলোচনাসভায় জেলা সভাপতি কানাইয়ালাল বলেন, বিজেপির এই অত্যাচারের জবাব দেবেন সাধারণ মানুষ। এদিন ইসলামপুর বাস টার্মিনাসে সভায় ছিলেন মন্ত্রী গোলাম রাব্বানি, বিধায়ক মোশারফ হোসেন, গৌতম পাল, জেলা মহিলা তৃণমূল কংগ্রেস সভানেত্রী চৈতালি ঘোষ সাহা, জেলা যুব তৃণমূল কংগ্রেস সভাপতি কৌশিক গুন প্রমুখ। জেলা সভাপতি বলেন, দলের কর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তৃণমূলের সমন্বয়ের কাছে হারবে বিরোধীরা।

## বিধায়কের উদ্যোগে

■ গ্রামের মানুষের সমস্যা খুব কম সময়ে সমাধান করে নজির গড়লেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল। আলিপুরদুয়ার ১ নম্বর ব্লকের চকোয়াখেতি এলাকায় বয়ে যাওয়া কুরমাই নদীর ভয়াবহ ভাঙন ঠেকাতে স্থানীয় মানুষজন বিধায়কের কাছে আর্জি জানিয়েছিল। বিধায়ক সুমন কাঞ্জিলাল গত ৮ জুন প্রথম ওই গ্রামে বাঁধের বিষয়টি পরিদর্শন করতে যান। এরপর ১০ জুন কুরমাই নদীর ভাঙনের বিষয়টি বিধানসভার বাদল অধিবেশনে তুলে ধরেন বিধায়ক। কাজ সম্পন্ন করার জন্য সেচ দফতর জরুরি ভিত্তিতে অর্থ বরাদ্দ করে। মাত্র আড়াই মাসের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করে রবিবার দুপুরে শুরু হল বহু আকাঙ্ক্ষিত বাঁধের কাজ।

## কংগ্রেসে গোষ্ঠীদ্বন্দ্ব

■ আলিপুরদুয়ার জেলা কংগ্রেসের অন্দরে গোষ্ঠীদ্বন্দ্ব প্রবল আকার ধারণ করেছে। সম্প্রতি জেলা কংগ্রেসের নতুন সভাপতি পদে বসেছেন ফালাকাটার মৃন্ময় সরকার। এর পরেই দ্বন্দ্বের সূত্রপাত। প্রাক্তন সভাপতি শান্তনু দেবনাথের দলবল নতুন সভাপতিকে প্রথম থেকেই মেনে নেয়নি। এর আগে একদিন দলীয় বৈঠকে বাগবিতণ্ডা হয়। এরপর রবিবার যখন প্রতি ব্লকের কংগ্রেস কর্মীরা আসেন বৈঠকে যোগ দিতে, তখন তাঁদের মধ্যে অনেকেই প্রশ্ন তোলেন যে আজকের বৈঠকে প্রাক্তন সভাপতি শান্তনু দেবনাথকে কেন ডাকা হয়নি। এই নিয়ে বচসা শুরু হয়।

# মহিষাদলে মহিলা সংঘের নির্বাচনে তৃণমূলের জয়



**সংবাদদাতা, মহিষাদল :** পূর্ব মেদিনীপুর জেলার মহিষাদলে মহিলা সংঘের প্রতিনিধি নির্বাচনে রবিবার জয়ী হল রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস। মাত্র একটি করে আসনে জয়লাভ করে মুখরক্ষা করেছে বিজেপি ও নির্দল। জানা গিয়েছে, রবিবার মহিষাদল ব্লকের নাটশাল-১ রূপনারায়ণ বহুমুখী প্রাথমিক মহিলা সংঘ সমবায় সমিতির নির্বাচন ছিল। যার আসন সংখ্যা ১১টি। সেখানে মনোনয়ন পর্বে আগেই পাঁচটি আসনে জয়ী হয়েছিল তৃণমূল। রবিবার বাকি ছয়টি আসনে নির্বাচন হয়। সেখানে চারটি আসন পায় তৃণমূল এবং একটি করে বিজেপি ও নির্দল। এই নির্বাচনে তৃণমূলের জয়ের খবর ছড়িয়ে পড়তেই আবির মেখে উল্লাসে মেতে ওঠেন তৃণমূলের নেতা-কর্মীরা। স্থানীয় বিধায়ক তিলক চক্রবর্তী বলেন, যে বুথ এলাকাগুলিতে এই নির্বাচন হয়েছিল সেগুলি বিজেপি-অধ্যুষিত। সেই এলাকাতে তৃণমূল বিপুল ভোটে জয়লাভ করেছে। মানুষ বুঝতে পারছে তৃণমূল ছাড়া উন্নয়নের কাজ সম্ভব নয়।

# পাড় ভেঙে বিঘের পর বিঘে জমি যাচ্ছে দামোদরের গ্রাসে

## দ্রুত ব্যবস্থা নিচ্ছে প্রশাসন



**সংবাদদাতা,বর্ধমান :** লাগাতার বৃষ্টি আর দামোদরের জলছাড়ার ফলে পাড় ভেঙে জলের তলায় বিঘের পর বিঘে চাষের জমি। ভয়াবহ ভাঙনে আতঙ্কে কয়েকশো পরিবার। খবর পেয়েই জেলাশাসক আয়েষা রানি এ জানিয়েছেন, সেচ দফতরের সঙ্গে কথা হয়েছে। খুব তাড়াতাড়ি পাড় বাঁধার কাজ শুরু হবে। প্রায় দু'মাস লাগাতার বৃষ্টি এবং দামোদরে জল ছাড়ার ঘটনায় ধুয়েমুছে সাফ হয়ে গেল গৈতানপুর চরমানা এলাকার পাড়। কয়েকবছর আগে ভাঙন ঠেকাতে তারের জালে বেঁধে বড় বড় বোল্ডার দিয়ে পাড় বাঁধানো হয়। কিন্তু সেই পাড় বাঁধাই ধুয়ে মুছে সাফ হয়ে যেতে শুরু করেছে। ফলে বিঘের পর বিঘে জমি দামোদরের গর্ভে যাচ্ছে। নতুন করে আতঙ্ক সৃষ্টি হয়েছে গৈতানপুর চরমানায়।

স্থানীয় সুধারানি দাস জানিয়েছেন, প্রত্যেক বছরই পাড় ভাঙছে। ৭-৮ বিঘে জমি ছিল, গিয়েছে। অল্প জায়গা আছে। নদী থেকে ১০ ফুট দূরে বাড়ি। কী হবে কে জানে! গৌতম দাসের বক্তব্য, পাড় ভাঙতে ভাঙতে দেড়-দুই বিঘা জমি চলে গিয়েছে।

স্থানীয় পঞ্চায়েত সদস্য কবিতা সরকার জানিয়েছেন, জেলাশাসক, বিডিও-র কাছে গিয়েছি। প্রশাসনের প্রতিনিধিরা দেখে গিয়েছেন। খাসজমি, পাট্টা দেওয়া জমি, প্রায় ৫০০ পরিবার আছে। সবাই আতঙ্কে। মুখ্যমন্ত্রী বর্ধমানে আসছেন মঙ্গলবার। তাঁরা চেষ্টা করবেন মুখ্যমন্ত্রীর কাছে এই সমস্যা তুলে ধরতে।

# চাকদহের ব্যাঙ্ক ডাকাতি ৫ দিনেই গ্রেফতার ৩

**সংবাদদাতা, নদিয়া :** নদিয়ার চাকদহ থানার লালপুর-বনগাঁ রোডে এক বেসরকারি ব্যাঙ্কে চাঞ্চল্যকর ডাকাতি হয় ১৯ অগাস্ট। সন্ধ্যা ছ'টা নাগাদ দুই মুখোশধারী আগ্নেয়াস্ত্র নিয়ে ঢুকে শাটার নামিয়ে কর্মীদের আটকে বন্ধক রাখা সোনার গহনা লুট করে। যাওয়ার সময় শাটারের বাইরে থেকে তালা মেরে দেয়। খবর পেয়ে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পৌঁছে চাকদহ থানার পুলিশ এবং পরে রানাঘাট জেলার পুলিশ সুপার আশিসকুমার মৌর্য তদন্ত শুরু করেন। ব্যাঙ্ক ও আশপাশের সিসিটিভি ফুটেজ পরীক্ষা করে একটি মোটরবাইকের সূত্র ধরে পাঁচদিনের মধ্যে সফল হয় পুলিশ। গ্রেফতার করা হয় তিন অভিযুক্ত রজ্জাক মণ্ডল, সাহেব মণ্ডল এবং মহসিন মণ্ডলকে। লুট হওয়া সোনা কোথায় আছে, জানতে ধৃতদের পুলিশ হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের আবেদন জানানো হয়েছে। এত কম সময়ে দুষ্কৃতীদের গ্রেফতারে সবাই সাধুবাদ জানিয়েছে পুলিশকে।

# ফেরার যুবক গ্রেফতার

**সংবাদদাতা, ঝাড়গ্রাম :** মারধরের ঘটনায় অভিযুক্ত এক যুবককে গ্রেফতার করল সাঁকরাইল থানার পুলিশ। জারি-থাকা ওয়ারেন্টের ভিত্তিতে রবিবার ভোরে ঝাড়গ্রাম জেলার সাঁকরাইল ব্লকের আন্ধারি গ্রাম থেকে গ্রেফতার করা হল অভিজিৎ বেরা (৩৫) নামে যুবককে। দীর্ঘদিন ফেরার থাকা অভিজিৎকে গোপন সূত্রে খবর পেয়ে আন্ধারি গ্রাম থেকে গ্রেফতার করে। রবিবার ঝাড়গ্রাম আদালতে তোলা হলে যুবকের পুলিশ হেফাজত হয়েছে।

# দুর্গাপুরে হাইমাস্ট পথবাতি আলো




**সংবাদদাতা, দুর্গাপুর :** দুর্গাপুর জুড়েই রাস্তাঘাট যেমন তৈরি হচ্ছে, সেই সঙ্গে সেগুলোর সৌন্দর্যায়নও করা হচ্ছে। তারই অংশ হিসাবে রাজ্য সরকারের উদ্যোগে আসানসোল-দুর্গাপুরে উন্নয়ন কর্তৃপক্ষের পক্ষ থেকে রবিবার দুর্গাপুরের পানাগড় বাজার এলাকায় চৌমাথা মোড়ে একটি হাইমাস্ট পথবাতির উদ্বোধন করা হয়। ওই এলাকাবাসীদের দীর্ঘদিনের দাবি মেনে ওই আলোকবাতি বসানোর উদ্যোগ নেয় আসানসোল-দুর্গাপুর উন্নয়ন কর্তৃপক্ষ। রবিবার বিকেলে উদ্বোধন করেন পঞ্চায়েত, গ্রামোন্নয়ন ও সমবায় দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী প্রদীপ মজুমদার। ছিলেন আসানসোল-দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটির চেয়ারম্যান কবি দত্ত, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার চেয়ারম্যান সুভাষ মণ্ডল, গলসি বিধানসভার বিধায়ক নেপাল ঘোড়ুই, কাঁকসা ব্লক উন্নয়ন আধিকারিক পর্ণা দে প্রমুখ। আলোকস্তম্ভের জন্য আলোকিত রাস্তায় দুর্ঘটনা যেমন এড়ানো যাবে, তেমনই সৌন্দর্যও বৃদ্ধি পাবে।

# জন্ডিসের গুজব শুনেই সক্রিয় স্বাস্থ্য দফতর



**সংবাদদাতা, শালবনি :** গ্রামে জন্ডিস ছড়াচ্ছে, এমন গুজব শুনে আতঙ্কিত হয়ে পড়েন গ্রামের মানুষ। খবর পেয়েই সক্রিয় স্বাস্থ্য দফতর। তবে স্থানীয়রা স্বাস্থ্যকেন্দ্রে বা হাসপাতালে না গিয়ে ওঝা বা গুনিনের কাছে গিয়ে খামোখা ভোগান্তি পোহাচ্ছেন।

জন্ডিস আক্রান্তের খবর পেয়েই এলাকায় যান গ্রামসম্পদ কর্মীরা। খোঁজখবর নেন। বিষয়টি ব্লক স্বাস্থ্য দফতরে জানান। এক কর্মী বলেন, গ্রামের মানুষের মধ্যে সচেতনতার অভাব। সরকারি স্বাস্থ্যকেন্দ্রে না গিয়ে, ওঝা বা গুনিনের কাছে ছুটছে। বোঝাতে গেলে ঝগড়া লেগে যাচ্ছে। খবর পেয়েই রবিবার বিকেলে যান ব্লক স্বাস্থ্য আধিকারিক। পিএইচই দফতর জল সংগ্রহ করেছে পরীক্ষার জন্য। সোমবার মেডিক্যাল টিম যাবে। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সৌম্যশঙ্কর ষড়ঙ্গী বলেন, ১২ জনের রক্তপরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা হয়েছে। রিপোর্ট এলেই জানা যাবে। মেডিক্যাল টিম যাচ্ছে ওই এলাকায়।




■ ভিনরাজ্যে বাঙালিদের উপর অত্যাচারের প্রতিবাদে আসানসোলে বাংলা পক্ষ-র মিছিল হল রবিবার বিকেলে। বাংলা পক্ষ-র পশ্চিম বর্ধমান জেলার উদ্যোগে আসানসোল সিটি বাসস্ট্যান্ড থেকে মিছিল শুরু হয়। উপস্থিত ছিলেন বাংলা পক্ষের সাধারণ সম্পাদক গর্গ চট্টোপাধ্যায়। মিছিল দীর্ঘ পথপরিক্রমা করে আশ্রম মোড়ে গিয়ে শেষ হয়েছে। মিছিলে দাবি করা হয়, বাংলার ভূমিপুত্র সংরক্ষণ আইন চাই।

# আট কুকুরকে বিষ খাইয়ে খুন, দোষীদের শাস্তি দাবি



**সংবাদদাতা, আসানসোল :** এবার অবলা জীবের প্রতি নিষ্ঠুরতার সাক্ষী থাকল আসানসোল। আটটি কুকুরকে বিষ খাইয়ে মেরে দেওয়ার অভিযোগ উঠল আসানসোলের হিরাপুর থানার অন্তর্গত মানিকচাঁদ গার্লস স্কুল সংলগ্ন এলাকায়। ঘটনা প্রকাশ্যে আসার পর হিরাপুর থানায় অভিযোগ দায়ের করা হয়। তদন্তে হিরাপুর থানার পুলিশ। স্থানীয় সমাজসেবী শঙ্কর নাগ বলেন, মানিকচাঁদ এলাকায় আটটি কুকুরকে বিষ খাইয়ে মেরে দেওয়া হয়েছে। আমরা থানায় অভিযোগ দায়ের করেছি। যে কুকুরগুলির দেহ উদ্ধার করা হয়েছে সেগুলিকে পোস্টমর্টেমে পাঠানো হবে। অবিলম্বে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে পশুপ্রেমী সংগঠনগুলি।

**চাকদহের বেসরকারি ব্যাঙ্কে ডাকাতির ঘটনায় রবিবার গ্রেফতার হল মূল দুই অভিযুক্ত-সহ তিন দুষ্কৃতী। এখনও পর্যন্ত উদ্ধার করা যায়নি প্রায় ১৫ কেজি সোনা**



# গালুডির জলে সুবর্ণরেখায় ভাঙন, তৎপর প্রশাসন সরাল ৭ পরিবারকে, ব্যবস্থা ত্রাণের

**গোপীবল্লভপুর**

**সংবাদদাতা, ঝাড়গ্রাম** : গালুডি জলাধার থেকে জল ছাড়ায় সুবর্ণরেখার ভাঙনে আতঙ্কের পরিবেশ তৈরি হওয়ায় ঝাড়গ্রামের গোপীবল্লভপুর ২ ব্লকের কুলিয়ানার মালিঞ্চা গ্রামে দ্রুত সরিয়ে দেওয়া হল সাতটি পরিবারকে। গালুডি জলাধার থেকে শনিবার প্রায় ২ লক্ষ কিউসেক জল ছাড়ায় এলাকায় ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়। নদীগর্ভে তলিয়ে যেতে বসেছিল অন্তত ৭টি বাড়ি। বিপদ আঁচ করে শনিবার গভীর রাতেই প্রশাসনের উদ্যোগে সরানো হয় ওই সাতটি পরিবারের মোট ৩২ সদস্যকে। তবে নদীর জলে তলিয়ে যায় একটি পরিত্যক্ত বাড়ি। নদী তীরবর্তী পোস্ট অফিসটিকেও নিরাপদ স্থানে স্থানান্তরিত করা হয়েছে। বর্তমানে পরিবারগুলিকে কুলিয়ানা সংঘের ঘরে আশ্রয় দেওয়া হয়েছে এবং তাদের জন্য খাবার ও ত্রাণের ব্যবস্থা করেছে প্রশাসন। গ্রামবাসীরা জানিয়েছেন, সুবর্ণরেখা নদীর জল এখন তীব্র স্ফীত অবস্থায় রয়েছে। ফলে ওই সাত পরিবারের পাশাপাশি আরও অন্তত ৩-৪টি পরিবার তীব্র আতঙ্কে দিন কাটাচ্ছে। নদীর গর্জনে গ্রামবাসীর রাতের ঘুম উড়ে গিয়েছে। ইতিমধ্যে গ্রামের আমবাগান, বহু চাষের জমি ও ক্লাবঘর নদীগর্ভে তলিয়ে গিয়েছে। এ প্রসঙ্গে গোপীবল্লভপুর ২ ব্লকের বিডিও নীলোৎপল চক্রবর্তী বলেন, ৭টি পরিবারের ৩৩ জনকে সরানো হয়েছে। তাঁদের খাবারের ব্যবস্থা করা হয়েছে। আরও কয়েকটি বাড়ি বিপজ্জনক অবস্থায় রয়েছে। যে কোনও সময় জল ঢুকতে পারে। পরিস্থিতির উপর নজর রাখছি। তবে সেচ দফতর এখনও বাঁধাইয়ের কাজ শুরু করেনি, যদিও ইঞ্জিনিয়াররা মাপজোক করে গিয়েছেন। রবিবার বিকেল পর্যন্ত গালুডি জলাধার থেকে আর জল ছাড়ার খবর নেই। তবে ফের জল ছাড়া হলে গ্রামের বহু বাড়ি ভেসে যাওয়ার আশঙ্কা রয়েছে। গ্রামবাসীরা দ্রুত নদীর পার বাঁধাইয়ের দাবি তুলেছেন।



■ জলাধারের ছাড়া জলে সুবর্ণরেখার ভাঙনে নদীগর্ভে তলিয়ে গেল পাকা বাড়ি।

## টিএমসিপি প্রতিষ্ঠা দিবসের প্রস্তুতিসভা



**সংবাদদাতা, চন্দ্রকোনা** : ২৮ অগাস্ট তৃণমূল ছাত্র পরিষদের আসন্ন প্রতিষ্ঠাদিবসকে সামনে রেখে রবিবার চন্দ্রকোনা ২ নং ব্লক, শহর ও কলেজ ছাত্র পরিষদের উদ্যোগে অনুষ্ঠিত হল প্রস্তুতিসভা ও পথসভা। সভায় উপস্থিত ছিলেন ঘাটাল সাংগঠনিক জেলা তৃণমূল ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক শুভজিৎ সাঁতরা, জাফিরউদ্দিন, চন্দ্রকোনা ২ ব্লক যুব তৃণমূল সভাপতি অতনু দে, চন্দ্রকোনা শহর যুব তৃণমূল সভাপতি, কাউন্সিলর অভিজিৎ রায়, গোবিন্দ দাস, সমর দোলুই, চন্দ্রকোনা ২ ব্লক তৃণমূল ছাত্র পরিষদের সহ-সভাপতি গণেশ দলুই, চন্দ্রকোনা শহর তৃণমূল ছাত্র পরিষদের সহ-সভাপতি সুমন দেব, ছাত্র নেতৃত্ব শেখ আব্দুল কালাম, রাহুল খান প্রমুখ।

## পুলিশের জালে ভুয়ো সাইবার ক্রাইম অফিসার



**সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর** : দাসপুর থানার পুলিশের হাতে আটক হল ভুয়ো সাইবার ক্রাইম থানার অফিসার খানাকুলের খোকন মণ্ডল। তার ঠাঁটবাট দেখে হতবাক হয়ে যায় আসল পুলিশও। স্থানীয় সূত্রে জানা যায়, দাসপুরের দুর্গাপুর এলাকায় এক বাসিন্দার মোবাইলে কয়েকদিন আগে এলাকার একজন গৃহবধূর অর্ধনগ্ন কিছু ছবি পাঠায় কেউ। ক'দিন পরই পুলিশ অফিসার পরিচয় দিয়ে একজন ফোন করে বলে, হুগলির খানাকুলে দায়ের হওয়া অভিযোগ নিয়ে তদন্তের স্বার্থে তাঁর সঙ্গে কথা বলতে যাবেন কয়েকজন অফিসার। পরের দিনই দু'জন তাঁর বাড়িতে এসে মোবাইল থেকে বেশ কিছু তথ্য নিয়ে যায়। শনিবার সকালে ফের ফোন করে জানানো হয়, পরবর্তী তদন্তের জন্য আরও এক অফিসার তাঁর বাড়ি যাবেন এবং মোবাইলটি নিয়ে আসবেন। শনিবার সন্ধে নাগাদ সাইবার ক্রাইম অফিসার পরিচয় দিয়ে আটক ব্যক্তি এসে তদন্তের নামে মোবাইল সিজ করার কথা বললে বাড়ির লোকজন খবর দেয় দাসপুর থানায়। পুলিশ এসে পরিচয়পত্র দেখতে চাইলে সে প্রথমে পুলিশকে ধমক দেয়। শেষে জেরায় স্বীকার করে সে পুলিশের লোক নয়। তাকে আটক করে দাসপুর থানার পুলিশ।

## ভুয়ো প্রোফাইল

**সংবাদদাতা, তমলুক** : ফের তমলুক থানার আইসি সুভাষচন্দ্র ঘোষের নাম ও ছবি ব্যবহার করে ফেসবুকে ভুয়ো অ্যাকাউন্ট খুলে তাঁর চেনা-পরিচিতদের ফ্রেন্ড রিকোয়েস্ট পাঠানো হচ্ছিল। আইসি থানায় অভিযোগ করেছেন। নিজের আসল অ্যাকাউন্ট থেকে সতর্কতামূলক পোস্টও করেন। এর আগে গত ফেব্রুয়ারিতেও তাঁর নামে ফেক প্রোফাইল খোলা হয়।

# টানা বৃষ্টিতে ভাঙল মাটির দোতলা বাড়ি, ৭ পরিবারের আশ্রয় হল স্কুলে

**সংবাদদাতা, বাঁকুড়া** : টানা কয়েকদিনের নিম্নচাপের বৃষ্টিতে হুড়মুড়িয়ে ভেঙে পড়ল দোতলা মাটির বাড়ি। আগেই বুঝতে পারায় অল্পের জন্য প্রাণে বেঁচে গেল ৭টি পরিবার। তবে মাথায় ছাদ হারিয়ে এখন কার্যত দিশেহারা ওই পরিবারগুলি। শনিবার বিকেলে বাঁকুড়ার আগড়দা গ্রামের এই ঘটনায় মাথার উপর ছাদহারা ওই ৭ পরিবারের ২৫ জন সদস্যের এখন ঠিকানা হয়েছে স্থানীয় স্কুলবাড়ি। এই পরিবারগুলি আবাসের বাড়ি পায়নি বলে পুরনো মাটির বাড়িতেই বসবাস করছিল। এবার সেই বাড়ি ভেঙে পড়ায় অসহায় হয়ে পড়েছে পরিবারগুলি। তৃণমূলের দাবি, বিজেপির বঞ্চনার শিকার এঁরা। কারণ তালিকায় থেকেও এঁরা প্রধানমন্ত্রীর বাড়ি পাননি। বিজেপির নেতারা কলকাঠি নাড়ায় বঞ্চিত হয়েছেন এই সব গরিব ও প্রকৃত উপভোক্তারা।



■ বাঁকুড়ার আগড়দা গ্রামে বৃষ্টিতে ভেঙে পড়ল বাড়ি।

# রানিগঞ্জের নিখোঁজ গৃহবধূর দেহ মিলল দামোদরের চরে

**প্রতিবেদন** : একদিন পর রানিগঞ্জের চাপুই গ্রামের মণ্ডলপাড়ার নিখোঁজ গৃহবধূ সুস্মিতা মালাকারের (৩২) দেহ রবিবার দামোদর নদের চরে পাওয়া গেল। তিরাট গ্রাম পঞ্চায়েতের চেলোদ এলাকায় দামোদর নদে ভাসতে দেখা যায় তাঁর দেহ। রানিগঞ্জের গাড়িচালক মান্তু মালাকারের স্ত্রী সুস্মিতা শনিবার সকাল থেকেই নিখোঁজ বলে জানিয়ে নিমচা পুলিশ ফাঁড়িতে রাতেই ডায়েরি করেন তাঁর স্বামী। তার পরই রবিবার সকালে চেলোদ এলাকার বেশ ক'জন বাসিন্দা দামোদর নদের দিকে যাওয়ার সময় মহিলার দেহ দেখতে পান। খবর পেয়েই দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পুলিশ সমস্ত বিষয় লক্ষ্য করে। এলাকাটি যেহেতু বাঁকুড়ার শালতোড়া থানার মধ্যে সেই কারণেই দেহ উদ্ধারের জন্য শালতোড়া থানার পুলিশকে খবর দেওয়া হয়। শালতোড়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে পাঠায়। জলে ডুবে মৃত্যু নাকি পিছনে অন্য কোনও কারণ আছে তা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে শালতোড়া থানার পুলিশ। পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

## মহিষাদলে টিপ টিপ বৃষ্টির সঙ্গে নাচে-গানে কবিতায় জমে উঠল শ্রাবণ পার্বণ আসর

**সংবাদদাতা, মহিষাদল** : টিপ টিপ বৃষ্টির সঙ্গে নাচ-গান-কবিতার মেলবন্ধনে জমে উঠল পূর্ব মেদিনীপুরের মহিষাদলে অনুষ্ঠিত শ্রাবণ পার্বণ। রবিবার বর্ষামুখর দিনে চারিদিকে জলমগ্ন পরিস্থিতির মাঝেও শিঞ্জন অঙ্গনে অনুষ্ঠিত বর্ষার আবাহনে উপস্থিত মানুষজনের মনে জাগিয়ে তুলল শৈল্পিক চিন্তাধারা। আর এই চিন্তাধারার সঙ্গী হতে হলদিয়া ও তমলুক মহকুমার শিল্পীদের দিয়ে অনুষ্ঠিত হল শ্রাবণ পার্বণ। শ্রুতিশৈলী ও শিঞ্জন সংস্থার উদ্যোগে। গাছে জল সিঞ্চনের মাধ্যমে সূচনা হয় এদিনের এই শ্রাবণ পার্বণের। অতিথিদের হাতেও তুলে দেওয়া হয় একটি করে চারাগাছ। গোটা অনুষ্ঠানের পরিকল্পনা ও বিন্যাস অরিজিৎ বসু ও শর্মিষ্ঠা দে ভৌমিকের। তাঁরা বলেন, বাংলা সাহিত্য-সংস্কৃতিতে বৃষ্টির অনন্য অনুসঙ্গ রয়েছে। শ্রাবণ পার্বণ উদযাপন মূলত বৃষ্টিকে কেন্দ্র করে একটি আনন্দমুখর সময় উপহার দেওয়া।

# বর্ধমান থেকে সিদ্ধার্থ-তন্দ্রার ফাইবারের দুর্গার কানাডায় পাড়ি

সুনীতা সিং ● বর্ধমান

রবিবার বর্ধমান থেকে কানাডার অন্টারিওতে পাড়ি দিল ফাইবারে গড়া দুর্গামূর্তি। বর্ধমানের শিল্পীদম্পতি সিদ্ধার্থ পাল ও তন্দ্রা পাল বেশ কয়েকদিন দিনরাত খেটে প্রায় আড়াই কেজি ওজনের এবং ৪-৬ মিলিমিটার মোটা ফাইবার গ্লাসের তৈরি ৩০ ইঞ্চি চওড়া এবং ২০ ইঞ্চি উচ্চতার দুর্গাপ্রতিমা গড়ে তোলেন। শিল্পী সিদ্ধার্থ পাল জানিয়েছেন, নদিয়ার শান্তিপুরে তাঁর এক আত্মীয় কানাডায় পোশাক রফতানি করেন। সেই আত্মীয়র কাছ থেকে কানাডার যে পোশাক ব্যবসায়ীরা মাল নেন তাঁরাই কয়েকজন মিলে প্রথমবার সে দেশে দুর্গাপুজো করবেন। তিনি আরও জানিয়েছেন, দেরিতে কাজটা হাতে এসেছে। ফলে ২০-২৫ দিনের মধ্যেই কাজ শুরু করে শেষও করে ফেলেছেন। দূরদেশের কাজ পেয়েছেন বলে অন্য কাজ বন্ধ করেই এই কাজটা শেষ করতে হয়েছে। না হলে এই ধরনের কাজ শেষ করতে প্রায় এক-দেড় মাস সময় লাগে। প্রথমে মাটির মূর্তি করে সেটার প্ল্যাস্টার অফ প্যারিসে ছাঁচ বা ডাইস করে নিয়ে তারপর ফাইবার গ্লাস ঢেলে মূর্তি করতে হয়। রবিবারই এই মূর্তি প্যাকিং করে কুরিয়রের মাধ্যমে কানাডার উদ্দেশে পাঠানো হল। কানাডায় পৌঁছাতে প্রায় ১০ দিন মতো সময় লাগবে। উল্লেখ্য, সিদ্ধার্থ পাল পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলায় কাজ করেন। কিন্তু বিদেশে দুর্গাপ্রতিমা পাঠানো এই প্রথম। তিনি জানান, ৫-৬ বছর আগে নরওয়েতে লক্ষ্মী ও সরস্বতী এবং ১৫ বছর আগে আমেরিকায় একবার শিবের মূর্তি গড়ে পাঠিয়েছিলেন।



আমার বাংলা
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল
25 August, 2025 • Monday • Page 10 || Website - www.jagobangla.in

# মহিলা স্বয়ম্ভর গোষ্ঠীর ভোটে গোহারা বিজেপি, ২৬-৪-এ জয়ী হল তৃণমূল

**সংবাদদাতা, নদিয়া:** মানুষের উন্নয়নের কথা ভুলে গিয়ে রাজ্যে বিজেপি এসআইআর নিয়ে মাতামাতি করছে। অন্যদিকে বিজেপি-শাসিত বিভিন্ন রাজ্যে বাঙালিরা আক্রান্ত হচ্ছেন। বাংলাবিদ্বেষী বিজেপির এই সব কাজের প্রতিবাদে মানুষ ভোটবাক্সে তৃণমূলের পক্ষে ভোট দিয়ে আরও একবার প্রমাণিত করলেন বাংলার মানুষ মা-মাটি-মানুষের সরকারের সঙ্গেই আছেন। বাঙালির অস্মিতা রক্ষার জন্য তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় সারা ভারতে আন্দোলন গড়ে তুলেছেন। বাঙালি নির্যাতনের বিষয়ে সোচ্চার হয়েছেন। এই পরিস্থিতিতে শান্তিপুর ব্লকের মহিলা স্বনির্ভর গোষ্ঠীর ক্লাস্টার কমিটির নির্বাচনে বিজেপিকে ধরাশায়ী করে আরও একবার জয় পেলেন তৃণমূল প্রার্থীরা। রবিবার সকাল থেকেই নির্বাচন চলাকালীন চরম উত্তেজনা ছিল শান্তিপুর ব্লক অফিসে। ব্লকের দশটি গ্রাম পঞ্চায়েতের মধ্যে বাবলা, বেলঘরিয়া ১ নম্বর এবং আরবান্দি ১ নম্বর পঞ্চায়েতে তিনটি স্বনির্ভর মহিলা গোষ্ঠীর ক্লাস্টার গঠনের নির্বাচন ছিল। গত পঞ্চায়েত নির্বাচনে নদিয়া জেলায় একমাত্র শান্তিপুর পঞ্চায়েত সমিতি জেতে বিজেপি। সেই শান্তিপুরেই মহিলা গোষ্ঠীর নির্বাচন ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। আর সেখানে কোনওভাবেই



■ জয়ের পর শংসাপত্র হাতে তৃণমূলের মহিলা প্রতিনিধিরা। রবিবার, শান্তিপুরে।

দাঁত ফোটাতে পারল না বিজেপি। তিনটি পঞ্চায়েত এলাকার মধ্যে সবচেয়ে ভাল ফল আরবান্দি ১ নম্বর পঞ্চায়েতে। সেখানে ৯টি আসনের সবগুলিতেই জয়ী তৃণমূল। অন্যদিকে বাবলা পঞ্চায়েতের ১৪টির মধ্যে ১১ এবং বেলঘরিয়া ১ পঞ্চায়েতে ৭টির মধ্যে ৬টিতেই জয়লাভ করে তৃণমূল। ২০২৬-এর বিধানসভা নির্বাচনের আগে তৃণমূলের এই জয় জেলা নেতৃত্বকে উজ্জীবিত করেছে। এ-বিষয়ে শান্তিপুরের বিধায়ক ব্রজকিশোর গোস্বামী জানান,

**শান্তিপুর**

মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার সবসময় বাংলার মানুষের পাশে থেকে তাদের উন্নয়নে শরিক হয়েছে। লক্ষ্মীর ভাণ্ডার থেকে কন্যাশ্রী-রূপশ্রী এই সব প্রকল্পে স্বয়ংসম্পূর্ণ হয়েছেন গ্রামীণ মহিলারা। পরবর্তীতে স্বয়ম্ভর গোষ্ঠীতেও মহিলাদের ঋণদান থেকে বিভিন্ন সুযোগসুবিধা দিয়ে স্বনির্ভর করে তোলা হয়। মুখ্যমন্ত্রীর উন্নয়নের প্রতি আস্থা জ্ঞাপন করেছেন মানুষ। তাই তাঁদের ভোটেই বিপুলভাবে তৃণমূল জিতেছে। আগামী বিধানসভা নির্বাচনেই এর সুফল তৃণমূল পাবে।

# উত্তরপ্রদেশে পথদুর্ঘটনায় মৃত্যু স্ত্রী, ছেলে-সহ কাঁথির শ্রমিকের

## প্রশাসনের চেষ্টায় আজ গ্রামে আসছে দেহ

**সংবাদদাতা, কাঁথি :** উত্তরপ্রদেশে হরিদ্বার-জেহানাবাদ জাতীয় সড়কে শনিবার ভয়াবহ পথদুর্ঘটনায় মৃত্যু হয় কাঁথির গৃহবধূ ফরিদা বিবি ও তাঁর ছেলে জাহান্নাসিম সাহার (১২)। এঁরা দুজন-সহ ওই দুর্ঘটনায় মৃত মোট ৫ জন ঘটনাস্থলেই মারা যান। রবিবার হাসপাতালে মারা গেলেন ফরিদার স্বামী পরিযায়ী শ্রমিক জাহাঙ্গীর সাহা। দুর্ঘটনায় আহত হল ফরিদা বিবিদের পরিবারের আরও তিন সদস্য-সহ মোট ৬ জন। ভয়াবহ এই দুর্ঘটনার খবর রবিবার কাঁথির দেশপ্রাণ ব্লকের ব্রাহ্মণ শ্মশান গ্রামে পৌঁছতেই শোকের ছায়া নামে পরিবারে। জানা গিয়েছে, পেশায় রাজমিস্ত্রি জাহাঙ্গীর এর আগে কেরলে কাজ করতেন। এর পর উত্তরপ্রদেশের বেরিলিতে এক ঠিকাদারের সঙ্গে যোগাযোগ হলে স্ত্রী, দুই ছেলে ও এক ভাগ্নিকে নিয়ে শুক্রবার ভোরে কাঁথি থেকে উত্তরপ্রদেশ রওনা দেন তিনি। কাজে যোগ দেওয়ার আগে আমারিয়ায়



■ কাঁথির গ্রামের বাড়িতে শোকার্ত পুত্রহারা মা-বাবা এবং ভাই।

শালীর বাড়ি যাওয়ার কথা ছিল তাঁদের। সেখানে পারিবারিক অনুষ্ঠানে যোগ দেওয়ার পর সেই পথেই কাজে যাওয়ার কথা ছিল জাহাঙ্গীরের। সেইমতো শনিবার দুপুরে ট্রেন থেকে নেমে জাহাঙ্গীর ও তাঁর পরিবারের সদস্যরা একটি অটোয় ওঠেন আমারিয়া যাওয়ার জন্য। সেই সময় অটোতে চালক-সহ ছিল মোট ১১ জন। কয়েক কিলোমিটার এগোতেই জেহানাবাদ থানার বিসেন গ্রামের সরদার নগর পেট্রোল পাম্পের কাছে আচমকা একটি গাড়ি সামনের দিক থেকে এসে তাঁদের অটোয় ধাক্কা মারে। তাতে দুমড়ে-মুচড়ে পাশের একটি খাদে গিয়ে পড়ে অটোটি। ছুটে আসেন স্থানীয় মানুষজন। পরে জেহানাবাদ থানার পুলিশের চেষ্টায় সকলকে উদ্ধার করা হয়। তবে ঘটনাস্থলে ফরিদা ও তাঁর কিশোর পুত্র-সহ পাঁচজনের মৃত্যু হয়। পরে পুলিশের তৎপরতায় জাহাঙ্গীর ও তাঁর ছোট ছেলে এবং ভাগ্নী-সহ আহত ৬ জনকে উদ্ধার করে জেহানাবাদ কমিউনিটি হেলথ সেন্টারে নিয়ে যাওয়া হয়। আশঙ্কাজনক অবস্থায় জাহাঙ্গীরকে বেরিলি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। রবিবার সেখানেই মারা যান জাহাঙ্গীর। জাহাঙ্গীরের পরিবারে স্ত্রী-পুত্র ছাড়াও আছেন বাবা-মা ও এক ভাই। বাবা মানসিক ভারসাম্যহীন এবং মা বিশেষভাবে সক্ষম মহিলা। জাহাঙ্গীরই পরিবারের একমাত্র রোজগেরে সদস্য ছিলেন। জেলা পরিষদ কর্মাধ্যক্ষ তরুণ জানা বলেন, দুর্ভাগ্যজনক ঘটনা। আমি জাহাঙ্গীরের পরিবারের সঙ্গে কথা বলেছি। সব সময় পাশে আছি। উত্তরপ্রদেশ পুলিশের সঙ্গে যোগাযোগ করে সোমবার মৃতদেহ গ্রামে আনার সমস্ত ব্যবস্থা করা হয়েছে বলে জানান কাঁথি থানার আইসি প্রদীপকুমার দান।

# ভেঙে পড়ার কয়েক ঘণ্টার মধ্যেই বিধায়কের উদ্যোগে সেতু মেরামতি

**সংবাদদাতা, পুরুলিয়া :** প্রবল বর্ষণের জেরে ভেঙে পড়েছিল সেতু। খবর পেয়েই ছুটে যান বাঘমুন্ডির বিধায়ক সুশান্ত মাহাতো। এলাকায় দাঁড়িয়ে সেচমন্ত্রী মানস ভুঁইয়াকে ফোন করেন তিনি। আর তার কিছুক্ষণের মধ্যেই শুরু হয়ে যায় ভাঙা সেতু মেরামতির কাজ। শনিবার সন্ধ্যায় ঝালদা থানার প্রত্যন্ত এলাকা হেঁসাহাতু অঞ্চলের পাটুব গ্রামের ঘটনায়



■ ভাঙা নদীসেতু পরিদর্শনে বিধায়ক সুশান্ত মাহাত।

বিধায়কের তৎপরতায় ভীষণ খুশি এলাকার মানুষ। বিধায়ক সুশান্ত মাহাত বলেন, পাটুব গ্রামের পাশ দিয়ে বয়ে গিয়েছে একটি ছোট নদী। সেই নদীর উপর নির্মিত সেতু দিয়েই জঙ্গল এলাকার অন্তত দশটি গ্রামের মানুষ যাতায়াত করেন। শনিবার দিনভর প্রবল বৃষ্টির জন্য নদীতে জলস্তর বেড়ে গিয়েছিল। প্রবল স্রোতে সেতুটির কোনও ক্ষতি না হলেও দু'পাশের রাস্তা ধুয়েমুছে গিয়েছে। ঘটনাস্থল থেকেই মানসদাকে ফোন করে বিষয়টি জানাই। সঙ্গে সঙ্গে তিনি ব্যবস্থা নেন। স্থানীয় বাসিন্দারা বলছেন, এমন ঘটনা আগে ঘটেনি। তাঁদের আশা, কয়েকদিনের মধ্যেই সেতুটি আবার ব্যবহারের যোগ্য হয়ে উঠবে।

# হাইকোর্টের নির্দেশে ময়নাতদন্তের জন্য কবর থেকে উঠল দেহ

**প্রতিবেদন :** রবিবার মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের তেঘড়ি এলাকার কবর থেকে দ্বিতীয়বার ময়নাতদন্তের জন্য তোলা হল গৃহবধূর দেহ। কলকাতা হাইকোর্টের নির্দেশে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে চলে কবর থেকে দেহ তোলার কাজ। পরে সেই দেহ কল্যাণীর এইমসে ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়া হয়েছে। পুলিশ সূত্রে খবর, প্রায় ৪ মাস আগে রঘুনাথগঞ্জের মহম্মদপুরের গৃহবধূ ফতেমা খাতুনের (২০) ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পুলিশের কাছে বাপের বাড়ির লোকজন লিখিত অভিযোগ করেন, শ্বশুরবাড়ির লোকজনই মেয়েকে খুন করেছে।

অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত স্বামী-সহ শ্বশুরবাড়ির তিনজনকে গ্রেফতার করে পুলিশ। কিন্তু ময়নাতদন্তের রিপোর্টে সন্তুষ্ট না হয়ে ফের ময়নাতদন্তের জন্য আবেদন করেন মৃতার বাপের বাড়ির লোকজন। আবেদনে সাড়া দিয়ে কলকাতা হাইকোর্ট এই ব্যাপারে নির্দেশ দেওয়ার পরই রবিবার ওই গৃহবধূর দেহ কবর থেকে তুলে ফের পাঠানো হয় ময়নাতদন্তের জন্য।

# নতুন রূপে খুলছে মধুবনী পার্ক

**সংবাদদাতা, জলপাইগুড়ি :** ডুয়ার্সের জনপ্রিয় পর্যটনকেন্দ্র গয়েরকাটার মধুবনী পার্ক ফের নতুন রূপে খুলতে চলেছে। দীর্ঘদিনের জট কাটিয়ে এবার পার্কটির উন্নয়নের দায়িত্বে জলপাইগুড়ি জেলা পরিষদ। উল্লেখ্য, করোনাকালে বন্ধ হয়ে যায় পার্কটি। পরে ধূপগুড়ি ও বানারহাট পঞ্চায়েত সমিতির টানাপোড়েনে অচল হয়ে পড়ে এই পর্যটনকেন্দ্র। অচলাবস্থার অবসান ঘটাতে হস্তক্ষেপ করেছে জেলা প্রশাসন। সহকারী সভাধিপতি সীমা চৌধুরি জানান, পার্কের উন্নয়নের দায়িত্ব জেলা পরিষদ নিয়েছে। ইতিমধ্যেই আধিকারিক ও ইঞ্জিনিয়াররা পরিদর্শন করেছেন। খুব শীঘ্রই কাজ শুরু হবে। এতে পর্যটন বাড়বে, কর্মসংস্থান তৈরি হবে, পাশাপাশি স্থানীয় মানুষ ও সরকার উভয়েই লাভবান হবে। থাকছে নৌকাবিহার, শিশুউদ্যান, আধুনিক কটেজে রাত্রিযাপনের সুবিধা-সহ নানা বিনোদনের ব্যবস্থা। ফলে ডুয়ার্সের পর্যটন মানচিত্রে ফের উজ্জ্বল হয়ে উঠতে চলেছে জনপ্রিয় এই মধুবনী পার্ক।




# ১১ লক্ষ খরচে হাসপাতালে বিশ্রামাগারের সূচনা বিধায়কের

**সংবাদদাতা, ডেবরা :** ডেবরা সুপার স্পেশালিটি হাসপাতালের তাঁদের জন্য বিশ্রামাগারের খুব প্রয়োজন জানিয়ে বহুদিন ধরেই দাবি তুলেছেন রোগীর পরিজনরা। বিধায়ক তহবিল থেকে তাঁদের দাবি মেটাতে টাকা অনুমোদন করেন ডেবরার বিধায়ক হুমায়ুন কবীর। প্রায় ১১ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত বিশ্রামাগারে থাকছে পুরুষ ও মহিলাদের জন্য আলাদা আলাদা কক্ষ ছাড়াও পানীয় জল, শৌচাগার ও স্নানের



■ বিশ্রামাগারের উদ্বোধনে বিধায়ক হুমায়ুন কবীর।

ব্যবস্থা। একই সঙ্গে রবিবার ৩ লক্ষ টাকা খরচ করে গড়া হাসপাতালের সামনে যাত্রী প্রতীক্ষালয়টিরও উদ্বোধন করেন বিধায়ক। বিধায়কের সঙ্গে ছিলেন ডেবরা পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ সীতেশ ধাড়া-সহ অন্যরা। বিধায়ক বলেন, মানুষের খুব সমস্যা হত। পানীয় জল, শৌচাগারের দাবিও ছিল। সেটা মাথায় রেখেই এই বিশ্রামাগার তৈরি করা হয়েছে। এতে সবাই উপকৃত হবেন।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

পিকআপ ভ্যানের সঙ্গে এলপিজি ট্যাঙ্কারের সংঘর্ষে ঝলসে মৃত্যু হল ৭ জনের। জখম হয়েছেন ১৫ জন। ঘটনাটি ঘটেছে পাঞ্জাবের হোসিয়ারপুর-জলন্ধর সড়কে মান্ডিয়ালা অড্ডার কাছে। সংঘর্ষে আগুন লেগে যায় ট্যাঙ্কারে। ঝলসে যায় আশপাশের বাড়িও



## মোদিরাজ্যে গেরুয়া ঔদ্ধত্য

# দলিত-বিরোধী বিজেপি জুতোপেটা ইঞ্জিনিয়ারকে



**প্রতিবেদন :** মুখে সংবিধান রক্ষা নিয়ে বড়-বড় কথা বললেও আসলে বিজেপি দলটা দলিত, আদিবাসী জনজাতিকে প্রবল ঘৃণার চোখে দেখে। মধ্যপ্রদেশ কিংবা উত্তরপ্রদেশে প্রায় প্রতিদিনই দলিত নিগ্রহের ঘটনা ঘটে। তেমনই যোগীরাজ্যের একটি ঘটনা, যেখানে দলিত ইঞ্জিনিয়ারের দিকে হাতে জুতো নিয়ে তেড়ে গেলেন বিজেপি নেতা! সেই ঘটনার ভিডিও ইতিমধ্যেই ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়া। ঘটনার তীব্র ধিক্কার জানাচ্ছে তৃণমূল কংগ্রেস। দলের তরফে ভাইরাল ভিডিও পোস্ট করে সমাজমাধ্যমে লেখা হয়েছে, দলিত ইঞ্জিনিয়ারকে জুতোপেটা বিজেপি কর্মীর যোগীরাজ্য উত্তরপ্রদেশে। এরা মুখে সংবিধান রক্ষার কথা বলে, আর উল্টোদিকে সংবিধান-বিরোধী কাজে লিপ্ত থাকে। উত্তরপ্রদেশের এই ঘটনার আমরা তীব্র ধিক্কার জানাচ্ছি। অভিযুক্তের দ্রুত শাস্তির দাবি জানাচ্ছি আমরা। দলিত-বিরোধী এই বিজেপির পতনের ডাক দিয়েছে তৃণমূল কংগ্রেস।

# বিজেপি-নীতীশের বিহারে বহাল তবিয়তে পাক নাগরিক

**প্রতিবেদন:** বাংলার অরক্ষিত সীমান্ত পেরিয়ে বাংলাদেশের নাগরিকদের অনুপ্রবেশ নিয়ে চিৎকার করছেন অমিত শাহ। এবার সীমান্তে অমিত শাহের বিএসএফের ব্যর্থতার পাশাপাশি স্বরাষ্ট্রমন্ত্রকের গোয়েন্দা বিভাগের ব্যর্থতাকে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিচ্ছে বিহার। এর আগে বিশেষ নিবিড় ভোটার তালিকা সংশোধনী চলার সময় বিহারে নেপাল, মায়ানমার, বাংলাদেশের নাগরিকের অস্তিত্ব জানা গিয়েছিল। এবার ভাগলপুরের মতো শহরে খোঁজ মিলল পাকিস্তানি নাগরিকদের। যারা ভারতীয় পরিচয়পত্র বানিয়ে বাস করছে। অথচ এর কোনও খবরই নেই বিহার প্রশাসনের কাছে।

সম্প্রতি ভোটার তালিকা সংশোধনের প্রক্রিয়া নির্বাচন কমিশনের আধিকারিকরা চালানোর সময় খোঁজ পাওয়া গিয়েছে ভাগলপুরের দুই পাকিস্তানি নাগরিকের। দু'জনেই পাক মহিলা নাগরিক। তাঁদের বাড়ি পাকিস্তানের অন্তর্গত পাঞ্জাব প্রদেশের খুশাব এলাকায়। তাঁদের নাম ইমরানা খনম ও ফিরদৌসিয়া খনম। এই তথ্য সামনে আসার পর যদিও ভাগলপুরের জেলাশাসক নওয়াল কিশোর চৌধুরী দাবি করছেন, এই ধরনের নাগরিকের কোনও খোঁজ প্রশাসনের কাছে নেই। ভাগলপুর জেলায় ২৪ লক্ষ মানুষের বাস। তাঁদের নাগরিকত্ব প্রমাণে বিএলওরা কাজ করছেন। যদি এরকম নাগরিক থাকে তবে আধিকারিকদের হাতে সেই তথ্য আসবে, বলে আশা করে বসে রয়েছেন জেলাশাসক। জম্মু-কাশ্মীরের পহেলগাঁওয়ে পাক জঙ্গিরা ঢুকে ভারতীয় পর্যটকদের উপর নির্বিচারে গুলি চালিয়েছিল। প্রমাণ হয়ে গিয়েছিল অমিত শাহর বিএসএফ ও গোয়েন্দা বিভাগের ব্যর্থতা।

# দুর্নীতির বিরুদ্ধে লড়াই লক্ষ্য নয় গণতন্ত্রকে ধ্বংস করতেই এই বিল

## তৃণমূলের পথেই জেপিসি বয়কটের ঘোষণা আপের

**প্রতিবেদন:** অখিলেশ যাদবের সমাজবাদী পার্টির মতোই তৃণমূলের পথেই হাঁটল অরবিন্দ কেজরিওয়ালের আম আদমি পার্টি। ২০ অগাস্ট লোকসভায় মোদি সরকারের পেশ করা সংবিধান সংশোধনী বিল খতিয়ে দেখতে এবং পর্যালোচনা করতে যে যৌথ সংসদীয় কমিটি গঠন করা হচ্ছে তাতে যোগ দেবে না আপ। তৃণমূল আগেই ঘোষণা করেছে, মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রীকে জেলে পাঠানোর প্রস্তাব দিয়ে আনা সংবিধান সংশোধনী বিলের জেপিসিতে থাকবে না দল। এবার জেপিসিতে না থাকার কথা স্পষ্ট জানিয়ে দেওয়া হল আপের পক্ষ থেকেও।

রবিবার দলের সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করে আপ নেতা সঞ্জয় সিংয়ের মন্তব্য, মোদি সরকার এমন একটা বিল এনেছে যা পুরোপুরি অসাংবিধানিক। এই বিলের একমাত্র উদ্দেশ্য, বিরোধী নেতাদের জেলে পোরা এবং বিরোধী দলগুলোর সরকারের পতন ঘটানো। বিজেপিকে তীব্র ভাষায় আক্রমণ করে সঞ্জয়ের মন্তব্য, এই বিলের মূল লক্ষ্য দেশের গণতন্ত্রকে ধ্বংস করা। গণতন্ত্রের ইতি ঘটানো। দুর্নীতির অবসান ঘটানো নয়। কারণ বিজেপি দুর্নীতিকে ভালবাসে। সঞ্জয়ের প্রশ্ন, মুকুল রায়, শুভেন্দু অধিকারী, হেমন্ত বিশ্বশর্মা কোন দলে রয়েছেন? এই ব্যাপক ভ্রষ্টাচার কোন দলে?




**ডেরেক ও'ব্রায়েন**

বিজেপি জমানায় জেপিসি মূল্যহীন। সময় নষ্টের কৌশল



**অখিলেশ যাদব**

দেশের যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় আঘাত হানবে এই বিল



**সঞ্জয় সিং**

বিরোধী নেতাদের জেলে পোরাই বিলের উদ্দেশ্য

এদিকে তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েনের তীব্র কটাক্ষ, বিজেপি জমানায় জেপিসি মূল্যহীন হয়ে পড়েছে। এটা এখন সময় নষ্ট করার কৌশল হিসাবে ব্যবহৃত হয়। ২০১৪-র পর থেকে প্রতিটি জেপিসিতেই বিরোধীদের মতামতকে বুলডোজ করে বিজেপি নিজেদের মতই চাপিয়ে দেয়। গণতান্ত্রিক প্রক্রিয়াকে উপেক্ষা করা হয়। এই কালা বিলের ক্ষেত্রেও এই কমিটি গুরুত্বহীন।

লক্ষণীয়, তৃণমূলের দেখানো পথে এর আগেই জেপিসিতে না থাকার সিদ্ধান্ত ঘোষণা করেছে অখিলেশ যাদবের সমাজবাদী পার্টি। তাঁর সাফ কথা, মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর তৃণমূল কংগ্রেসের পাশেই দাঁড়াবে সমাজবাদী পার্টি। জেপিসিতে যোগ দেবে না সমাজবাদী পার্টি। এবার সেই পথই অনুসরণ করল কেজরিওয়ালের আপ।

তৃণমূলের অভিযোগ, ২০১৪ সালের পর থেকেই জেপিসি তার তাৎপর্য হারিয়েছে। কেন্দ্রে ক্ষমতাসীন সরকার ছলেবলে কৌশলে সেটিকে নিয়ন্ত্রণ করছে। জনগণের প্রতি দায়বদ্ধতা এবং সুনির্দিষ্ট পদ্ধতিকে সম্পূর্ণভাবে অস্বীকার করে তা এড়িয়ে যাওয়া হচ্ছে। বিরোধীরা যে সংশোধন চাইছে তা প্রত্যাখান করা হচ্ছে। অর্থপূর্ণ বিতর্কের বদলে স্থান দেওয়া হচ্ছে বিভেদকে। এসআইআর বা ভোটচুরির দিক থেকে নজর ঘুরিয়ে দেওয়ার জন্যই এই জেপিসির নাটক করছে মোদির জোট। সরকারের অসাংবিধানিক বিল খতিয়ে দেখার নামে স্ট্যান্টবাজি চালাচ্ছে।


জেপিসি প্রসঙ্গে এক রাজনৈতিক বিশ্লেষকের মন্তব্য, এই জেপিসিটা কি বিজেপি-কংগ্রেসের মধ্যে আন্ডারস্ট্যান্ডিং করে করা হয়েছে?

# রিজিজুকে মুখের ওপর জবাব কল্যাণের

**প্রতিবেদন:** তৃণমূলের দিকে আঙুল তুলতে গিয়ে মুখের উপর জবাব পেলেন সংসদীয় মন্ত্রী। কথায় আছে, চোরের মায়ের বড় গলা। নিজের কুকীর্তি চাপা দিতে তৃণমূলকে আক্রমণ করেছিলেন কিরণ রিজিজু। তাঁকে কড়া ভাষায় সমঝে দিলেন তৃণমূলের প্রবীণ সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। লোকসভায় সংসদীয় মন্ত্রী কিরণ রিজিজুর অভব্য আচরণের তীব্র নিন্দা করে কল্যাণের মন্তব্য, একজন সংসদীয় মন্ত্রী একজন তফসিলি জাতির সাংসদকে মারতে আসছেন, এই নিদর্শন কোথাও নেই। আসলে ২০ অগাস্ট সংসদে তৃণমূলের ২ মহিলা সাংসদ শতাব্দী রায় এবং মিতালি বাগকে আক্রমণ সংসদীয় মন্ত্রী কিরণ রিজিজু এবং রেল প্রতিমন্ত্রী রণভিত বিট্টু। সাংসদ আবু তাহের খানকে ধাক্কা মেরে ফেলে দেওয়ার চেষ্টা হয়। অদ্ভুত ব্যাপার, এই বিশৃঙ্খলার দায় তৃণমূলের দিকেই ঠেলে দিতে চেষ্টা করেন রিজিজু। তারই কড়া প্রতিক্রিয়া দিয়েছেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়। তাঁর সাফ কথা, প্রতিবাদ করার অধিকার আমাদের আছে। করেছি, করব। কিন্তু একজন মহিলাকে মারার অধিকার নেই কিরেণ রিজিজুর।

# স্ত্রীকে পুড়িয়ে খুন এনকাউন্টারে গ্রেফতার স্বামী

**প্রতিবেদন:** স্করপিও গাড়ি পেয়েও লোভের শেষ নেই। দেওয়া হয়েছে আরও একটি গাড়ি। দিতে হবে আরও ৩৬ লক্ষ। নয় বছর ধরে সেই



পণের দাবিতে অত্যাচার। শেষে স্ত্রী নিকির গায়ে আগুন লাগিয়ে পুড়িয়ে মারায় অভিযুক্ত স্বামী বিপিন ও শ্বশুরবাড়ির সদস্যরা। গায়ে আগুন লাগা অবস্থায় চিৎকার করতে করতে সিঁড়ি দিয়ে নামছিলেন তিনি। তাঁর চিৎকারেই তখন আগুন নিভিয়ে তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলেও শেষরক্ষা হয়নি। চোখের সামনে নিজের মাকে আগুনে পুড়তে দেখে রীতিমতো আতঙ্কিত মৃতার শিশুপুত্র। গ্রেটার নয়ডার ঘটনা। এনকাউন্টার করে শেষে পুলিশ গ্রেফতার করছে খুনি স্বামীকে।

# ধনকড়-ইস্তফা নিয়ে আরটিআই, মেলেনি জবাব

**প্রতিবেদন:** প্রাক্তন উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় ২১ জুলাই বাদল অধিবেশনের প্রথম দিনেই পদত্যাগ করেন। তারপর থেকে ধনকড় কোথায় আছেন বারবার প্রশ্ন তোলেন বিরোধী শিবিরের নেতারা। এই জল্পনার মাঝেই অজয় বাসুদেব বোস তথ্যের অধিকার আইনের মাধ্যমে রাষ্ট্রপতি ভবনে জানতে চেয়েছেন, প্রাক্তন উপরাষ্ট্রপতি ধনকড় কবে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে ইস্তফা দিয়েছেন। কিন্তু এই আরটিআই-এর কোনও সদুত্তর রাষ্ট্রপতি ভবনের সচিবালয় দেয়নি। সচিবালয়ে তরফে এই সংক্রান্ত কোনও তথ্য তাদের কাছে নেই বলে জানিয়েছে। সমাজ মাধ্যমে নিজের এক্স হ্যান্ডেলে জানিয়েছেন আরটিআই কর্মী অজয় বাসুদেব বোস। যদিও রাষ্ট্রপতি ভবনের উত্তরের পরে এ-বিষয়ে বাড়ছে জল্পনা। এখানেই থেমে না থেকে অজয় বোস নিজের দ্বিতীয় আরটিআই করেন। অজয় বোস জানতে চান জগদীপ ধনকড়কে রাষ্ট্রপতি ভবন থেকে নিয়োগ দেওয়া হয়েছিল নাকি তিনি ভারতের মাননীয় রাষ্ট্রপতির সাথে দেখা না করেই পদত্যাগ করেছিলেন বা মোদি সরকার তাঁকে পদত্যাগ করতে বাধ্য করেছিল? তার উত্তরে বলা হয়েছে যে স্বরাষ্ট্রমন্ত্রক ২৭/৫/২০২৫ তারিখের গেজেটের মাধ্যমে পদত্যাগের বিজ্ঞপ্তি দিয়েছে, কেন্দ্রীয় সরকারের তরফে দেওয়া জবাবে জটিলতা রয়েছে বলে বলে জানিয়েছেন আরটিআই কর্মী অজয় বোস। বিগত এক মাস যাবৎ ধনকড় কোথায় আছেন তা স্পষ্ট নয়। উপরাষ্ট্রপতির বাংলো এখনও ছাড়েননি তিনি। নিয়মমতো পদত্যাগের পরে একমাস পর্যন্ত উপরাষ্ট্রপতি ভবনে থাকা যায়। তারপরে দিল্লিতেই আলাদা ভবনের ব্যবস্থা করে কেন্দ্র। কেন্দ্রের তরফে জানা গেছে, দিল্লির ৩৪ এপিজে আবদুল কালাম রোডে ৮ টাইপ বাংলো ইতিমধ্যেই ধনকড়ের জন্য বাছা হয়েছে। এরইমধ্যে আগামী ৯ সেপ্টেম্বর নতুন উপরাষ্ট্রপতি নির্বাচন। তার উপরে এই ইস্যুকে হাতিয়ার করে ময়দানে নেমেছেন লোকসভার বিরোধী দলনেতা-সহ বিরোধীদের অনেকে।

# ৮৬ হাজার ক্লাসরুম ভেঙে ফেলার নির্দেশ

**প্রতিবেদন:** বিজেপির রাজস্থানে স্কুলের রক্ষণাবেক্ষণে এমনই দুরবস্থা। যেকোনও মুহূর্তে ভেঙে পড়তে পারে ক্লাসরুম। প্রাণহানি ঘটতে পারে পড়ুয়াদের। তাই রাজ্যের ৮৬ হাজার ক্লাসরুম ভেঙে ফেলার নির্দেশ দিল রাজস্থান হাইকোর্ট। সবক'টি ক্লাসরুমই সরকারি স্কুলের। আপাতত ওই ক্লাসরুমগুলিতে পড়াশুনা বন্ধ রাখার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বিকল্প জায়গার ব্যবস্থাও করতে বলা হয়েছে। নজিরবিহীন এই রায়ে গভীর অস্বস্তিতে বিজেপি সরকার।

# দেশ বিদেশ



জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

গুজরাতের কচ্ছ উপকূলের কোরিক্রিক এলাকায় উপকূলরক্ষী বাহিনীর হাতে ধরা পড়েছে ১৫ জন পাকিস্তানি মৎস্যজীবী। ভারতীয় জলসীমায় ঢুকে পড়ার আসল উদ্দেশ্য জানার জন্য লাগাতার জেরা করা হচ্ছে তাদের

# ইউক্রেনের নয়া কৌশল, রাশিয়ার তেলের ঘাঁটিতে পরপর বোমাবর্ষণ

## অভূতপূর্ব সংকটে পুতিনের দেশ

**প্রতিবেদন:** কোথায় যুদ্ধের শেষ? ট্রাম্পের কথাকে পাত্তাই দিল না ইউক্রেন। পুতিন আর জেলেনস্কির মধ্যে সেতুবন্ধনের যাবতীয় উদ্যোগেরও জলাঞ্জলি। এবার রাশিয়ার তেলের ঘাঁটিগুলোতে হামলা চালাচ্ছে ইউক্রেন। পরপর বোমাবর্ষণ করে চলেছে রাশিয়ার তৈল পরিশোধনাগারগুলোয়। মুহুর্মুহ বোমার শব্দে কেঁপে উঠছে এলাকা। ইউক্রেনের এই নতুন কৌশলে রীতিমতো বিপাকে রুশ প্রশাসন। আসলে যুদ্ধ থামার কোনও লক্ষণই নেই। ফলে রাশিয়ার অভ্যন্তরের লাগামছাড়া হয়ে উঠেছে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি। ক্রাইমিয়া-সহ রাশিয়ার বিভিন্ন এলাকা ভুগছে তেলের প্রবল ঘাটতিতে। শুধু অগাস্টেই রাশিয়ায় তেলের দাম বেড়েছে ১০ শতাংশ। এর প্রভাব ভারতেও পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

এবার সত্যিই অভূতপূর্ব সংকটে রাশিয়া। শুধু তেল পরিশোধনাগার নয়, পাম্পিং স্টেশন এবং জ্বালানিবাহী ট্রেনগুলোকেও টার্গেট করছে ইউক্রেন। বোমা-বর্ষণ করছে বেছে বেছে। শুধুমাত্র অগাস্টেই রাশিয়ার অন্তত ১০টি মূল জ্বালানিকেন্দ্রে ড্রোন হামলা চালিয়েছে ইউক্রেন। তথ্যের দাবি, এই কেন্দ্রগুলোতে বছরে ৪.৪ কোটি টনের বেশি তেল উৎপাদিত হয়। এটি রাশিয়ার মোট উৎপাদনের ১০ শতাংশের বেশি। হামলায় গুরুতর ক্ষতির মুখোমুখি দক্ষিণ রাশিয়ার বৃহত্তম জ্বালানিকেন্দ্র ভলগোগ্রাদের লুকোইল। ১৪ থেকে ১৯ অগাস্টের মধ্যে কমপক্ষে দু'বার এখানে বোমাবর্ষণ করেছে ইউক্রেন। বিধ্বস্ত সারাতভে, রোস্তভ প্রদেশের তেল পরিশোধনাগারগুলো।

লক্ষণীয়, বিশ্বের তৃতীয় বৃহত্তম তেল আমদানিকারক দেশ ভারত সবচেয়ে বেশি তেল কেনে রাশিয়া থেকেই। এর জন্য ৫০ শতাংশ 'জরিমানা' শুল্কও চাপিয়েছে ট্রাম্প প্রশাসন। ইউক্রেনের হামলায় এবার রাশিয়ায় তেলের দামই আকাশছোঁয়া হয়ে গেলে ভারতে তার প্রভাব পড়া অসম্ভব নয়।



## বাঙালি বিজ্ঞানীর সাফল্যে

(প্রথম পাতার পর)

তৈরি যন্ত্র। এছাড়াও অ্যাস্ট্রোফিজিক্স ও প্ল্যানেটরি সায়েন্স নিয়েও একাধিক কাজ করেছেন তিনি।

২০২৩-এ তিনি পেয়েছিলেন পিপলস লিডারশিপ অ্যাওয়ার্ড। তারপর এখন পাচ্ছেন নাসার সর্বোচ্চ সম্মান 'নর্থস্টার'। তারপরও বদলায়নি তাঁর জীবনযাপন। এখনও বাড়িতে এলে বন্ধুদের সঙ্গে তাঁর আড্ডা দেওয়া চাই, বাড়ির সকলের সঙ্গে হইহুল্লোড় করে কাটান সদাহাস্যময় গৌতম চট্টোপাধ্যায়। দরিদ্র পরিবারে জন্ম। কোন্নগরের এক সাধারণ স্কুলে পড়াশোনা। ছোটবেলা থেকেই শিক্ষাকে করেছিলেন ব্রত। বিই কলেজ থেকে পড়াশোনা শেষ করে টাটায় ইনস্টিটিউট অফ ফাউন্ড মেডেল রিসার্চে যোগ দিয়েছিলেন। তারপর দীর্ঘ ২৫ বছর ধরে নাসায় কর্মরত। মহাকাশ গবেষণার জন্য একের পর এক অত্যাধুনিক যন্ত্রপাতি উদ্ভাবন। শুধু গবেষণা নয়, আন্তর্জাতিক বিজ্ঞানেও তাঁর অবদান অনস্বীকার্য। ২০২৪-এ নিউ ইয়র্ক থেকে পেয়েছেন আর্মস্ট্রং মডেল রেডিও ওয়ালসের সম্মাননা। ছোট ঘরে জন্মেও যাঁরা বড় হওয়ার স্বপ্ন দেখেন, তাঁদের কাছে অনুপ্রেরণা ও আদর্শের এক নাম গৌতম চট্টোপাধ্যায়। শুধু পরিশ্রম, ন্যায়-নিষ্ঠা আর আত্মবিশ্বাসে ভর করেই সাফল্যের শিখরে ওঠা যায়, তা দেখিয়েছেন তিনি।

গৌতমবাবুর দিদি লিলি আচার্য বলেন, ভাই ছোট থেকেই বিজ্ঞান নিয়ে থাকত। তার ভালবাসা ছিল বিজ্ঞান। আজ গর্বে বুক ভরে উঠছে যে ভাই আজ এই সর্বোচ্চ জায়গায়। বোন ডলি চক্রবর্তী বলেন, দাদা মহাকাশ বিজ্ঞানের সর্বোচ্চ জায়গায় পৌঁছেও, তাঁর পা মাটিতেই আছে। দাদা আমাদের আজও মাটির মানুষ। কোন্নগরের পুরপ্রধান স্বপন দাস বলেন, এটা সত্যি গর্বের যে একজন বাঙালি আজ আবার বিশ্বের দরবারে শ্রেষ্ঠ আসনে অধিষ্ঠিত। নবগ্রাম পঞ্চায়েতের প্রাক্তন উপপ্রধান গৌর মজুমদার বলেন, এত উপরে গেলেও যে মাটির মানুষ থাকা যায়, সেটা গৌতম দেখিয়ে দিয়েছে। সত্যি আজ গর্বের দিন।

# উল্টো সুর পাকিস্তানের, যুদ্ধবিরতিতে কোনও ভূমিকাই ছিল না আমেরিকার

**প্রতিবেদন:** মুখ পুড়ল ট্রাম্পের। পাকিস্তান যে এমন উল্টো সুরে গাইবে তা বোধহয় কল্পনাও করতে পারেননি মার্কিন প্রেসিডেন্ট। ভারত-পাক যুদ্ধবিরতির কৃতিত্ব বারবার ট্রাম্প দাবি করলেও একেবারে ইউটার্ন পাকিস্তানের। পাক বিদেশমন্ত্রী ইশাক দার কোনওরকম রাখঢাক না করেই বলে দিলেন, ভারত-পাক যুদ্ধে ইসলামাবাদের তরফ থেকে মোটেই মধ্যস্থতা করতে বলা হয়নি আমেরিকাকে। তিনি স্পষ্ট ভাষায় জানিয়ে দিলেন, কাশ্মীর-সহ সব অমীমাংসিত বিষয়েই ভারতের সঙ্গে আলোচনায় প্রস্তুত পাকিস্তান। পাকিস্তানের আচমকা এই ভোলবদলে বিস্মিত আন্তর্জাতিক বিশেষজ্ঞরা। সবচেয়ে বড় কথা, পাক বিদেশমন্ত্রীর এই বক্তব্য নিঃসন্দেহে গভীর অস্বস্তিতে ফেলে দেবে মার্কিন প্রেসিডেন্টকেও। আরও তাৎপর্যপূর্ণ বিষয় হল, নিজের দেশের সংবাদমাধ্যমে পাক বিদেশমন্ত্রী স্বীকার করেছেন, অপারেশন সিঁদুরে পাকিস্তানে ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ায় নিজেই যুদ্ধবিরতি চেয়েছিল ইসলামাবাদ। আমরা মার্কিন যুক্তরাষ্ট্রকে আলোচনার ব্যবস্থা করতে বলিনি।

আশ্চর্যের বিষয়, ট্রাম্পের মধ্যস্থতার দাবি প্রথমে পাকিস্তান স্বীকার করলেও ভারত বরাবরই উড়িয়ে দিয়েছে সেই দাবি। অথচ এবার পাকিস্তানই বলছে, যুদ্ধবিরতিতে মোটেই কোনও ভূমিকা ছিল না মার্কিন যুক্তরাষ্ট্রের।



## মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

(প্রথম পাতার পর)

প্রাপ্ত পেনশনও নেন না। নিজের বই ও গানের রয়্যালটিই তাঁর রোজগারের একমাত্র উৎস। সেই উপার্জনেই তাঁর সরল সাধারণ জীবনযাপন। এডিআর অর্থাৎ অ্যাসোসিয়েশন ফর ডেমোক্র্যাটিক রিফর্ম সদ্য প্রকাশিত রিপোর্ট অনুযায়ী সবথেকে গরিব মুখ্যমন্ত্রী যেমন মমতা বন্দ্যোপাধ্যায়, তেমনই সবথেকে ধনী মুখ্যমন্ত্রীর শিরোপা উঠেছে বিজেপি-বান্ধব চন্দ্রবাবু নাইডুর মাথায়। গত বছরের শেষে প্রকাশিত এডিআর রিপোর্টেও দেশের দরিদ্রতম মুখ্যমন্ত্রী ছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়ই। তিনি ছাড়া দেশের বর্তমান ৩০ জন মুখ্যমন্ত্রীর মধ্যে জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা শুধু কোটিপতি নন। তবে ওমরের মোট সম্পত্তির পরিমাণ মমতা বন্দ্যোপাধ্যায়ের তুলনায় প্রায় চার গুণ। ওমরের স্থাবর-অস্থাবর সম্পত্তি ৫৫.২০ লক্ষ টাকার।

দেশের সবথেকে ধনী মুখ্যমন্ত্রী অন্ধ্রপ্রদেশের এন চন্দ্রবাবু নাইডুর মোট সম্পত্তির পরিমাণ ৯৩১ কোটি টাকা। দেশের ৩০ জন মুখ্যমন্ত্রীর মোট সম্পত্তির পরিমাণ যেখানে ১ হাজার ৬৩২ কোটি টাকা, সেখানে একা চন্দ্রবাবু নাইডুর হাতেই রয়েছে ৫৭ শতাংশ। নাইডুর পরেই ধনী মুখ্যমন্ত্রীর তালিকায় দ্বিতীয় অরুণাচলের মুখ্যমন্ত্রী প্রেমা খান্ডু। তিনি মোট ৩৩২ কোটি টাকার মালিক। তৃতীয় স্থানে রয়েছেন কর্নাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া। তাঁর মোট সম্পত্তি ৫২ কোটি টাকার। এই হিসেব বিগত বিধানসভা নির্বাচনে দাখিল করা হলফনামার ভিত্তিতে।

# উচিত শিক্ষা দেব বিজেপিকে

## জনসভায় দক্ষিণী মেগাস্টার

**প্রতিবেদন:** তামিলনাড়ু বিধানসভা নির্বাচনের ২৮৫ দিন আগে বিজেপির বিরুদ্ধে কঠিন চ্যালেঞ্জ ছুঁড়ে দিলেন দক্ষিণী ছবির নায়ক হার্টথ্রব সুপারস্টার থালাপাতি বিজয়। যাঁর ছবি মুক্তি পাওয়ামাত্রই কোটি কোটি টাকার ব্যবসা দেয়, মাদুরাইয়ে কয়েক লক্ষ মানুষের সমাবেশে সেই বিজয়ের ঘোষণা, আমার আদর্শগত একমাত্র শত্রু বিজেপি। সামনের নির্বাচনে উচিত শিক্ষা দেব ওদের। মুছে দেব এআইডিএমকে-বিজেপির অযোগ্য জোটকে। কারণ তারা এমজিআরের উত্তরাধিকারকে অপমানিত করেছে। ঠকিয়েছে দলের নিষ্পাপ কর্মীদের। রুপোলি পর্দার জগৎ থেকে রাজনীতির জগতে টিভিকে সুপ্রিমো তামিল সুপারস্টারের পদার্পণ ঝড় তুলেছে তামিলনাড়ুর রাজনীতিতে।



## বাংলা-বিদ্বেষ

(প্রথম পাতার পর)

থাকবেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও। এছাড়াও উপস্থিত থাকবেন রাজ্য নেতৃত্ব। থাকবেন একেবারে প্রথম দিন থেকে তৃণমূল ছাত্র পরিষদের নেতা-কর্মী এবং সভাপতিরা। ইতিমধ্যেই তৃণাঙ্কুরের পরিকল্পনা এবং ভাবনায় থিম সং তৈরি করে ফেলা হয়েছে। যা গোটা বাংলা জুড়ে ইতিমধ্যেই চূড়ান্ত জনপ্রিয়তা লাভ করেছে। কেশব দে-র সুরে এবং বাদল পালের কথায় এই গান তৈরি হয়েছে। গেয়েছেন কেশব দে। রবিবারও হাবড়াতে মিছিল করেছেন তৃণাঙ্কুর। এবার ২ লক্ষেরও বেশি ছাত্র-ছাত্রী উপস্থিত থাকবে সমাবেশে।

## খেলা হবে ছাব্বিশে

(প্রথম পাতার পর)

আজ বাংলা অপমানিত, বাংলা ভাষা অপমানিত। তাই বাংলার মানুষকে কোনওভাবেই দমিয়ে রাখা যাবে না, সে ক্ষমতা বিজেপির নেই। বিজেপির বাংলাবিরোধী নীতির বিরুদ্ধে যে আন্দোলন মমতা বন্দ্যোপাধ্যায় শুরু করেছেন, তাতে দলমত নির্বিশেষে যোগ দেওয়ার বার্তা দেন অরূপ।

মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, এ দেশের মাটিতে দেশেরই নাগরিকদের এভাবে হেনস্থা করা হচ্ছে। তাঁদের কনসেনট্রেশন ক্যাম্পে আটকে রাখা হচ্ছে। আমি জার্মানিতে কনসেনট্রেশন ক্যাম্প দেখেছি। ভাবা যায় না! এখন এ-দেশেও এসব চলছে। ক'দিন আগে কেরলে কর্মরত বাংলার এক মহিলাকে ধর্ষণ করা হল। এখন রাত দখলের হোতাদের হৃদয় কাঁদছে না? এ-দেশে এখন স্বৈরাচারী শক্তি জেগে উঠেছে। এদের রুখতে পারেন একমাত্র মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর হাত শক্ত করতে হবে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

রবিবার শিশির মঞ্চে বরাহনগর দর্পণের উদ্যোগে আয়োজিত হয় মনোজ্ঞ অনুষ্ঠান। প্রকাশিত হয় বই, পত্রিকা। পরিবেশিত হয় গান, কবিতাপাঠ। ছিলেন সাহিত্য জগতের বিশিষ্টরা

# খোলা হাওয়া



## নূতন যৌবনেরই দূত




» ২৩ এবং ২৪ অগাস্ট, কলকাতার রবীন্দ্রসদন প্রেক্ষাগৃহে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে আয়োজিত হয় 'নূতন যৌবনেরই দূত' শীর্ষক মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান। রাজ্যের প্রতিটি জেলার উদীয়মান শিল্পীরা এই অনুষ্ঠানে বিভিন্ন আঙ্গিকের সঙ্গীত পরিবেশন করেন। পাশাপাশি সঙ্গীত পরিবেশন করেন হৈমন্তী শুক্লা, শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়, পরিমল ভট্টাচার্য, মনোময় ভট্টাচার্য, রাঘব চট্টোপাধ্যায়, গার্গী ঘোষ প্রমুখ প্রথিতযশা শিল্পীরা। দর্শক-শ্রোতার উপস্থিতি ছিল উল্লেখ করার মতো।

## নজরুল স্মরণ



» ১৭ অগাস্ট কবি কাজী নজরুল ইসলামের স্মৃতি-বিজড়িত শান্তিপুরে ছায়ানট (কলকাতা) এবং সালোনি পারফর্মিং আর্টস (শান্তিপুর) যৌথভাবে শান্তিপুর বন্ধুসভা হলে আয়োজন করে 'নজরুল স্মরণ'। ৩ ঘণ্টার অনুষ্ঠানটি পরিকল্পনা ও পরিচালনার দায়িত্বে ছিলেন সোমঋতা মল্লিক এবং পীতম ভট্টাচার্য। শুরুতেই সমবেতভাবে পরিবেশিত হয় নজরুলের দেশাত্মবোধক গান। সালোনি পারফর্মিং আর্টস-এর পক্ষ থেকে বক্তৃতা দেন উদয়ন মুখোপাধ্যায়। ছায়ানটের পক্ষে অনুষ্ঠানে অংশগ্রহণ করেন চম্পা মিত্র, গোপা দাস মজুমদার, গৌরী ধর, রীতা দে রায়, অনিন্দিতা ঘোষ, স্নেহাঙ্গনা ভট্টাচার্য এবং সুরূপা মল্লিক। 'স্বদেশ ও সম্প্রীতি' শীর্ষক বিশেষ নিবেদনে অংশগ্রহণ করেন সোমঋতা মল্লিক এবং পীতম ভট্টাচার্য। নৃত্য পরিবেশন করেন তন্বঙ্গী চক্রবর্তী এবং শ্রীতমা গোস্বামী। সমবেতভাবে নজরুলগীতি পরিবেশন করেন ধ্রুবতারা-র শিল্পীরা। একক আবৃত্তিতে ছিলেন প্রীতীশ দত্ত। নজরুলের ছোটদের জন্য লেখা কবিতা 'লিচু চোর'-এর সমবেত আবৃত্তি শোনা যায় শিশু শিল্পীদের কণ্ঠে। বড়দের পরিবেশনায় ছিল কাজী নজরুল ইসলামের প্রতি নিবেদিত কবিতা কোলাজ। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মৃন্ময় বাগ। প্রসঙ্গত, শান্তিপুরে নজরুল একাধিকবার এসেছিলেন। শান্তিপুর পুরসভার উদ্যোগে প্রকাশিত 'আমাদের শান্তিপুর' বই থেকে জানা যায়, ১৯২৭ সালে নজরুল প্রথমবার শান্তিপুর আসেন। মুসলিম স্কুলের মাঠে তাঁকে সংবর্ধনা দেওয়া হয়। সেখানে তিনি নিজের লেখা অনেকগুলি কবিতা পাঠ করেন। পরবর্তীতে কালী মুখার্জির মাঠের একটি সভায় সাহিত্য বিষয়ে বক্তৃতা দেন। সুতারাগড় বেচু মিয়া স্ট্রিটে মাস্টার আব্দুল আজিজ-এর বাড়িতে রাত্রি যাপন করেন।

## স্বাধীনতার নাচ-গান-কবিতা



» কেউ স্কুলে পড়ান, কেউ কলেজে আবার কেউ মুক্ত-পেশায়— মোটামুটি ব্যস্ত সবাই নানান কাজে। তবু এরই মধ্যে সুযোগ পেলেই মেতে ওঠেন নাচ-গান-কবিতা বা সামাজিক কাজে। সেইরকমই ৭৯তম স্বাধীনতা দিবসে একসঙ্গে হয়েছিলেন পার্ক সার্কাসের বামুনপাড়ার সূর্যনিকেতন হাউসিং কমপ্লেক্সের আবাসিকরা। পতাকা উত্তোলন, সংবিধান, ভারতবন্দনা, বক্তৃতা ইত্যাদির পর ছোটরাও মেতে ওঠে আনন্দে। বড়দের সঙ্গে পাল্লা দিয়ে মিহিকা, সপ্তর্ষী, তৌষিণী, সম্রাজ্ঞীর মতো খুদেরা কবিতা-গানে স্মরণ করল ভারতমাতার স্বাধীনতার মুহূর্তকে। শেষে সবারই যথারীতি মিষ্টিমুখ।

## সঙ্গীত জীবনের চার দশক



» ১৬ অগাস্ট নজরুল মঞ্চে উদযাপিত হল পণ্ডিত শুভেন চট্টোপাধ্যায়ের সঙ্গীত জীবনের চার দশক। মঞ্চে রক ফিউশন নিয়ে হাজির হন রূপম ইসলাম, সিধু, জোজো, নিকিতা, সুরজিৎ, অমিত দত্ত প্রমুখ। অনুষ্ঠানটি উপস্থাপনা করে অ্যালগোস ইভেন্টস অ্যান্ড ডেকোর অ্যান্ড কোং। জেপি গ্রুপ এবং সাইনি গ্রুপের সহযোগিতায়। কলকাতার সঙ্গীতপ্রেমীদের জন্য এই আয়োজন এক অনন্য অভিজ্ঞতা তৈরি করে। শিশুদের হার্টের অপারেশনের জন্য একটি প্রতিষ্ঠানকে অর্থ সাহায্য করা হয়। পণ্ডিত শুভেন চট্টোপাধ্যায় বলেন, আমি নিশ্চিত ছিলাম এর অনন্য থিম, তারকাখচিত পরিবেশনা দর্শকদের ভাল লাগবে।




## গদ্য সংগ্রহ

» ২০ অগাস্ট কলকাতার বিড়লা প্ল্যানেটোরিয়াম সেমিনার হলে রবীন্দ্র গবেষক ড. বিবেকানন্দ চক্রবর্তী-র লেখা 'গদ্য সংগ্রহ'-র প্রথম খণ্ড আনুষ্ঠানিকভাবে প্রকাশিত হয়। বইটি প্রকাশ করেন ডাঃ পূর্ণেন্দুবিকাশ সরকার। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ পার্থসারথি মুখোপাধ্যায়, ড. ঐন্দ্রিলা গুহ, ড. দেবযানী ভৌমিক চক্রবর্তী, ড. পার্থসারথি চক্রবর্তী প্রমুখ। সঞ্চালনা করেন আশিস বসাক।



## ১০-এ দশ

» ১৬ অগাস্ট, কলকাতার জিডি বিড়লা সভাঘরে কলকাতা ইয়ুথ এনসেম্বেলের অমিতাভ ঘোষের তত্ত্বাবধানে এক জমজমাট মিউজিক্যাল কনসার্ট ১০-এ দশ অনুষ্ঠিত হল। কনসার্টের মুখ্য ভূমিকায় ছিলেন কিং অফ অল ইনস্ট্রুমেন্ট ভায়োলিন। প্রায় ১৪০ জন শিল্পী একই মঞ্চে বাদ্যযন্ত্রের সুরধ্বনি তোলেন। অনুষ্ঠানে ওয়েস্টার্ন ক্লাসিক্যাল, ইন্ডিয়ান ক্লাসিক্যাল ও আধুনিক সঙ্গীতের মেলবন্ধনে এক অনন্য সুরধ্বনি ছড়িয়ে পড়ে। ওয়েস্টার্ন ক্লাসিক্যালে হাঙ্গেরিয়ান ডান্স নং ৫, রন্ডো আলা তুর্কা, নস্টালজিয়া, দ্য স্যো যান, মিনিউট ইন জি, ওয়েভস অফ ড্যা নিয়ুব, পাইরেটস অফ ক্যা রিবিয়ান ছিল অন্যতম। এছাড়াও পরিবেশিত হয় কিছু হিন্দি গান। শেষে সঙ্গীত ও বাদ্যযন্ত্রের সুর একত্রিত হয়ে এক নতুন সিম্ফনি রচনা করে ইন্ডিয়ান ক্লাসিক্যাল মিউজিকের সঙ্গে। রাগ বেহাগ, কিরওয়ানি, চারুকেশী, মেঘমল্লারের সুরধ্বনি এক অনন্য সঙ্গীত আবহ সৃষ্টি করে। সমাজের বিভিন্ন ক্ষেত্রের কৃতিদের সম্মাননা প্রদান করা হয়।

## নটি বিনোদিনী

» বাংলার রঙ্গমঞ্চ প্রতিষ্ঠার সময় যে ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে গেছে তা বাংলার নাট্য ইতিহাসে চিরস্মরণীয় হয়ে আছে। এই আন্দোলনে বড় ভূমিকা নিয়েছিলেন যিনি, তিনি হলেন নাট্যাচার্য গিরিশচন্দ্র ঘোষ। তারপর যাঁর নাম আসে, তিনি শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব। তাঁর আশীর্বাদধন্যা বিনোদিনী দাসী বা নটি বিনোদিনীর অবদান ভোলার নয়। এঁদের কাহিনি দর্শকদের সামনে তুলে ধরে চেতলা আনন্দম। দলের নতুন প্রযোজনা ব্রজেন দে রচিত 'নটি বিনোদিনী'। ১৯ অগাস্ট তপন থিয়েটারে মঞ্চস্থ হল এই নাটক। সময়সীমা আড়াই ঘণ্টা। সম্পাদনা, গীত চয়ন, মঞ্চ পরিকল্পনা ও নির্দেশনায় ছিলেন আশিস মুখোপাধ্যায়। ভাষ্যপাঠে দেবাশিস বসু। আলোকসম্পাতে ছিলেন বাবলু সরকার, শব্দগ্রহণ ও প্রক্ষেপণে কল্যাণ সরকার, মঞ্চ নির্মাণে রঞ্জন বসু, পোশাক পরিকল্পনায় এম মনীষা, অয়ন মুখোপাধ্যায়, রূপসজ্জায় কেষ্ট সামন্ত। এই নাটকে মনে রাখার মতো অভিনয় করেন নটি বিনোদিনী চরিত্রে জয়িতা ব্যানার্জি, মা ভবতারিণী অনন্যা চক্রবর্তী, শ্রীরামকৃষ্ণ আশিস মুখোপাধ্যায়, গিরিশচন্দ্র প্রেমাঞ্জন দাশগুপ্ত। এছাড়াও অভিনয় করেছেন রাজীব ব্যানার্জি, দেবাশিস চক্রবর্তী, অনির্বাণ চক্রবর্তী প্রমুখ।





ঋদ্ধিমান সাহা ধোনির থেকেও ভাল কিপার। দাবি প্রাক্তন ফিল্ডিং কোচ আর শ্রীধরের

# শেষ মুহূর্তে আত্মঘাতী গোল জেতাল বার্সাকে

**মাদ্রিদ, ২৪ অগাস্ট :** দু'গোলে পিছিয়ে পড়েও লেভান্তের বিরুদ্ধে ৩-২ ব্যবধানে রুদ্ধশ্বাস জয় ছিনিয়ে নিল বার্সেলোনা। হ্যান্সি ফ্লিকের দল তিন পয়েন্ট পেয়েছে শেষ মুহূর্তের আত্মঘাতী গোলে। যা লা লিগায় গতবারের চ্যাম্পিয়নদের টানা দ্বিতীয় জয়।

প্রতিপক্ষের মাঠে বিরতির আগেই ০-২ গোলে পিছিয়ে পড়েছিল বার্সেলোনা। ১৫ মিনিটে লেভান্তের প্রথম গোলটি করেন ইভান রোমেরো। পিছিয়ে পড়ে আক্রমণের ঝাঁজ বাড়িয়েছিলেন লামিনে ইয়ামালরা। কিন্তু তাতে কোনও লাভ হয়নি। উল্টে প্রথমার্ধের সংযুক্ত সময়ে নিজেদের বক্সে হ্যান্ডবল করে বিপক্ষকে পেনাল্টি উপহার দেন বার্সার আলেজান্দ্রো বালদে। পেনাল্টি থেকে গোল করে লেভান্তেকে ২-০ গোলে এগিয়ে দেন হোসে মোরালেস।

দ্বিতীয়ার্ধের শুরু থেকেই অবশ্য গোলের জন্য মরিয়া হয়ে ঝাঁপিয়েছিল বার্সেলোনা। ৪৯ মিনিটে ইয়ামালের ব্যাকপাস থেকে বল পেয়ে ব্যবধান কমান পেদ্রি। বক্সের বাইরে থেকে জোরালো শটে জাল কাঁপান তিনি। এর ঠিক তিন মিনিটের মধ্যেই ২-২। এবার রাফিনহার কর্নার থেকে দুরন্ত ভলিতে গোল করেন ফেরান তোরেস। এরপর চাপ বজায় রাখলেও, কিছুতেই গোলের দেখা পাচ্ছিল না বার্সেলোনা। অবশেষে সংযুক্ত সময়ের প্রথম মিনিটে জয়সূচক গোল। লেভান্তের বক্সে বল ভাসিয়েছিলেন ইয়ামাল। হেডে বল বিপন্মুক্ত করতে গিয়ে নিজেদের জালেই বল জড়িয়ে দেন লেভান্তের ডিফেন্ডার উনাই এলগেজাবল। আর এই গোলেই তিন পয়েন্ট নিয়ে মাঠ ছেড়েছে বার্সেলোনা।



লেভান্তের গোলমুখে ইয়ামালের হানা। লা লিগার ম্যাচে।

# দলীপের নেতৃত্বে না শ্রেয়সের



**মুম্বই, ২৪ অগাস্ট:** প্রথমে ইংল্যান্ড সফরের জন্য ভারতীয় টেস্ট দলে জায়গা পাননি। কয়েকদিন আগে এশিয়া কাপের জন্য জাতীয় টি-২০ দলেও ব্রাত্য থেকেছেন। মুম্বই ক্রিকেট সংস্থা সূত্রে জানা গিয়েছে, দলীপ ট্রফিতে পশ্চিমাঞ্চলের নেতৃত্ব ফিরিয়ে দিয়েছেন শ্রেয়স। সেই কারণেই দলীপে শার্দুল ঠাকুরকে অধিনায়ক করা হয়েছে। এশিয়া কাপের জন্য প্রস্তুতিও শুরু করে দিয়েছিলেন শ্রেয়স। গত ফেব্রুয়ারিতে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভাল খেলার পর আইপিএলেও পারফরম্যান্স করেছেন। তাই ভারতীয় টি-২০ দলে প্রত্যাবর্তনের আশায় ছিলেন মুম্বইকর। কিন্তু হতাশ হতে হয়েছে। তার আগে ইংল্যান্ডে টেস্ট সিরিজের দলেও সুযোগ পাননি। হতাশা থেকেই পশ্চিমাঞ্চলের নেতৃত্ব ফিরিয়েছেন বলে শোনা যাচ্ছে। শ্রেয়স যে নেতৃত্ব ফিরিয়েছেন তা স্বীকার করেছেন পশ্চিমাঞ্চলের এক নির্বাচক। তিনি সর্বভারতীয় সংবাদমাধ্যমকে বলেছেন, শ্রেয়সকে নেতৃত্বের প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু প্রস্তাব ফিরিয়ে দিয়েছে শ্রেয়স। এরপর নির্বাচক কমিটির চেয়ারম্যান সঞ্জয় পাতিল প্রস্তাব দেন শার্দুলকে। এশিয়া কাপের দলে শ্রেয়সের জায়গা না পাওয়া বিতর্ক তৈরি করে। তাঁকে না নেওয়ার কোনও ক্রিকেটীয় ব্যাখ্যা দিতে পারেননি জাতীয় নির্বাচক কমিটির চেয়ারম্যান অজিত আগারকর। দক্ষিণ আফ্রিকার প্রাক্তন অধিনায়ক এবি ডি'ভিলিয়ার্স মনে করছেন, শ্রেয়সের বাদ পড়ার পিছনে বাইরের ঘটনা কাজ করতে পারে। বন্ধ দরজার আড়ালে কী হচ্ছে কে জানে?

## তরুণদের আদর্শ : শেহবাগ

# ফিটনেস সংস্কৃতি বিরাটের জন্যই

**নয়াদিল্লি, ২৪ অগাস্ট :** বিরাট কোহলির জন্যই আধুনিক ক্রিকেটে ফিটনেসের জোয়ার এসেছে। এখন উঠতি ক্রিকেটাররা তাঁর মতো ফিটনেস চান বলে জানিয়েছেন বীরেন্দ্র শেহবাগ।

নভেম্বরে ৩৭-এ পড়বেন বিরাট। বর্তমানে তিনি শুধু একদিনের ক্রিকেটে রয়েছেন। তার আগে একে একে বিদায় নিয়েছেন টি-২০ ও টেস্ট ক্রিকেট থেকে। বিরাটকে আবার প্রতিযোগিতামূলক ক্রিকেটে দেখা যাবে অস্ট্রেলিয়ায় তিন ম্যাচের একদিনের সিরিজে।





বিরাটের কেরিয়ারের প্রথমদিকে তাঁর সঙ্গে খেলেছেন শেহবাগ। তিনি বলেছেন, বিরাটের ফিটনেস লেভেল এমন যে তরুণরাও তাঁর সঙ্গে পেরে ওঠে না। একটি পডকাস্ট-এ শেহবাগ বিরাটকে নিয়ে বলেছেন, এই যুগের সবথেকে ফিট ক্রিকেটার হল বিরাট। ও যেভাবে বিশ্ব ক্রিকেটে ফিটনেসের ব্যাপারটা নিয়ে এসেছে তার জন্য ওর প্রশংসা করা উচিত। ভারতীয় ক্রিকেটেও বিরাট ফিটনেস সংস্কৃতি এনেছে। এখন ওকে দেখে উঠতি ক্রিকেটাররা সেরকম ফিট হতে চায়।

ইংল্যান্ড সফরের ঠিক আগে টেস্ট ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন বিরাট। তাঁর এই সিদ্ধান্ত অনেকেই মানতে পারেননি। প্রশ্ন উঠেছিল, সুপার ফিট বিরাট এত তাড়াতাড়ি সরে যাবেন কেন? বিরাট এর ব্যাখ্যা দেননি। তবে ইঙ্গিতে বুঝিয়ে দিয়েছেন, চুল-দাড়িতে পাক ধরেছে। তাই এটাই সময়।

# মায়ামির ড্র

**ওয়াশিংটন :** মেজর সকার লিগে ডিসি ইউনাইটেডের বিরুদ্ধে ১-১ ড্র করল ইন্টার মায়ামি। এই ম্যাচেও লিওনেল মেসিকে বিশ্রাম দিয়েছিলেন মায়ামি কোচ হাভিয়ের মাসচেরানো। বিপক্ষের মাঠে মেসিহীন মায়ামি ম্যাচের ১৩ মিনিটেই পিছিয়ে পড়েছিল। ডিসি ইউনাইটেডের হয়ে গোল করেন জ্যাকসন হপকিন্স। এরপর অনেক চেষ্টা করেও কিছুতেই গোলের দেখা পাচ্ছিল না মায়ামি। অবশেষে ৬৪ মিনিটে বালথাসার রডরিগেজের গোলে স্বস্তি ফেরে। ম্যাচের বাকি সময় বিপক্ষকে চেপে ধরলেও, জয়সূচক গোলের দেখা পায়নি মায়ামি। এক পয়েন্ট নিয়েই মাঠ ছাড়তে হয়েছে তাদের।

# আর্সেনালের জয়





**লন্ডন, ২৪ অগাস্ট :** প্রিমিয়ার লিগে টানা দ্বিতীয় জয় পেল আর্সেনাল। গতবারের রানার্স আপরা ৫-০ গোলে বিধ্বস্ত করেছে প্রতিপক্ষ লিডস ইউনাইটেডকে। তবে এমন জয়ের দিনেও কোচ মিকেল আর্তেতাকে চিন্তায় রেখেছে দুই তারকা বুকায়ো সাকা ও মার্টিন ওডেগার্ডের চোট।

ঘরের মাঠে ৩৪ মিনিটে আর্সেনালকে এগিয়ে দিয়েছিলেন ইয়ুরিয়েন টিম্বার। সতীর্থ ডেকলান রাইসের নিখুঁত কর্নারে মাথা ছুঁইয়ে গোল করেন তিনি। চার মিনিট পরেই চোট পেয়ে মাঠ ছাড়েন আর্সেনাল অধিনায়ক ওডেগার্ড। প্রথমার্ধের সংযুক্ত সময়ে সাকার গোলে ২-০ ব্যবধানে এগিয়ে গিয়েছিল আর্সেনাল। বিরতির পর পুরো একপেশে খেলা হয়েছে। ৪৮ মিনিটে ৩-০ করেন আর্সেনালের সুইডিশ স্ট্রাইকার ভিক্টর ইয়োকেরেস। তবে এই গোলের পরেই চোট পেয়ে মাঠ ছাড়তে বাধ্য হন সাকা। ৫৬ মিনিটে ব্যক্তিগত দ্বিতীয় তথা আর্সেনালের চার নম্বর গোলটি করেন টিম্বার। সংযুক্ত সময়ে লিডসের কফিনে শেষ পেরেক পুঁতে দেন ইয়োকেরেস। পেনাল্টি থেকে ৫-০ করেন তিনি। ওডেগার্ড ও সাকার চোট নিয়ে আর্তেতা বলেন, আশা করি, ওদের চোট তেমন গুরুতর নয়। স্ক্যান রিপোর্ট হাতে এলে সেটা স্পষ্ট হবে।

# অনুষ্কার হ্যাটট্রিক

**প্রতিবেদন :** মেয়েদের অনূর্ধ্ব ১৭ সাফ ফুটবলে ভারত রবিবার ভুটানকে ৮-০ গোলে হারিয়েছে। অনুষ্কা কুমারী ১৯ মিনিটের মধ্যে হ্যাটট্রিক করে দলের জয় সুনিশ্চিত করে ফেলেন। দুটি গোল করেছেন আভিস্তা বাসনেট। এছাড়া বাকি তিন গোল পার্ল ফার্নান্ডেজ, দিব্যানি লিন্ডা ও ভালাইনা ফার্নান্ডেজের। তিন ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে ভারত এখন শীর্ষে রয়েছে। গোল পার্থক্য ১৭। এই ম্যাচে প্রথম থেকেই দাপটে খেলেছেন ভারতের মেয়েরা।

# হল অফ ফেমে শারাপোভা, চমক সেরেনার

**নিউপোর্ট, ২৪ অগাস্ট:** টেনিসের হল অফ ফেমে অন্তর্ভুক্ত হলেন মারিয়া শারাপোভা। প্রাক্তন রুশ খেলোয়াড়কে সম্মান জানানোর অনুষ্ঠানে সবাইকে চমকে দিয়ে উপস্থিত হন তাঁর এক সময়ের প্রবল প্রতিপক্ষ সেরেনা উইলিয়ামস। কোর্টের প্রতিদ্বন্দ্বিতায় দু'জনেই ছিলেন 'চিরশত্রু'। সেই তাঁরাই দেখিয়ে দিলেন 'বন্ধুত্বের' ছবি।



আন্তর্জাতিক টেনিসের পুরস্কারমঞ্চে শারাপোভাকে জড়িয়ে ধরেন সেরেনা। সেই ভিডিও ছড়িয়ে পড়ে সমাজমাধ্যমে। মাশার অনুষ্ঠানে এসে ২৩ গ্র্যান্ড স্ল্যাম জয়ী মার্কিন তারকা বললেন, মাত্র কয়েকজন আছে যারা আমাকে খেলোয়াড়জীবনে কঠিন লড়াইয়ের মুখে ফেলে দিয়েছিল। মারিয়া শারাপোভা তাদের মধ্যে অন্যতম। যখনই দেখেছি মাশার বিরুদ্ধে আমাকে খেলতে হবে, অনুশীলনের মাত্রা বাড়িয়ে দিয়েছি।

রাশিয়ার প্রথম টেনিস খেলোয়াড় হিসেবে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে শীর্ষে ওঠার কৃতিত্ব দেখিয়েছিলেন শারাপোভা। পাশাপাশি টেনিস দুনিয়ায় মেয়েদের মধ্যে সেই দশজনের মধ্যে তিনি অন্যতম যাঁদের কেরিয়ার গ্র্যান্ড স্ল্যাম অর্থাৎ চারটি স্ল্যাম অস্ট্রেলিয়ান ওপেন, ফরাসি ওপেন, উইম্বলডন ও ইউএস ওপেন জয়ের রেকর্ড রয়েছে। শারাপোভার পাশাপাশি হল অফ ফেমে অন্তর্ভুক্ত হন ছেলেদের প্রাক্তন বিশ্বসেরা ডাবলস জুটি মাইক ও বব ব্রায়ান। টেনিস দুনিয়ায় যাঁরা 'ব্রায়ান ব্রাদার্স' নামে পরিচিত। অনুষ্ঠানে ছিলেন হল অফ ফেমে অন্তর্ভুক্ত মার্টিনা নাভ্রাতিলোভা, অ্যান্ডি রডিক, জিম কুরিয়রের মতো প্রাক্তন খেলোয়াড়রাও।

# এশিয়া কাপে নেতৃত্বে রশিদ

**কাবুল, ২৪ অগাস্ট:** এশিয়া কাপের দল ঘোষণা করল আফগানিস্তান। দলের নেতৃত্বে রশিদ খান। ১৭ সদস্যের দলে ফিরেছেন 'রহস্য স্পিনার' আল্লা গজনফর এবং মুজিব উর রহমান। দু'জনেই চ্যাম্পিয়ন্স ট্রফির দলে ছিলেন না। স্পিন বিভাগে রশিদ ছাড়াও রয়েছেন অভিজ্ঞ অলরাউন্ডার মহম্মদ নবি, বাঁ-হাতি স্পিনার নুর আহমেদ, অফস্পিনার মুজিব ও নবাগত গজনফর। গত এক বছরে মাত্র তিনটি টি-২০ ম্যাচ খেলেছেন রশিদদের আফগানিস্তান। ফলে শেষ সিরিজের দলে কয়েকটি পরিবর্তন হয়েছে। টপ অর্ডারে হজরতুল্লা জাজাই ও ব্যাটিং অলরাউন্ডার জুবেইদ আকবরি বাদ পড়েছেন। দলে এসেছেন ইব্রাহিম জাদরান ও অলরাউন্ডার শরাফুদ্দিন আশরাফ। রহমানুল্লা গুরবাজ ও মহম্মদ ইশাক দলের উইকেটকিপার-ব্যাটসম্যান। পেস বোলারদের মধ্যে রয়েছেন বাঁ-হাতি পেসার ফজলহক ফারুকি, নবীন উল হক ও ফরিদ আহমেদ মালিক।



ডুরান্ড জয়কে অভ্যাসে পরিণত করতে চায় নর্থইস্ট, বললেন জন আব্রাহাম



# ব্যর্থতাই ঘুরে দাঁড়ানোর রসদ

## জবি-লুকাদের বার্তা দিলেন অভিষেক



**প্রতিবেদন:** ডুরান্ড ফাইনালে নর্থইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে বড় ব্যবধানে হার থেকে শিক্ষা নিয়েই ঘুরে দাঁড়াতে মরিয়া ডায়মন্ড হারবার এফসি। ফাইনালে বিপর্যয়ের ২৪ ঘণ্টার মধ্যেই দলকে প্রত্যাবর্তনের বার্তা দিলেন ক্লাবের চিফ পেট্রন তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোশ্যাল মিডিয়া পোস্টে অভিষেক বললেন, প্রতিটি বিপর্যয় প্রত্যাবর্তনের রসদ হবে।

সমাজমাধ্যমে অভিষেক লিখেছেন, বাংলা! তুমি আমাদের গর্বিত করেছ। প্রথম ডুরান্ড কাপেই আমরা ফাইনাল পর্যন্ত লড়াই করে গিয়েছি— যা আগে এই টুর্নামেন্টে অভিষেকে কোনও টিম করে দেখাতে পারেনি। এই যাত্রা সম্ভব হয়েছে শুধুমাত্র আপনাদের ভালবাসা, আপনাদের বিশ্বাস, গ্যালারি স্ট্যান্ডে আপনাদের সমর্থন, কণ্ঠস্বরের কারণেই। প্রতিটি উল্লাস, স্লোগান, হাততালি আমাদের ছেলেদের এগিয়ে নিয়ে গিয়েছে। ডায়মন্ড হারবার ক্লাবের কর্ণধার পোস্টে আরও লিখেছেন, আপনাদের ভালবাসা এবং সমর্থনই আমাদের লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে গিয়েছে। এই যাত্রায় আপনারাও সঙ্গী। হ্যাঁ, এবার আমরা ট্রফি হাতছাড়া করেছি। আমাদের



ফাইনালের একটি মুহূর্ত। জবির সঙ্গে লুকা।

ছেলেরা নিজেদের সব কিছু দিয়ে লড়াই করেছে। কিন্তু আমরা শেষ মুহূর্তে পিছিয়ে পড়েছি। নর্থইস্ট ইউনাইটেডকে টানা দ্বিতীয়বার ডুরান্ড কাপ জেতার জন্য ধন্যবাদ। তারা যোগ্য দল হিসেবেই জিতেছে। কিন্তু এটাই শেষ নয়, এটা শুরু। এই মরশুমে আই লিগে খেলা বাংলার একমাত্র ক্লাব ডিএইচএফসি। আমরা পশ্চিমবঙ্গের গর্বকে জাতীয় মঞ্চে তুলে ধরছি এবং আপনাদের ভালবাসা, সমর্থন এবং উৎসাহ ছাড়া আমরা এটা করতে পারব না।

অভিষেক আরও লিখেছেন, আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি, আমরা শিখব, আমরা বেড়ে উঠব এবং আমরা আরও শক্তিশালী হয়ে ফিরে আসব। আরও তীক্ষ্ণ, আরও কঠোর এবং আরও ক্ষুধার্ত হব। প্রতিটি দুর্বলতা শক্তিতে পরিণত হবে। প্রতিটি ব্যর্থতা, বিপর্যয় আমাদের প্রত্যাবর্তনের রসদ হবে। আমাদের খেলোয়াড়দের, কোচ এবং দলের প্রতিটি সদস্যকে ধন্যবাদ। তারা বাংলাকে অবিশ্বাস্য সাফল্যের দৌড় উপহার দিয়েছে। আমাদের ভক্তদের বলব, আপনারাই আমাদের হৃদয়ের স্পন্দন। একসঙ্গেই আমরা ইতিহাস লিখতে থাকব। এটা কেবল শুরু। জয় বাংলা।

এদিকে, সোমবার দুপুরে একসঙ্গে শহরে পৌঁছবেন দুই নতুন বিদেশি ব্রাইট এনোবাখারে এবং সানডে আফোলাবি।

# শিবমের হ্যাটট্রিক, পাঁচ গোল বাগানের

মোহনবাগান ৫ বিএসএস ২



হ্যাটট্রিকের পর শিবম।

**প্রতিবেদন:** কলকাতা লিগে জয়ের সরণিতে ফিরল মোহনবাগান। গত ম্যাচে সুরুচি সংঘের সঙ্গে ড্র করেছিল সবুজ-মেরুনের জুনিয়র ব্রিগেড। রবিবার নৈহাটি স্টেডিয়ামে বেহালা স্পোর্টিংকে ৫-২ গোলে হারাল ডেগি কার্ডোজোর দল। মোহনবাগানের হয়ে হ্যাটট্রিক করে জয়ের নায়ক শিবম মুণ্ডা। বাকি দু'টি গোল করেন অদিত্য অধিকারী ও করণ রাই। এই জয়ের ফলে সুপার সিক্সে খেলার আশা বাঁচিয়ে রাখল মোহনবাগান। ৯ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে গ্রুপ 'এ'-তে আপাতত ছ'নম্বরে ডেগির দল।

একটা সময় চাপে পড়ে গিয়েছিল মোহনবাগান। সেখান থেকে শিবম, লেওয়ান কাস্তানারা জয় নিশ্চিত করেন। শুরু থেকে ম্যাচের রাশ হাতে রেখে ২৯ মিনিটেই শিবমের গোলে এগিয়ে যায় মোহনবাগান। ৪১ মিনিটে ২-০ করে সবুজ-মেরুন। ফের গোল শিবমের। এবার কর্নার থেকে অনবদ্য দক্ষতায় সরাসরি বল জালে জড়ান তিনি। ফুটবলে যা 'অলিম্পিকো' গোল নামে পরিচিত। শিবমের দাপটে দু'গোলে এগিয়ে দ্বিতীয়ার্ধে খেলার শুরুতেই চাপে পড়ে যায় মোহনবাগান। পাল্টা লড়াইয়ে মিনিট খানেকের ব্যবধানে জোড়া গোল করে ম্যাচে সমতা ফেরায় বেহালা স্পোর্টিং। ৪৯ মিনিটে গোল রোমিন গোলদারের এবং ৫০ মিনিটে ২-২ করেন তুহিন পোরে। তবে ৫৪ মিনিটেই শিবমের হ্যাটট্রিকে জয়ের রাস্তা খুলে ফেলে মোহনবাগান।

৩-২ এগিয়ে যেতেই ডেগির দলের আক্রমণে ঝাঁজ আরও বাড়ে। ৬৩ মিনিটে আদিত্যর গোলে ৪-২ এগিয়ে যায় মোহনবাগান। খেলার শেষ লগ্নে করণ দলের হয়ে পঞ্চম গোল করে বিএসএস-এর কফিনে শেষ পেরেক গেঁথে দেন।

# সিন্ধুর পরীক্ষা

**প্যারিস, ২৪ অগাস্ট :** সোমবার থেকে শুরু হচ্ছে ব্যাডমিন্টন বিশ্ব চ্যাম্পিয়নশিপ। প্রথম দিনেই কোর্টে নামছেন পিভি সিন্ধু। জোড়া অলিম্পিক পদকজয়ী ভারতীয় তারকা সিন্ধু প্রথম রাউন্ডে মুখোমুখি হবেন বুলগেরিয়ার কালোয়ানা নালবানতোভার। রেকর্ড বই বলছে, বিশ্ব চ্যাম্পিয়নশিপে সিন্ধুর সেরা পারফরম্যান্স ২০১৯ সালে সোনা জয়। এছাড়া দু'বার রুপো এবং দু'বার ব্রোঞ্জও জিতেছেন। তবে শেষ পাঁচটি বিশ্ব চ্যাম্পিয়নশিপের আসর থেকে খালি হাতেই ফিরতে হয়েছিল তাঁকে।

# মুম্বই ম্যাচ ড্র

**প্রতিবেদন :** বুচিবাবু টুর্নামেন্টে বাংলা-মুম্বই ম্যাচ ড্র হল। বৃষ্টির জন্য দুটি দল এক ইনিংসের বেশি খেলতে পারেনি। শেষদিনে বাংলার আদিত্য পুরোহিত ও সৌরভ কুমার সিং মিলে ২০৫ রানের পার্টনারশিপ গড়েন। আদিত্য ২১৯ বলে ১২২ রান করেছেন। সৌরভ ২২৮ বলে ৮৬ রান করেন। মুম্বই অধিনায়ক আয়ুষ মাত্রে শর্ট বল ব্যাবহার করেও তাঁদের জুটিকে বিচ্ছিন্ন করতে পারেননি। অধিনায়ক অনুষ্টুপ মজুমদার করেছেন ৬৩ রান। খেলা যখন শেষ হয় তখন বাংলা ৫৯ রানে এগিয়ে ছিল।

## ভারতীয় অ্যাথলেটিক্সে নজির

# বিশ্ব চ্যাম্পিয়নশিপে ছাড়পত্র অনিমেষের



**চেন্নাই, ২৪ অগাস্ট :** নজির গড়লেন অনিমেষ কুজুর। ভারতের প্রথম পুরুষ স্প্রিন্টার হিসাবে বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের যোগ্যতা অর্জন করলেন ২২ বছর বয়সী ছত্তিশগড়ের অ্যাথলিট। চেন্নাইয়ে আয়োজিত আন্তঃরাজ্য অ্যাথলেটিক্স মিটে ২০.৬৩ সেকেন্ডে ২০০ মিটার দৌড় শেষ করে সোনা জেতার পাশাপাশি এই যোগ্যতা অর্জন করেছেন অনিমেষ।

এই মুহূর্তে অনিমেষই ভারতের দ্রুততম পুরুষ। কয়েক মাস আগেই গ্রিসে আয়োজিত একটি আন্তর্জাতিক মিটে ১০.১৮ সেকেন্ডে ১০০ মিটার দৌড়ে জাতীয় রেকর্ড গড়েছিলেন তিনি। আগামী সেপ্টেম্বরে জাপানের টোকিওতে বসবে বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের আসর। এই টুর্নামেন্টে বিশ্বের সেরা স্প্রিন্টারদের দৌড়বেন অনিমেষও।

এই প্রসঙ্গে অনিমেষের কোচ মার্টিন ওয়েন্সের বক্তব্য, অনিমেষ এই বছর দারুণ পারফরম্যান্স করে চলেছে। ওর উন্নতিতে আমি খুশি। মরশুমের শুরুতেই যে ও ১০০ মিটারে জাতীয় রেকর্ড গড়বে, সেটা আশা করিনি। এবার বিশ্ব অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের যোগ্যতা অর্জন করেছে। তবে বিশ্ব পর্যায়ে পদক জিততে গেলে আরও অনেক উন্নতি করতে হবে। তাই এবারের টুর্নামেন্ট অনিমেষের কাছে অভিজ্ঞতা অর্জনের মঞ্চ। বিশ্ব সেরাদের কাছ থেকে দেখে অনেক কিছু শিখতে পারবে।

# এএফসি-তে আজ নামছে ইস্টবেঙ্গল

**প্রতিবেদন :** সোমবার কম্বোডিয়ায় ফোনোম পেন ক্রাউন এফসি-র বিরুদ্ধে মেয়েদের এএফসি চ্যাম্পিয়ন্স লিগে অভিযান শুরু করছে ইস্টবেঙ্গল। এএফসি-তে লাল-হলুদের মেয়েদের অভিষেক হতে চলেছে। গত মরশুমে মেয়েদের আইডব্লুএল জিতে প্রথমবার এএফসি-তে নামছে লাল-হলুদের মেয়েরা। দলের গোলকিপার পানথোই চানু বলছেন, আমাদের জন্য দারুণ একটি মঞ্চ। আমরা মুখিয়ে রয়েছি সুযোগটা দু'হাতে কাজে লাগানোর জন্য। আশা করি, আমরা জিতেই শুরু করতে পারব। ইস্টবেঙ্গল কোচ অ্যান্থনি অ্যান্ড্রুজ বলেন, এই নিয়ে ১৮ বার এএফসি প্রতিযোগিতায় অংশ নিচ্ছে ক্লাব। মেয়েরা প্রথম খেলতে নামছে। দু'মাসের প্রি-সিজন সেরে আমরা কম্বোডিয়ায় খেলতে এসেছি। কল্যাণীর শিবির আমাদের খুব ভাল হয়েছে। সেরা প্রস্তুতিই নিয়েছি। এখানে কম্বোডিয়ার পরিবেশের সঙ্গে মানিয়ে নিয়েছি। আশা করি, ভাল ফলই করব।

# আইএসএল জট খুলতে সভা আজ

**প্রতিবেদন:** আলোচনার মাধ্যমে আইএসএল নিয়ে সমাধান খুঁজতে এআইএফএফ এবং এফএসডিএল-কে নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। সর্বোচ্চ আদালতের নির্দেশের ৭২ ঘণ্টা পর বৈঠকে বসতে চলেছে দুই পক্ষ। সোমবার দুপুরে বেঙ্গালুরুতে হবে এফএসডিএল এবং ফেডারেশনের মধ্যে বৈঠক।

আলোচনায় ক্লাব জোটের কোনও প্রতিনিধি থাকছে না। দিল্লি থেকে ফোনে ফেডারেশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল এম সত্যনারায়ণ বললেন, আমরা ক্লাবের সঙ্গে কোনও কথা বলব না। আলোচনা হবে শুধু এফএসডিএলের সঙ্গে। মাস্টার রাইটস এগ্রিমেন্টের (এমআরএ) বিষয়টি নিয়ে আলোচনা শুধু তাদের সঙ্গেই হবে। আমরা সোমবার দুপুরে বেঙ্গালুরুতে বৈঠক করব। যাবতীয় সমস্যা মিটলে তখন এফএসডিএল আলোচনা করবে ক্লাবগুলোর সঙ্গে।

বৃহস্পতিবার ২৮ অগাস্ট সুপ্রিম কোর্টে পরবর্তী শুনানি রয়েছে। এদিনের আলোচনায় একটা সিদ্ধান্তে আসা জরুরি। ফেডারেশন এবং এফএসডিএল-কে বৃহস্পতিবার সর্বোচ্চ আদালতের কাছে জানাতে হবে, আইএসএল নিয়ে জটিলতা কাটাতে তাঁরা সমাধানের পথে এগোতে পারল কি না! প্রসঙ্গত, ফেডারেশনের সঙ্গে এফএসডিএলের ১৫ বছরের মাস্টার রাইটস এগ্রিমেন্ট (এমআরএ) শেষ হচ্ছে ৮ ডিসেম্বর। চুক্তি নবীকরণের কাজটা আপাতত অস্থায়ীভাবেই করতে হবে। কারণ, নির্বাচনের মাধ্যমে ফেডারেশনের নতুন কমিটি এলেই পাকাপাকিভাবে এমআরএ চুক্তির নবীকরণ সম্ভব।

মাঠে ময়দানে
25 August, 2025 • Monday • Page 16 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

পথ দুর্ঘটনায় মৃত্যু হল জম্মু-কাশ্মীরের ক্রিকেটার ফারিদ হুসেনের। স্কুটারে যাওয়ার সময় এই ঘটনা ঘটেছে



# প্রিটোরিয়া ক্যাপিটালসের কোচ সৌরভ

**প্রিটোরিয়া, ২৪ অগাস্ট :** সৌরভ গঙ্গোপাধ্যায়ের মুকুটে যুক্ত হল আরও একটি পালক। দক্ষিণ আফ্রিকা টি-২০ লিগে তিনি প্রিটোরিয়া ক্যাপিটালসের হেড কোচ হয়েছেন। প্রিটোরিয়া ক্যাপিটালসের পক্ষ থেকে সমাজমাধ্যমে লেখা হয়েছে, রাজকীয় প্রেজেন্স নিয়ে ক্যাপিটালস ক্যাম্পে যোগ দিচ্ছেন প্রিন্স। আমরা আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে সৌরভ গঙ্গোপাধ্যায় আমাদের নতুন হেড কোচ হয়েছেন। আমরা তাঁর অপেক্ষায় আছি।

এই প্রথম ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে কোচ হলেন সৌরভ। এর আগে ২০১৮-১৯-এ তিনি দিল্লি ক্যাপিটালসের টিম ডিরেক্টর ছিলেন। পরে বোর্ড প্রেসিডেন্ট হওয়ায় দায়িত্ব ছেড়ে দেন। সৌরভ গত বছর জেএসডব্লুর ডিরেক্টর অফ ক্রিকেট হয়েছিলেন। এতেই অনুমান করা গিয়েছিল যে তিনি কোচিংয়ে আসছেন। কারণ, এদেরই অধীনে দিল্লি ক্যাপিটালস। ৯ সেপ্টেম্বর দক্ষিণ আফ্রিকা টি-২০ লিগের নিলাম হবে। তাতেও প্রাক্তন বাঁ হাতির বড় ভূমিকা থাকবে বলে মনে করা হচ্ছে।

এক বছর দায়িত্বে থাকার পরই জোনাথন ট্রট দায়িত্ব ছেড়ে দেওয়ার পর কোচের দরকার হয়ে পড়েছিল প্রিটোরিয়া ক্যাপিটালসের। গতবার দশটি ম্যাচের মধ্যে মাত্র দুটিতে জিতে পরের ধাপে পা রাখতে ব্যর্থ হয়েছিল ট্রটের দায়িত্বে থাকা দল। ট্রট এখন আফগানিস্তানের হেড কোচ। ভারতে ২০২৬ টি-২০ বিশ্বকাপেও হয়তো তাঁকে রশিদ খানদের দায়িত্বে দেখা যাবে।

সৌরভ এর আগে ভারতের কোচ হওয়া নিয়ে বলেছিলেন, আমি এসব নিয়ে ভাবিনি। কারণ অনেক কাজের সঙ্গে জড়িয়ে আছি। ২০১৩-তে খেলা ছেড়ে দেওয়ার পর ক্রিকেট প্রশাসনে এসেছি। দেখি ভবিষ্যতে কী হয়। কোচ হওয়ার জন্য আমার বয়স পড়ে আছে। দেখি কী হয়। সৌরভ অবশ্য ২০১৯-এ সিএবির প্রেসিডেন্ট হয়েছিলেন। সেপ্টেম্বরে আবার তিনি সিএবির দায়িত্বে আসতে পারেন বলে খবর।



## সরছে স্পনসর

**মুম্বই, ২৪ অগাস্ট :** এশিয়া কাপের আগে কেন্দ্রীয় সরকারের নতুন আইনের ফাঁসে টিম ইন্ডিয়ার প্রধান স্পনসর ড্রিম ইলেভেন। সংসদের বাদল অধিবেশনে পাশ হয়েছে দ্য প্রোমোশন অ্যান্ড রেগুলেশন অফ অনলাইন গেমিং বিল। ফলে অর্থের বিনিময়ে খেলার সব ধরনের অনলাইন গেম বন্ধ করে দেওয়া হচ্ছে। এই প্রেক্ষিতে তাদের পক্ষে আর ভারতীয় ক্রিকেট দলের স্পনসর থাকা সম্ভব নয় বলে বোর্ডকে জানিয়েছে ওই সংস্থা। ২০২৩ সালে টিম ইন্ডিয়ার টাইটেল স্পনসর হিসাবে বিসিসিআইয়ের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছিল ড্রিম ইলেভেন।

# বিদায় ক্রিকেট, অবসর পূজারার



**নয়াদিল্লি, ২৪ অগাস্ট :** সব ধরনের ক্রিকেট থেকে অবসর চেতেশ্বর পূজারার। রবিবার সকালেই সোশ্যাল মিডিয়াতে এই ঘোষণা করেছেন ভারতের হয়ে ১০৩টি টেস্ট এবং ৫টি একদিনের ম্যাচ খেলা সৌরাষ্ট্রের ব্যাটার।

নিজের বিদায়ী বার্তায় পূজারা লিখেছেন, ভারতের জার্সি গায়ে চাপানো, জাতীয় সঙ্গীত গাওয়া, মাঠে নেমে নিজের সেরাটা উজাড় করে দেওয়ার অনুভূতি ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। তবে সব ভাল জিনিসই একটা সময় শেষ হয়। আমি সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিচ্ছি। আমি সবার কাছেই কৃতজ্ঞ। ভালবাসা ও সম্মানের জন্য সবাইকে ধন্যবাদ।

ভারতীয় টেস্ট দলে তিন নম্বরে রাহুল দ্রাবিড়ের যোগ্য উত্তরসূরি ছিলেন পূজারা। ৩৬ বছর বয়সি ডানহাতি ব্যাটার একটা সময় লাল বলের ক্রিকেটে ছিলেন জাতীয় দলের নিয়মিত সদস্য। তবে ২০২৩ সালের জুন মাসে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওভালে টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালই দেশের হয়ে পূজারার শেষ টেস্ট ম্যাচ। বাদ পড়ার পর, গত আড়াই বছরে জাতীয় দলে ফেরার সব ধরনের চেষ্টা করেও ব্যর্থ হয়েছেন। এই সময় ঘরোয়া ক্রিকেট এবং কাউন্টিতে রান করলেও, টেস্ট দলের দরজা বন্ধই থেকেছে।

সদ্যসমাপ্ত ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজে ভাষ্যকারের ভূমিকায় দেখা গিয়েছিল পূজারাকে। তখনই সম্ভবত ক্রিকেটকে বিদায় জানানোর সিদ্ধান্ত নিয়ে ফেলেছিলেন তিনি। এরপর দলীপ ট্রফির জন্য ঘোষিত পশ্চিমাঞ্চল দলেও সুযোগ পাননি। সব মিলিয়ে পূজারার অবসর ছিল সময়ের অপেক্ষা।

অস্ট্রেলিয়ার মাটিতে ভারতের পরপর দু'টি টেস্ট সিরিজ জয়ে গুরুত্বপূর্ণ অবদান ছিল পূজারার। ২০১৮-১৯ সিরিজে তো তিনটে সেঞ্চুরি-সহ মোট ৫২১ রান করেছিলেন তিনি। সিরিজের সেরা ক্রিকেটারের পুরস্কারও পেয়েছিলেন। সব মিলিয়ে ৪৩.৬০ গড়ে টেস্টে পূজারার মোট রান ৭,১৯৫। সেঞ্চুরি ১৯টি, হাফ সেঞ্চুরি ৩৫টি। পাঁচটি একদিনের ম্যাচে পূজারার মোট রান ৫১। প্রথম শ্রেণির ক্রিকেটে ২৭৮ ম্যাচে ৬৬টি সেঞ্চুরি ও ৮১টি হাফ সেঞ্চুরি হাঁকিয়েছেন। ৫১.৮২ গড়ে মোট রান করেছেন ২১,৩০১।

# ভারত-পাক ম্যাচে সূর্যরাই ফেভারিট

**নয়াদিল্লি, ২৪ অগাস্ট :** আসন্ন এশিয়া কাপে একই গ্রুপে পড়েছে ভারত ও পাকিস্তান। আগামী ১৪ সেপ্টেম্বর মুখোমুখি হবে দুই প্রতিবেশী দেশ। আর এই দ্বৈরথে সূর্যকুমার যাদবের নেতৃত্বাধীন টিম ইন্ডিয়াকেই ফেভারিট হিসাবে চিহ্নিত করছেন ওয়াসিম আক্রম।

**বলছেন আক্রম**



এক সাক্ষাৎকারে প্রাক্তন পাক অধিনায়ক বলেছেন, এই ম্যাচটার দিকে গোটা ক্রিকেট দুনিয়া তাকিয়ে থাকে। প্রবল উত্তেজনাও তৈরি হয় এই ম্যাচকে ঘিরে। আশা করি, দু'দেশের খেলোয়াড় এবং সমর্থকরা ঠান্ডা মাথায় ম্যাচ উপভোগ করবেন। উত্তেজনার বশে কোনও অপ্রীতিকর ঘটনা ঘটবে না। আক্রম আরও বলেছেন, সাম্প্রতিক ফর্মের বিচারে ভারতই এগিয়ে। ওরাই এই ম্যাচে ফেভারিট। কিন্তু যে দল স্নায়ুর চাপ সামলাতে পারবে, তারাই ম্যাচ জিতবে।

এদিকে, ভারতীয় ক্রীড়ামন্ত্রক সম্প্রতি জানিয়ে দিয়েছে, পাকিস্তানের বিরুদ্ধে কোনও দ্বিপাক্ষিক সিরিজ খেলবে না ভারত। তবে আন্তর্জাতিক টুর্নামেন্টে পাকিস্তানের বিরুদ্ধে খেলতে কোনও সমস্যা নেই। এই প্রসঙ্গে এবার মুখ খুলেছেন পাকিস্তান ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান মহসিন নকভি। তিনি জানিয়েছেন, একটা কথা স্পষ্ট করে দিতে চাই, এরপর যা আলোচনা হবে, তা দু'পক্ষের ইচ্ছাতেই হবে। আমরা আর ভিক্ষা চাইব না। সেই সময় চলে গিয়েছে। এখন থেকে যা হবে, সমানে সমানে হবে।

# ঝড়েও অবিচল থেকেছে : গম্ভীর

## কুর্নিশ শচীন, শাস্ত্রী, গাভাসকরদের


**নয়াদিল্লি, ২৪ অগাস্ট :** চেতেশ্বর পূজারার অবসরের খবরে আবেগে ভাসল ক্রিকেট মহল। টিম ইন্ডিয়ার কোচ গৌতম গম্ভীর সোশ্যাল মিডিয়াতে লিখেছেন, বাইরে যখন ঝড় বইছে, তখনও অবিচল থেকেছে। সব আশা যখন শেষ, তখনও লড়ে গিয়েছে। তোমাকে অনেক অভিনন্দন পুজি।

পূজারাকে বিদায়ী বার্তা দিয়েছেন কিংবদন্তি সুনীল গাভাসকরও। সানি বলেছেন, ওল্ড স্কুল ক্রিকেটারদের অন্যতম। ওর কাছে সবার আগে ছিল দেশ। ভারতের হয়ে খেলার সময় শরীরে অসংখ্য আঘাত হজম করেছে। কিন্তু একটা পাও পিছিয়ে যায়নি। ওকে কুর্নিশ। আশা করি, ভারতীয় ক্রিকেট পূজারার অভিজ্ঞতাকে কাজে লাগাবে। মাস্টার-ব্লাস্টার শচীন তেন্ডুলকর লিখেছেন, তিন নম্বরে তোমাকে ব্যাট করতে নামতে দেখলে স্বস্তিবোধ করতাম। টেস্ট ক্রিকেটের প্রতি তোমার ভালবাসা ছিল অসাধারণ। চাপের মুখে তোমার দৃঢ়চেতা মানসিকতা, ধৈর্য ও সংযম ছিল দলের স্তম্ভ। অসাধারণ কেরিয়ারের জন্য অভিনন্দন। পরবর্তী জীবনের জন্য আগাম শুভেচ্ছা রইল তোমার জন্য।

মুখ খুলেছেন ঋষভ পন্থও। ২০২০-২১ অস্ট্রেলিয়া সিরিজে পূজারার সঙ্গে নিজের ম্যাচ জেতানো পার্টনারশিপের স্মৃতি টেনে এনে পন্থ লিখেছেন, সিডনি থেকে গাব্বা, আমার ক্রিকেট জীবনের সেরা স্মৃতিগুলোর অন্যতম তোমার সঙ্গে ব্যাটিং। তোমার সঙ্গে জুটি বেঁধে ব্যাট করা এবং ভারতীয় ক্রিকেটে তোমার অবদানকে চিরদিন মনে রাখব। পূজারার প্রাক্তন সতীর্থ অজিঙ্ক রাহানে লিখেছেন, অসাধারণ একটা ক্রিকেট কেরিয়ারের জন্য অভিনন্দন পুজি। তোমার সঙ্গে খেলার প্রতিটি মুহূর্ত দারুণ উপভোগ করেছি। ভবিষ্যতের জন্য শুভকামনা জানিয়ে বিসিসিআই লিখেছে, চেতেশ্বর পূজারার কেরিয়ার অধ্যবসায় ও নিঃস্বার্থতার উদাহরণ। টেস্ট ক্রিকেট ও পূজারা সমার্থক। একইভাবে তাঁর কোচিংয়ে দীর্ঘদিন ধরে ভারতীয় দলে খেলা পূজারার প্রশংসা করেছেন রবি শাস্ত্রীও।



## নজির গড়ে অস্ট্রেলিয়ার জয়



**ম্যাকে, ২৪ অগাস্ট :** প্রথম দু'টি ম্যাচ হারের সুবাদে সিরিজ আগেই হাতছাড়া হয়েছিল। তবে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তৃতীয় একদিনের ম্যাচ ২৭৬ রানে জিতল অস্ট্রেলিয়া। যা একদিনের ক্রিকেটে দক্ষিণ আফ্রিকার সবথেকে বড় হারের রেকর্ড। প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ২ উইকেটে ৪৩১ রান তুলেছিল অস্ট্রেলিয়া। ট্রাভিস হেড (১০৩ বলে ১৪২), মিচেল মার্শ (১০৬ বলে ১০০) এবং ক্যামেরন গ্রিন (৫৫ বলে অপরাজিত ১১৮) সেঞ্চুরি করেন। ৩৭ বলে অপরাজিত ৫০ রান অ্যালেক্স ক্যারির। মাত্র ৪৭ বলে সেঞ্চুরি করেছেন গ্রিন। যা একদিনের ক্রিকেটে অস্ট্রেলীয় ব্যাটারদের দ্বিতীয় দ্রুততম সেঞ্চুরি। জবাবে ২৪.৫ ওভারে মাত্র ১৫৫ রানেই গুটিয়ে যায় দক্ষিণ আফ্রিকা। ২২ রানে ৫ উইকেট নিয়েছেন অস্ট্রেলিয়ার কুপার কনোলি।